College Form No. 4

This book was taken from the Library on the date last stam; ed. It is returnable within 14 days

20.9.66 2.9169 22.11.57 294.52 9.12.5 20.5.77 15.9.58. 5 1291 18.2.58 20.4.2177 31158 B J 57 15761. 31 26 20.9-61 4.50----27.10.65

TGPA-23-5-55-10,000

নরেন্দ্রনাথ মিত্র



মিত্র্ ও হোষ ১০, শ্যামাচরণ দে খ্রীট, কলিকাতা

ছু টাকা বার আনা

কলিকাতা ওরিরেন্টাল প্রেস লি:, », পঞ্চানন ঘোষ লেন কলিকাতা ছইতে এবোপেশচন্দ্র দরখেল কর্তৃক মুদ্রিত এবং মিত্র ও ঘোষ, ১০ শ্বামাচরণ দে ব্রীট্, কলিকাতা হইতে এইমধনাথ ঘোষ কর্তৃক প্রকাশিত। শ্রীযুক্ত ব্রঞ্জেন্সনাথ মিত্র শ্রীচরণকমলেযু এই দেখকেরই অসমতল হল্দে বাড়ী দ্বীপপুঞ্জ

উভেটারথ

বেলা ন'টা বাজতে না বাজতেই থেতে এল প্রিয়লাল। স্বর্ণ তথনো বঁ'টিতে মাছ কুটছে। প্রিয়লাল বলল, 'কতদ্ব হোল স্বর্ণ ?'

স্থৰণ বিরক্ত হয়ে ঋবাব দিল, 'এই তো কেবল ন'টা বাজল। আর বাজার ক'রে দিয়ে গেলেন তো মাত্র মিনিট পনের আগে। কতদুর হোল দেখতে পাচ্ছেন না ?'

বাঁজ আছে স্থবর্ণের গলায়।

স্বর্ণের মা নিভাননী ব'সে ব'সে শাক বাছছিলেন। মেয়েকে ধমক দিয়ে বললেন, আহাহা, কথার ছিরি দেখ মেয়ের। একেবারে ঘট। মিনিট হিসাব করে দিছে। যেন ঘড়ি একটা ওর বাঁধা আছে হাতে। তাড়াতাড়ি আয় হাত চালিয়ে। য়াও বাবা তৃমি গিয়ে ব'সো। বেশি দেরি লাগবে না।'

ঘরের মধ্যে হাত পাঁচ ছয়েক মাত্র জারগা। তার প্রায় কারো আনিই প্রিরলালের তক্তপোরথানা জুড়ে রয়েছে। কিন্তু তক্তপোরে গিয়ে আজ আর বদল না প্রিয়লাল। দেয়ালে ঝুলানো খান-কতক পুরোন শাড়ি একেবারে ছিঁড়ে যাওয়া একটা পাটিকে টুকরো টুকরো ক'রে ক্বর্ণ আসন বানিয়েছে। প্রভােকটা আসনের ঠিক এক জারগায় মোচড়ানো আর প্রায় গোটা তিন চারি ক'রে ফ্টো আছেই। পুরোন শাড়ির রঙীণ পাড় ছিঁড়ে ক্বর্ণ সমত্বে মৃড়ে দিয়েছে। তারই একথানা আসন পেড়ে নিম্নে খরের মেয়েছে উঠানের দিকে মৃথ করে প্রিয়লাল ব'লে পড়ল। এখান

উল্টোৱন্থ

থেকে সম্পূর্ণ দেখা যায় স্বর্ণকে। কিন্তু শুধু দেখলেই তোমন ভ'রে না, দেখা দিতেও সাধ যায়।

খানিককণ চূপ ক'রে থেকে থেকে প্রিয়লাল আবার তাড়া দেয়, 'মাছের আমার দরকার নেই। যা হয়েছে ভাই দিয়েই দাও আমাকে।'

স্থৰৰ্ণ আবার বিরক্ত হয়ে ওঠে, 'দব সময় আমন যদি ঘোড়ায় চড়ে থাকেন আমার হারা হবে না আমি স্পট্ট বলে দিছিল।'

নিভাননী এবারও ধমক দেন, 'কথার ছিরি দেখ। ভোর জক্ত বাছা কি শেষে আফিদ কামাই করবে না কি ?'

স্থৰ্ণ বলে, 'অত যদি দরদ, নিজে এসে রেঁধে বেড়ে দিলেই পারো, আমার ছারা হবে না।'

নিভাননী বলেন, 'না তাহবে কিসের। রাজনিদ্দিনীর দেমাকে আর পাপডে নামাটিতে।'

প্রিয়লাল বিব্রত বোধ করে। ঝগড়া করলে স্বর্ণকে খুব খারাপ দেখায়। গলা মোটেই মিষ্টি শোনায় না। প্রিয়লাল চায় কেবল কথা বলতে। ঝগড়া ক'রতে তো চায় না, অথচ স্বর্ণ তা বোঝে না, কিংবা বুঝেও না বোঝার ভাণ করে।

স্বর্ণ মাছ কোটা শেষ করে চৌবাচ্চা থেকে বালতি ভরে জল তুলে মাছ ধোয়। তারপর বারগুার তোলা উনান থেকে কড়া নামিয়ে কাঁধা উচ্ পিতলের পাত্রটায় ডাল সন্তার দিয়ে রেখে মাছ চড়িয়ে দেয়। প্রিয়লাল বসেই থাকে।

মাছের ঝোলটা যখন প্রায় ঘন হয়ে ওঠে তখন এসে ঘয়ে ঢোকে স্বর্ণ। মাটির কলস থেকে জ্বল গড়িয়ে দেয় গেলাসে।

উন্টোরথ

ভারপর ঢোকে গিয়ে ভক্তপোষের ভলায়। রাঁধাবাড়া হয় বারাগুভেই, কিছু দেখানে কিছু রাখবার জো নেই। জল হলে বৃষ্টির হাঁট আসে, খরার দিনে রোদের ভাপে ভাত ভরকারী শুকিরে ওঠে। রেঁধে বেড়ে সব একে একে ভাই এই ভক্তপোষের ভলাভেই রাবে হ্বর্থ। বিধবা নিভাননী প্রথমে খ্ব থ্ঁং খুঁং করভেন, এখন আর কিছু বলেন না।

ভাতে হাত দিয়ে প্রিয়লাল বলে, 'মাছের ঝোল মা থাইয়ে বুঝি আর ছাড়বে না? ভেজে দিলেই হোত একধানা। এদিকে যে লেট হয়ে গেলাম।'

স্বর্ণ বলে, 'লেট না ঘোড়ার ভিম হলেন। আর অভ ভয়ই বা কিসের ? একদিন লেট হ'লে কি ফাসি হবে, না চাকরি যাবে ?'

প্রিয়লাল ফিস ফিস ক'রে বলে, 'অমন যদি বরাভয় দাও তাহ'লে রোজ লেট হই। ফাঁসি গেলেও জ্রক্ষেপ করি না, চাক্ররি গেলেও না।'

স্বর্ণের ম্থখানা প্রথমটা লাল হয়ে ওঠে, ভারপর আবার পাংশু ফ্যাকালে হয়ে যায়। বলে, 'ছি: অমন বাজে রসিকতা ক'রতে আসবেন না আমার সকে। ও সব ভালোবাসি না আমি।'

স্বর্ণ গন্তীর মুখে ভালের বাটী এগিয়ে দেয়, মাছের ঝোল ঢেলে দেয় পাতে। তারপর হাঁড়ি থেকে হাভায় ক'রে কের ভাত দিতে গিয়ে হঠাৎ তক্তপোষে মাথা ঠুকে যায়। মড়া কাঠের আচমকা গুতো। লেগেছেও বেশি। বেদনায় বিরক্তিতে মুখখানা কালো হয়ে উঠছিল। প্রিয়লাল হঠাৎ বাস্ত হয়ে বলল, 'গেছে গেছে ভো আমার ভক্তপোষধানা ?'

স্বৰ্ণ আর হাসি চাপতে পারল না। খিল খিল করে উঠল হেসে। আর একবার হাসি বদি আরম্ভ হয় সহস্কে তা থামতে চায় না। হাসতে হাসতে স্বৰ্ণ লুটোপুটি খাচ্ছে, ভারি চমৎকার লাগে দেখতে।

স্বর্ণ হাসতে হাসতে বলে, 'বাপরে বাপ, মামুষকে এমনও হাসাতে পারেন আপনি। ভাঙা তক্তপোষের জন্ত মাঘাই আপনার বেশি হোল, 'আমার যে মাথা ফেটে গেল তাতে কোন হঃখ নেই !''

এদিক ওদিক তাকিয়ে প্রিয়লাল ফিস ফিস ক'রে বলে, 'ত্:খ
ভাবার নেই ! ঠোকর লেগেছে তোমার মাথায়, কিছ হাদয় আমার
ফেটে ফেটে চৌচির হয়ে গেল। একথা কি বলবার জো আছে।
বললেই তো তুমি এসে মুখ চেপে ধরবে।'

স্বর্গ এসে মৃথ চেপে ধরল না, মৃথ কালো করে ধমক দিয়ে উঠল, 'ছি, ছি, ফের আবার আপনি এসব আরম্ভ ক'রেছেন প্রিয়লাল দা? দাদার বন্ধু না আপনি, আপনার না বাড়িতে বউ আছে ছেলেমেয়ে আছে তিনটি? মাসে মাসে টাকা দিয়ে থাচ্ছেন বলে কি আমার সঙ্গে এই সব নোংবা বসিকতা করবার অধিকারও আপনার জন্ম গেছে?'

স্বর্ণ ছোট নয়। এই তেইশ বছর বয়সে সংসাবে তেয়ান্তর বছরের অভিচ্কতা তার হয়েছে। মাসুষকে চিনতে তার আর বাকি নেই। 'আ তু' বললে তারা ঘাড়ের ওপর চড়ে বসে। ফেরার সময় ঘাড়ে ক'রে তারা নিয়ে যায় না, উল্টো কলকের বোঝা চাপিয়ে দিয়ে যায়।

श्चियनान गञ्जीत मृत्य त्यत्क नागन।

নিভাননী এসে বসলেন কাছে 'ওমা, ব'সে ব'সে তুই কি দেখছিস স্থিব, প্রিয়র পাতে ভাত নেই যে!'

श्रिमान वनन, 'ভाত **चात्र नागरव ना मा**नीमा अहे माख निरम्भ ।'

উন্টোরথ

নিভাননী বললেন, 'কথা শোন ছেলের। এই নিলেই খেন আর নেওয়া যায় না। ভাতে কম পড়বে ভেবেছ না কি ? কি দিনই গেছে ওবার। হিসাব ক'রে গুনে গুনে মাছ্য ভাতের দানা মুখে দিত। পাছে এ বেলা এক মুঠো বেশি খেলে ও বেলা উপোষ থাকতে হয়। দে হ্যবি ভাত দে প্রিয়কে। আর মাছের তরকারী দে আর একট়। ওর কথা শুনিসনে তুই।'

স্বৰ্ণ ভাত দিতে যাচ্ছিল প্ৰিয়লাল প্ৰায় ধমক দিয়ে উঠল, 'ঠাট্টা পেয়েছ না কি? সব কিন্তু শেষে প'ড়ে থাকৰে পাতে।'

ধমকের বহরে নিভাননীও যেন বেশ একটু **ঘাবড়ে গেলেন,** তারপর সামলে নিয়ে হেসে বললেন, 'ভারী তো ভয় দেখাছ বাবা, পাতে কিছু থাকলে তা ব্ঝি নই হবে, খাওয়ার লোক ব্ঝি আর কেউ নেই এখানে ?'

প্রিয়লাল চেমে দেখল মৃথখানা হ্বর্ণের লাল হয়ে উঠেছে। কিন্তু ভাত আর হ্বর্ণ দিল না। প্রিয়লাল মনে মনে ভাবল, কেন ভাত দিল না হ্বর্ণ। মায়ের সামনে ধমক দেওয়ায় সে কি অপমানিত বোধ ক'রছে, না পাছে সভিটেই প্রিয়লাল পাতে ভাত রেখে য়ায় সেই ভয়ে পাতে ভাত রেখে য়ায় সেই ভয়ে পাতে ভাত রেখে য়ায় সেই বা লক্জায় না ঘুণায় ?

খাওয়া হয়ে গেলে আঁচিয়ে এল প্রিয়লাল। পানের খিলিটা অন্যান্ত দিনের মত আজ আর হাতে দিল না স্বর্ণ, একটা বাটীতে করে রেখে দিল ভক্তপোষের ওপর।

প্রিয়লাল পান না নিয়েই বেরিয়ে যাচ্ছিল, স্থবর্ণ বলল, 'পান নিলেন না আপনি '

উন্টোরথ

প্রিয়লাল বলল, 'না ওটা তক্তপোষেই থাক। আমাকে ছুঁলেই ভাত যায় আমার তক্তপোষে তো আর যায় না।'

তেলে বেগুনে জলে উঠল স্থবর্ণ, 'ছি ছি ছি, কি ছোটলোক আপনি। এতথানি নোংরা মন নিয়ে যাতায়াত করেন আপনি। যান, এখনই নিয়ে যান আপনার তক্তপোষ। আর এক মৃহুর্ত্তও যেন আমার ঘরে ওটা না থাকে। নিয়ে যান বের করে।'

নিভাননী নিজের রালার জোগাড় করছিলেন। টেচামেচি শুনে ভাড়াভাড়ি ছুটে এলেন, 'কি, হয়েছে কি ভোর স্থবি। অমন ক'রে টেচাচ্ছিস কেন? ভাকাত পড়েছে নাকি বাড়িতে?'

কিন্তু তিনি আসার সঙ্গে সংক সব থেমে গেছে। আর কারো মুখে কোন কথা নেই। গভীর মুখে সন্দিগ্ধ চোখে দরভার দিকে তিনি একবার তাকালেন। তারপর বললেন, 'মুখণ্ডছি টুছি কিছু পেয়েছ প্রিয়লাল ?'

'হাা।' বলেই প্রিয়লাল পাশ কাটিয়ে বেরিয়ে গেল, মৃথ তারও ধুমর্থম করতে।

তক্তপোষধানা প্রিয়লালেরই। যুদ্ধের আগে আড়াই টাকায় কিনেছিল। এখন ওটার দাম চৌদ্দ টাকা। যতবার বাসা কিংবা মেস বদলেছে ততবারই এখানা সলে সলে নিয়ে ফিরেছে। কুলি আর রিক্ষা ভাড়ায় দামের চতুগুল খরচ হয়েছে। তবু বিক্রী করেনি কিন্তু এবার নিমতলা অঞ্চলের যে কাঠগোলার দোতালায় সীট নিয়েছে প্রিয়লাল, সেখানে এই তক্তপোষ ধরল না। এক ঘরে থাকতে হয় সাতজনকে তার ওপর আবার তক্তপোষ। পেতে তো শোয়ার জোই নেই, থাড়া ক'রে যে কোথাও রাখবে এমনও আয়গা নেই

উণ্টোরথ

একটু। বিক্রি করবার জন্ম খদের ভাকছে হঠাং মনে পড়ে গেল স্বর্গদের কথা। কিছুকাল ধরে ওদের ওখানে প্রিয়লাল খোরাকী খরচ দিয়ে খাচ্ছিল। পাইস হোটেলের চেয়ে ব্যবস্থাটা অনেক ভালো। খরচ প্রায় সমান সমান পড়লেও ভালের মধ্যে ফেন তো আর ওরা মিশিয়ে দেবে না, টাটকা ব'লে বাসি তরকারীও দিতে পারবে না এনে পাতে, আর শত হলেও মেয়েছেলের রায়া। হাতের গুণে স্বাদটাও তাতে থাকবে।

মায়ে ঝিয়ে শুয়ে থাকত একতলার এই স্থাৎসেতে মেঝেয়। প্রিয়লাল বলল, 'আমার একখানা তক্তপোষ আছে এনে দি।' নিভাননী বলল, 'নে কি বাবা, তুমি কি পেতে শোবে?'

প্রিয়লাল বলল, 'সেজন্ত ভাববেন না, আমার চেয়ে আপনাদের দরকার বেশি।'

আড়ালে পেয়ে স্বর্ণকে জবাব দিল, 'এতে আমার দরকারও
মিটবে।'

স্বৰ্ণ বলল, 'কি অসভা আপনি।'

প্রত্যেকটি পায়ার নিচে ছ্থানা ক'রে ইট দিয়ে দিয়ে বেশ উচু ক'রে প্রিয়লালই ভক্তপোষধানা পেতে দিয়ে গেল। বলল, 'দেখ, তোমাদের একডলা ঘরকে কি রকম দোভলা বানিয়ে ছাড়লুম।'

ভা এক রকম দোভলাই হোল। রেঁধে বেড়ে ভাত তরকারী এনে হুবর্ণ ডক্তপোষের তলায় রাখতে লাগল। সেধান খেকে প্রিয়-লালদের পরিবেশন করে।

প্রথম দিন তক্তপোষের ওপর স্বর্ণের মা নিভাননীই ভয়েছিল। স্বর্ণ ঘুমিয়েছিল মেঝেতে বিছানা পেতে, কিন্তু প্রদিন ভোরে উঠে

উट्टोइथ

নিভাননী গল গল করতে লাগল। ছারপোকার কামড়ে দারারাত ঘুম আদেনি নিভাননীর। সে আর ওর ওপর শোবে না। দূর ক'রে দাও এই তক্তপোষ। যার খাট নিয়ে যাক সে। দরকার নেই এমন ভালো মান্যেমির। তারপর থেকে হুবর্ণ নিজেই উঠল খাটে। রাত্রির প্রথম দিকটার ছারপোকার একটু কামড়ার বটে, কিছু ঘুমিয়ে পড়লে প্রায় কোন অহুবিধা হয় না হুবর্ণের, লক্ষ ছারপোকার কামড়েও ভার মুম ভাঙে না।

এ সৰ ইতিহাস স্থবর্ণের মুখ থেকেই প্রিয়লাল শুনেছে। শুনতে শুনতে এমন অভুত প্রশ্নও একেকবার মনে এসেছে এই যে, ছাড়পোকার কামড়ে স্থবর্ণের কোন কট হয় না, সে কি কেবল তার ঘুম বেশি থাকার জন্মই? সালকারে স্থবর্ণের এই গাঢ় ঘুমের বর্ণনার মধ্যে কি আর কোন অর্থ নেই, আর কোন ব্যঞ্জনা?

প্রিয়লাল বেরিয়ে গেলে হুবর্ণ বলল, 'মিথ্যা কথা কেন বলতে পেলে'মা। কারো পাতের ভাত আমি খাই? দেখেছ আমাকে থেতে কোনদিন? গাছুঁয়ে বল দেখি?'

নিভাননী গন্তীর মৃথে বললেন, 'বললাম বলেই হোল না কি ?'
'হোল না ? ভদ্ৰতা ক'রে আজ হয়তো পাতে কিছু রেথে গেল না'
কিন্তু কাল থেকে দেখকে রোজই হয়তো ভাত তরকারী রেথে যাবে।'

নিভাননী কিছুক্ষণ মেষের দিকে তাকিষে থেকে বললেন, 'তাতে তোর কি হবে পোড়ারমুখী। ওর নিজের খোরাক নিজে নষ্ট করবে, নিজেই মরবে থিদেয় জলে।'

रूवर्ग अबुछ এक हे शामन, 'एछ यन छाटना मासूबहे अटक एकटब

উন্টোর্থ

রেখেছ বুঝি ? নিজের ভাত তরকারী নই করবে তেমন মাস্থই পেয়েছ ওকে ? পেট ভরে নিজে আগে থাবে, তারপর অস্তের থাবার চেয়ে চেয়ে নিয়ে এঁটো ক'রে রেখে যাবে পাতে। ভোমার আর কি, তুমি তো ব'লেই থালাস, তোমার তো আর গিলতে হবে না ভা ?'

নিভাননী তীক্ষণৃষ্টিতে আর একবার মেয়ের দিকে তাকিয়ে কি দেখলেন তারপর কঠিনকঠে বললেন, 'আমি কেন গিলতে যাব, গিলবি তুই। গিলতে পারলেই যথন ধক্ত হয়ে যাস তথন গিলবি।'

স্বর্ণ টেচিয়ে উঠল, 'মা হয়ে তুমি এই কথা বললে আমাকে? বেশ, পারব না আমি, পারব না আর কাউকে রেঁধে খাওয়াতে। ব'লে দিয়ো বিকাল থেকে কেউ যেন এখানে আর না আসে! উপোষ ক'রে থাকব দেও ভালো।'

निভाननी वनत्नन, 'তা शाकरा भावरन आह कथा हिन कि।'

হ্বর্ণ ঝকার দিয়ে উঠল, 'আমি খ্ব পারি। পারি কি না দেখে নিয়ো। কিন্তু তুমি কোনদিন পারবে না মা। আর পারবে না সে কথা ফানো ব'লেই এমন করছ, চোরকে বলছ চুরি করতে, গেরহুকে বলছ জেগে থাকতে।'

নিভাননী তেভে এলেন, 'মেয়ে হয়ে তুই একথা বললি আমাকে ? গলায় দভি দিয়ে মরলেও ভো এ জালা আমার যাবে না স্থবি।'

স্থবৰ্ণ জৰাৰ দিল, 'আর মা হয়ে তুমি যে কথা বলেছ ভাতে বৃঝি গলায় দড়ি দিলেই আমার জালা মিটবে ?'

রাত্রে প্রিয়লাল থেতে এসে দেখল তক্তপোষের উত্তর দিকে যে এক চিত্ত জায়গা আছে দেখানে মাতৃর পেতে স্থবর্ণ পাশ ফিরে ভয়ে রয়েছে। তক্তপোষের তলা থেকে নিভাননী লাগলেন পরিবেশন করতে।

উল্টোব্ৰ

প্রিয়লাল গন্তীর মৃধে বলল, 'আপনি কেন মাসীমা। ওর কি হোল, ও কি এরই মধ্যে আজ ঘ্মিয়ে পড়ল না কি ?'

নিভাননী বললেন, 'হয়তো ঘুমিয়েই পড়েছে বাবা। শরীরটা আজ ওর ভারী থারাপ।'

প্রিয়লাল অভ্ত একটু হেসে ভালের বাটীটা পাতের কাছে টেনে নিভে নিভে বলল, 'শরীর বৃঝি ওর তৃপুরের পর থেকে ধারাপ মাসীমা! রাল্লাবাড়া আপনাকেই সব করতে হয়েছে না!'

নিভাননী অবাক হয়ে বলল, 'কেন বাবা, রাল্লা তো এখনো তুমি খেয়ে দেখনি।'

প্রিয়লাল তেমনি হাসল, 'থেয়ে দেখতে হবে কেন মাসীমা। রঙ দেখেই ব্রতে পারছি। কিন্তু ব্ডো মাছ্য আপনি, এত কট করবার দরকার ছিল কি। এক বেলা না হয় হোটেলেই পেতাম।'

নিভাননী বলল, 'তাই কি আর হয় বাবা। যতক্ষণ পর্যস্ত হাড় কা থানি আছে ততক্ষণ কি আর তোমাদের হোটেলে থেতে বলতে পারি। থেয়ে দেখ, হোটেলের চেয়ে রালা বোধহয় নিতাস্ত খারাপ হয়নি।'

ভোয়াজ ক'রে চলতে হয় প্রিয়লালকে। প্রিয়লাল অনেক জানে আনেক উপকারও ক'রেছে। কিন্তু তার কৃতজ্ঞতার দাবীর ষেন শেষ নেই। শনিকে পূজা ক'রতে হয় তার দৃষ্টি চাড়াবার জন্ম। কিন্তু পূজার লোভেই দৃষ্টি যে তার ছাড়তে চায় না।

হঠাৎ নিভাননী জিজ্ঞাশা করলেন, 'ভালো কথা প্রিয়লাল, স্বর্ণের জক্ত ভোমাকে যে একটা সম্বদ্ধ দেখতে ব'লেছিলাম, তার কি করলে। তুমি একটু গা করলেই হয়ে বায় বাবা। পুরুষ মান্ত্র দশ জায়গা। যাওয়া আসা কর, দশজনের সজে আলাপ পরিচয় আছে ভোমার

উন্টোরপ

একটু চেষ্টা করে দেখ না বাবা। দোজবর-টোজবর হলেনও আপত্তি নেই। মেয়েরও তো বয়স কম হোল না। আর ভালো চাইলেই তো কপালে ভালো মিলবে না।

श्रिवनान ८७मिन श्रुवेत मृत्य वनन, 'बाव्हा ८७४व मानीमा।'

ভারী দার পড়েছে প্রির্গালের। মাসে মাসে পঁচিশ ত্রিশ টাকা
থরচ ক'রে এখানে খাবে। আবার দেশ ভ'রে তার মেয়ের জ্ঞা
সংস্ক খুঁজে বেড়াবে। এই ধাড়ী বজ্জাত মেয়েকে কেউ ঘরে নেওয়ার
জ্ঞা ব'সে আছে। সাত খোপ ক্বৃত্র খেয়ে বেড়াল আজ ভপশী
হয়েছে। একটু ছুঁলেই তার জাত যায়, একটু হাসলেই গায়ে ফোস্কা
পড়ে। এদিকে পেট তো চলে প্রিয়লালের খরচে।

পরদিন থেকে মাও গন্তীর, মেয়েও গন্তীর। তৃত্ধনের মূথ যেন কেউ সেলাই ক'রে রেখেছে। স্থবর্ণ নীরবে পরিবেশন করে, নিভাননী পান এগিয়ে দেন। আচ্চা, প্রিয়লালও দেখে নেবে। মাসের এই আট দশটাদিন গেলেই সে গিয়ে আবার চুকবে হোটেলে। আর মেই আস্ক এত খরচও কেউ দেবে না। এত ফাই ফরমাসও খাটবে না কেউ।

দিন কয়েক পরে প্রিয়লাল হঠাৎ এক সম্বন্ধ নিয়ে এলো। ছেলের নাম গোকুল রায়। প্রিয়লালদের অফিসেই কাজ করে। মা বাপ কেউ নেই। তবে ছেলে খুব ভালো। বয়দ দাতাশ আটাদ, ভারী চৌকদ ছেলে।

নিভাননী সন্দিশ্বভাবে বললেন, 'কিন্তু এমন ছেলে আমার মেশ্বেকে কেন নেবে বাবা? ভাছাড়া আমি ভো কিছু দিতে থুতেও পারব না। শাঁথা দিঁ তুরেই নামাতে হবে মেশ্বেকে।'

উন্টোর্থ

श्चित्रनान वनन, 'छार्टे क्रत्रवन। एइटनत्र पावीठावी किছू निर्दे। रबाह्य एवर्थ भ्रष्टन्य रु'नार्टे दशन।'

নিভাননী তবু বললেন, 'কিন্তু খভাব চরিত্র কুলবংশ ভালো ক'রে থোঁজ নিয়েছ ভো বাবা ?'

প্রিয়লাল বলল, 'থোঁজ না নিয়েই কি এসেছি। স্বভাব-চরিত্র
নির্মল। অফিসের যাকে জিজ্ঞাসা করবেন সেই বলবে। বংশে
অবশ্য কুলীন কায়ত্ব নয় আপনাদের মত। আসল উপাধি বরাট।
কিন্তু ওর ঠাকুরদা নাকি রায় বেতাব পেয়েছিলেন। বাডিঘরও
ক'রেছিলেন কলকাতায়। ওর বাবা সব খুইয়েছিলেন, কিন্তু এখনো
একখানা বাডি আছে লক্ষ্মী দত্ত লেনে। সেধানেই থাকে। বেশ
ছেলে দেখুন। সেও এসে মেয়ে দেখে যাক। আলাপ-সালাপ ক'বে
থোঁজখবর নিয়ে গছন হয় করবেন, না হয় করবেন না!'

আলাপ-সালাপের পর গোকুলকে থুবই পছল হোল নিভাননীর, অপছলের কিছু নেই। দিবিয় ছেলে, শাস্ত বিনীত কথাবার্তা, নম্রস্থভাব। দেখতেও একেবারে কার্তিকের মত। প্রিয়লাল নেভিনেশন অফিসে পঞ্চাশ টাকা মাইনের কাজ করে এও ঠিক। গোপনে নিভাননী থোঁজ নিয়ে জানলেন, পাঁচ বছর ধবে ওই এফিসে স্থ্যাতির সঙ্গেই সে কাজ করছে। প্রথমে চুকেছিল বাইশ টাকায় এখন পায় পঞ্চাশ। এমন ছেলে, চরিত্র তার ভালই হবে। কিছু কুল বংশ সম্বন্ধে একটু খুঁংখুঁতি রয়ে গেল নিভাননীর। এ বিষয়ে কেউ কোন পরিছার থোঁজখবর দিতে পারে না। কিছু কায়েত যে একথা স্বাই বলে। তাই হলেই হোল। তারপর আর সব মেয়ের ভাগ্য। এমন স্বিধায় এমন স্থপাত্র আর কোণায় পাবেন নিভাননী।

উল্টোরধ

পথে নিয়ে প্রিয়লাল গোকুলকে সাবধান করে দিল, ধবরদার সাতপুক্ষরে নামধাম সব ঠিক করে রাখিস কিন্তু, সকলের উপাধি ধেন বরাট হয়, আর গোত্র কাশ্রপ। বার টানটা প্রথম প্রথম ছেড়েই দিস। মুধ রাখিস আমার।

গোকৃল হেনে প্রিয়লালের পিঠ চাপড়ে দিল, 'আচ্ছা আচ্ছা, কিছ এতে তোর কি স্বার্থরে প্রিয়? এমন চমৎকার মেয়ে হাতছাড়া করছিল কেন? কিছু ঘটিয়ে-টটিয়ে বিদিসনি তো? ভাই past আমার সয়, দে সম্বন্ধে কোন prejudice নেই, কিছু দেখিল সেটা যেন futureএ গিয়ে না গড়ায়। তা হলে কিছু ফের তোমার ঘাড়ে এনে ফেলে দেব। বিয়ের আগে অবশু Medical Examine আমি করিয়ে নিচ্ছি।

প্রিয়লাল বলল, 'ছি ছি ছি, আমাকে অবিশ্বাস করছিল তুই ? তোর গায়ে হাত দিয়ে বলছি সে সব কিছু নয়।'

গোকুল বলল, 'আচ্ছা দেখাই যাবে।'

মৃথে যতথানি যা-তা গোকুল বলেছিল কাৰ্যত অবশ্য তার কিছুই করল না। দিবিয় শাস্ত ছেলের মত বিয়ে করে বউকে নিয়ে ঘরে তুলল। নীচের ত্থানা ঘরে ভাড়াটেরা থাকে। ওপরের ত্থানা নিজের। একথানা প্রায়ই তালাবদ্ধ থাকত, বিশেষ উৎসব আয়োজনে বিশেষ বিশেষ আতথিরা আসত এখানে। আজ সেখানা ডুয়িংক্লমে দিড়োল। বাকিখানা যৌথ বেডকম।

মাকে নিয়ে আসবার ইচ্ছা স্থবর্ণ প্রকাশ করেছিল, কিন্তু গোকুল রান্ধী হয়নি। বলেছে তাতে তাঁর সম্মানের হানি হবে। তার চেয়ে ওখানেই তিনি থাকুন। মাদে মাদে মাদোহারা পাঠাবে তাকে

গোকুল। মনে মনে ভাষল এই ব্যবস্থাই ভালো। কেননা কোন
সময় যে একটু বেশি বেসামাল হয়ে পড়বে তার তো কিছু ঠিক নেই।
আর একটা দিক থেকে গোকুল ভারি সতর্ক হয়ে গেল। প্রিয়লালকে
মোটেই প্রান্ত্র দিল না। প্রায় সমস্ত সংশ্রব তার এডিয়ে চলডে
লাগল। স্বামীর মনের ভাষ টের পেয়ে স্বর্ণও এ সম্বন্ধে আর কোন
কথা তুলল না।

মাঝে মাঝে নিভাননী দেখা করতে আসেন। থোঁজখবর নিয়ে বান মেয়েজামাইয়ের। প্রিয়লাল নাকি একবার বাসা করেছিল, আবার বাসা তুলে দিয়ে হোটেল ধরেছে।

বছর দেভেক পরে গোকুল স্থবর্ণকে মায়ের কাছে যেতে অন্ত্রমতি
দিল। ঘরে মেয়েছেলে আর কেউ নেই। আর প্রথম প্রথম এ
অবস্থায় মেয়েদের মার কাছে থাকাই নাকি ভালো। বেশ মড়ে
থাকবে, প্রিয়লালকেও এখন আর কোন ভয় নেই গোকুলের। সাতআট মাসের অন্তঃম্বন্ধা, স্বর্ণের যে রূপ এখন খুলেছে তা কেবল
পোকুলেরই চোখে পভবে, প্রিয়লালদের চোখ হয়তো টাটাবে, ম্য়
কিছুতেই হবে না।

স্বর্ণ ফের ফিরে এসেছে সেই মণ্ডল দ্বীটের বাড়িতে। সঁ্যাৎসৈতে একওলার একথানা ঘর, ছাতলা-পড়া ছটাকথানেক উঠান আর চৌবাচ্চা। ইচ্ছা হলে আজই স্বর্ণ চলে যেতে পারে। পোকুল যাওরার সময় সে কথা বলেও গেছে—'ধারাপ লাগলে থেকো না।' কিছু ধারাপ স্বর্ণের লাগছে না। অনেক ছ:থের স্বৃতি অবশ্র জড়িয়ে আছে এর সঙ্গে। কিছু ভা ভো আর সত্যি সত্যিই ছ:খ নয়, ছ:থের স্বৃতি মাত্র।

স্বৰ্ণ ঘৰে চুকে অবাক হয়ে গেল। প্রিয়লালের ভক্তপোষটি এখনো এখাদেই আছে। ভার ওপর নিভাননীর বিছানা পাভা। ছারপোকার কামড়ে নিভাননীর বৃঝি আক্রকাল আর খুমের ব্যাঘাত হয় না।

স্বৰ্ণ জিজ্ঞাসা করল, 'ভজ্জপোষটি প্রিয়লালয়া নিয়ে যান নি ?'
নিভাননী বলল, 'নেবে কোন চুলোয় ? কাঠগোলায় কি আর
জায়গা আছে না কি ?'

কিন্তু কাঠগোল। আর এই ঘর ছাড়া বুঝি আইর জায়গা নাই পুথিবীতে।

ञ्चर्व वनन, 'श्रियनानमात्र थाना भ्राप्त त्राह त्रश्ह ।'

'নিয়ে গিয়েছিল, আবার এনে দিয়েছে। মাসধানেক ধরে আবার এখানেই খাচ্ছে কিনা। হোটেলে খেতেও পারে না, টাকাও লাগে বেশি।'

স্থবর্ণ মনে মনে হাসল। আসলে এখানকার মায়া প্রিয়লাল কাটাতে চায় না। 'ফু'বেলা ভোমাকেই র'াধতে হয় ভো ?'

'তা আর কি করব মা। শত হলেও উপকারটা ভার দারাই হয়েছে তো!'

ত্বর্ণ ফিক করে একটু হাসল, 'উপকার না ঘোড়ার ভিম। দাও মা আমিই আজ রাধি।'

'না বাছা রে'ধে ভোমার আর দরকার নেই। এমনিতে হুস্থ থাকো দেই আমার ভালো।'

স্বৰ্ণ লক্ষিত মূখে বলল, 'আহাহা, রেঁধে যেন আমি আর খাইনে।'

উল্টোরধ

নিভাননীর বাধা মানল না স্বর্ণ। জোর করে গিরে র'গিছে বসল। কোন কেদ নেই মনে, এত ভার সত্ত্বেও শরীর বিষন হাওয়া ভেনে চলেছে। একবার ঘরে যাচেছ, একবার বাইরে। ইরাভিওয়ালা ঠিকে বিকে তেকে টাকা বের করে দিল স্বর্ণ। 'সামনের' দোকা ধেকে বি আর গ্রমসলা নিয়ে আর ।'

প্রিক্টোল এল ষধাসময়ে ৷ অবাক হয়ে বলল, 'তৃমি '' ত্বর্ণ বলল, 'কেন আমার আর আসতে নেই বৃঝি ? একে^{নি বা}ল পর হয়ে পেছি না ?'

প্রিয়লালের চোথে পড়ল সরু এক গাছি হার ঝুলছে স্বর্ণের গলায়। কানে আটা ছ্থানা ইয়ারিং, হাতে চুরিও পরেছে চার গাছ করে। চাকরি ছেড়ে কন্টাক্টরী কাজেব মধ্যে গিয়ে এই যুছের বাজারে ভালোই করেছে গোকুল। ছহাতে পয়সা কামাছে। সঙ্গে সঙ্গে আরো কিছু অবভা চোথে পড়ল প্রিয়লালের। বুকের মধ্যে একট্ কেমন যেন করে উঠল, কিছু পর মূহুর্তে মুখে হাসি টেনে বলল, 'পা ছাড়া আর কি, খোঁজখবর ডোনাও না, দাও-ও না।'

'ঈদ আপনিই যেন থোঁজখবর কত নেন-দেন। একবার না ধেচেই যেতেন। দেখতাম কত টান।'

নিভাননী বলল, 'আমি একটু আসি ও-বাডি থেকে প্রিয়লা। ভূবন ঠাকুর চমৎকার ভাগবত পডছেন। একটু ভনে আসি গিয়ে।'

নিভাননী সরে গেলে হ্বর্ণ বলল, 'গেলেন না কেন শুনি? সাধ্ পেলেন না, না ?'

প্রিয়লাল অবাক হয়ে গেছে। এ স্বর্ণ অন্ত এক স্বর্ণ। এ কথার জবাব দেওয়া সহজ নয়।

উল্টোরগ

ঠাই করে ঠিক আগের মতই প্রিয়লালের সামনে ভাতের থালা এগিয়ে দিল স্থব⁶় যত্নটা আগের চেয়ে অনেক বেশী, কার্দাটা অনেক পাকা!

প্রিয়লাল বলল, 'এড সব রাঁধল কে, তুমি ?'

স্বৰ্ণ বলল, 'কেন আজকাল বুঝি আর রঙ দেখে রায়া চিনতে পারেন না। খেয়ে দেখুন পারেন কিনা। পারবেন ব'লে ভো মনে হয় না।'

श्रियमान (हरम वनन, '(कन ?'

হ্বৰ্ণ বলল, 'জিভ কি আছে মুখের মধ্যে ?'

ঞ্জিভ অবশ্য মৃথের মধ্যেই আছে প্রিয়লালের। কিছ তা যেন একেবাবে আটকে রয়েছে।

খাওয়া শেষ হয়ে গেলে স্বর্ণ পান দিল এনে হাতে। প্রিয়লাল আছা আর আলুল চেপে ধরল না। অতি সন্তর্পণে পানটা হাত থেকে নিল। স্বর্ণের আলুলিগুলির ডগাই যেন হাতের তালু একবার স্পর্শ করল প্রিয়লালের। ত্-একটা কৃশল প্রশ্নের পর প্রিয়লাল চলে যাওয়ার আয়োজন করছে, স্বর্ণ বলল, 'বারে এখনই যাচ্ছেন যে। এত তাড়াভাড়ি কিসের, রাত্রেও অফিস আছে নাকি আপনার ?'

প্রিয়লাল ভাবল একবার জিজ্ঞাসা করে রাত্তের অফিস গোকুলের এখনো আছে না কি ? কিন্তু বলতে বাধল। স্বর্ণের কথার মধ্যে কুন্ত্রী কোন অর্থ যদি সভ্যিই না থাকে ? অনর্থক কেন ধরা দিতে যাবে প্রিয়লাল।

'না, রাত্রে আবার অফিস কিসের।'

উন্টোরথ

'ভা হ'লে বস্থন না, একটু পরেই না হয় যাবেন। বস্থননা।' স্বৰ্ণ প্রিয়লালের ভক্তাপোষ দেখিয়ে দিল।

প্রিয়লাল লক্ষ্য করল চমৎকার দামী একথানা স্থলনী তার জীপি ভক্তাপোষধানায় স্বত্তে বিছিয়ে দিয়েছে স্থবণ। স্থলনীর দামের মধ্যে থানিকটা দেমাক যে নাই তা নয়, এডিরে যাওয়ার মত নয়।

প্রিয়লাল বলল, 'য়য়নীটা কিন্তু বেশ হয়েছে। বেশ চমৎকার রঙ।' স্বর্ণ বলল, 'হবেনা? এ আমার নিজের পছন্দ করে কেনা, আপনার বন্ধুর যা একধানা পছন্দ।'

প্রিয়লাল বলল, 'অস্তত একথানা পছন্দ তার তো ভালই হয়েছে।'
ক্বর্ণ প্রিয়লালের চোথের দিকে চেয়ে হাসল, 'তাই নাকি?'
হলেই ভালো, আমি তো ভেবেছিলাম এতদিনে আপনার মত
বদলেছে।'

কথায় কথায় কখন প্রিয়লালের পাশে প্রায় গা থেঁষে বসে পড়েছে সুবর্ণ। মেয়েটা ভেবেছে কি? নিভাননী এসে পড়লে কি মনে কয়বেন।

এতদিন পরে এলুম, কই একবার তো জিজেগও করলেন না, কেমন আছি, বেঁচে আছি না মরে গেছি।'

'তুমিও তো জিজেদ করোনি।'

'আমি আৰার জিজেস করব কি, দশাটা তো আপনার দেখতেই পাচ্ছি চোৰের সামনে।' বলে স্বর্ণ আবার খিল খিল করে হেসে উঠল।

নিভাননী এসে ঘরে চুকলেন, 'আ:, অত হাসছিস কেন স্থবি, এ অবস্থায় অক্ত হাসা কি ভালো ?'

উন্টোৱৰ

কিন্তু মাকে দেখেও স্থবৰ্ণ আৰু আর হাসি থামালো না। আপন ঐশব্য, আপন উচ্চলভায় চার্দিক সে ভাসিয়ে নিয়ে চলেছে।

ভালো, আর কি ভালো নয়, তা ঠিক করবার ভার আজ ভার নিজের হাতে।

প্রথম বসন্ত

ম্যাট্রিক পরীক্ষা হ'ষে যাওয়ার সক্ষে সক্ষে টুইশান শেষ হোল, কিন্তু তশিলদারী আর শেষ হতে চায় না। লভার বাবার কাছে বিদয় এখনো পনেরটি টাকা পাবে। মাসিক কুড়ি টাকা দক্ষিণায় তিন মাসের টুইশান। প্রথম মাসের টাকাটা ভদ্রভাবেই আদায় হয়েছিল। বিভীয় মাসের দক্ষিণা প্রমণবাবু তিন কিন্তিতে শোধ করেছেন। কিন্তু এই তৃতীয় মাসের টাকা বুঝি মায়াই সেল। পাঁচ টাকা দিয়ে সেই যে প্রমণবাবু অন্তরালে আপ্রয় নিয়েছেন আর সামনে আসেন নি।

পনেরটি মাঝ টাকা। তার জন্মে সপ্তাহে ত্বার ক'রে এভাবে তাগিদ দিতে বাওয়ায় নিজের দীনভাও কম নেই। স্থায়্য প্রাপা কড়ায় গণ্ডায় আদায় ক'রে নেওয়ার যুক্তিতেও সেই দৈস্ত যেন ঢাকা পড়তে চায় না। সায়াদিন অফিসের থাটুনির পর আবার এই অপ্রীতিকর অবস্থার মুথোমুথি হ'তে মনও ভারি ক্লাস্কি বোধ করে। কিছু করলে হবে কি, এই পনের টাকার দাম এখন পনের শো। সপ্তাহ তিনেক মাবত বাড়িতে ভাইপোটির টাইফয়েড। এক রাজস্ম ব্যাপার। ক্লাস্ক শরীরে রাতের পর রাত জাগতে হয়, ছুটোছুটি করতে হয়

ভাক্তারখানায়; বিরক্তি চেপে বউদিকে আখাস দিতে হয়; শ্রদ্ধা এবং সম্মান বাঁচিয়ে দাদাকে তার সর্বজনীন নির্দিপ্তির অস্তে ভং সনা না করলে চলেনা।

কিন্তু এতেও দায়িত্বের শেষ নেই। ধার-করা টাকা ফুরিয়ে একেই বউদি কল্যাণী একদিন বাদে বাদে জিজ্ঞাসা করে, 'ভালো কথা ঠাকুরণো, ছাত্রীর বাবার কাছ থেকে আদায় হোল টাকাটা ?'

বিনয়ের দাদা প্রকাশও তার স্বাভাবিক নির্নিপ্ততা বন্ধায় রেথেই বলে, 'কেন মিছামিছি কট্ট করছিল, ও কি আদায় হবে ? ওর আশা ছেড়ে দেওয়া ভালো।' কি আদায় হবে না এবং কিলের আশা ছেড়ে দেওয়া ভালো দে কথা অপ্রকাশিত থাকলেও বিনয়ের ব্যতে বাকি থাকে না। ভিতরে ভিতরে মন তার জ্বাতে থাকে, বিশ্বর অফ্থ উপলক্ষে অমন কত পনের টাকা বন্ধু বান্ধবের কাছ থেকে বিনয় ধার ক'রে আনছে, দে হিসাব প্রকাশ রাথে না; কিন্তু একজন ধড়ীবাজ লোকের কাছ থেকে নিতান্ত প্রয়োজনের সময়ও বিনয় যে তার প্রাপ্য পনেরটি টাকা আদায় ক'রে আনতে পারছে না, প্রকাশের কাছে বিনয় যে বেন সেকল্যে চির অফ্কপ্রনীয় হ'য়ে রয়েছে।

বিরক্ত অপ্রসন্ন মৃথে অফিস ফেরং বিনয় চিংপুরের ট্রামের দিতীয় শ্রেণীর দরজার ভিড় ঠেলে বি কে পাল এভেনিয়ুর মোড়ে নেমে পড়ল। প্রমথবাবু আজ আবার তারিধ ফেলেছেন। নির্ধাৎ আজ নাকি টাকাটা দিয়েই দেবেন।

মোড়ে নেমে থানিকটা পথ হেঁটে বেতে হয়। বেনেটোলা প্রীটের একেবারে পশ্চিম প্রান্তে বাড়ি। পুরোন, ঐতিহালিক আমলের কলকাতা। বেমন জীর্ণ তেমনি অপরিচ্ছন্ন।

উল্টোরখ

নাগরিক কায়দায় বাইরে দাঁড়িয়ে কড়া নেড়ে লাভ নেই, বাড়িটির সাতথানা ঘরে ছ'ঘর ভাড়াটে, কড়া নাড়লে সহস্তে কেউ জ্বাব দেয় না। প্রত্যেকেই ভাবে জ্বস্ত ঘরের অভিধি, সে কেন সাড়া দেবে। তাই বাইরে দাঁড়িয়ে পরিচিত নাম ধ'রে ডাকতে হয়। কিংবা গলা খাঁকারি দিয়ে অভিনয় করতে হয় নকল কাসির। উঠানে খোলা চৌবাচ্চার কাছে কোনো ঘরের বউঝি যদি বে-সামাল ভাবে থাকে সাবধান হ'য়ে যাবে। কাসিটা বিনয়ের ভালো আসে না। তার চেয়ে নাম ধ'রে ডাকতেই সে ভালোবাসে। 'প্রমথবার আছেত ?'

ছু'তিনবার ডাকবার পর দোতলার ঘর থেকে একটি সতের আঠার বছরের মেয়ে জানলা দিয়ে মুখ বাড়াল, 'কে? ও, মাস্টারমশাই? বাবাকে চাইছেন? তিনি তো এখনো ফেরেন নি।'

'फ्टिंबन नि!'

লভাবলল, 'না কিন্তু ফেরাব সময় হয়েছে। আফ্ন, বহুন না এসে।'

আমন্ত্রণে আশান্বিত হয়ে বিনয় উপরে উঠে এলো। না কিরলেও টাকাটা হয়তো প্রমথবার রেখেই গেছেন।

বিনয় এসে ঘবে ঢুকে ছোট টেবিলটিব ধারে নির্দিষ্ট চেয়ারটিতে বসল।

লতা বলল, 'দাড়ান, এই আসনটা আগে পেতে দিয়ে নি।'

এই মাস-তিনেক বিনয় বধন পড়াতে আসত আসনটা চেয়ারের ওপর পাতাই দেখত। আগেই সেটা পেতে রাখত লতা। ধালি চেয়ারে মাস্টার মশাই বসতে পারবেন না। যা ছারপোকা। কিন্তু পরীক্ষা শেষ হ'য়ে যাওয়ার পর আসনটা ওভাবে পেতে রাখবাব

উল্টোরপ

প্রবাধন আর নেই। সেটা এখন ফুটো ঘর ভ'রে ন'ড়ে চ'ড়ে বেড়ায়। কখনো মা সেখানে পেতে সন্ধ্যা করতে বসেন, কখনো বাবা টেনে নিয়ে যান তার উপর ব'সে ডুইং করবেন।

বিনয় গভীর মূখে বলল, 'আসন থাক, আসনে দরকার নেই।' লতা বলল, 'না, দরকার নেই। থালি চেয়ারে বেশিক্ষণ বসে থাকতে পারবেন কেন।'

বিনয় বলল, 'আসন থাকলেও বেশিক্ষণ ব'সে থাকতে পারব না। তোমার বাবা কিছু ব'লে গেছেন ?'

লতা বলন, 'বলছি, একটু বহুন।'

न्छ। घत्र (थरक ७९क्म ११८ दि तिया (शन।

বিনয় মনে মনে এবার আখন্ত হোল, তাহ'লে প্রমথবাবু কি সভাই টাকাটা রেখে গেছেন ? রাখতেও পারেন। শত হ'লেও চক্ষ্লজ্জা ব'লে একটা জিনিষ ভো আছে মাহ্যের, এই নিয়ে আজ চারদিন ওই সামাল্ল টাকার জল্লে বিনয় ভাগিদ দিতে এলো।

খানিকবাদে লতা এলে। ফিরে। একহাতে সেই চটের জ্বাসন জার এক হাতে গোল সাদা একটি চায়ের পেরালা। কাপটি টেবিলের ওপর নামিরে রেখে লতা বলল, 'উঠুন, আসনটা জ্বাগে পেতে দি। বাব্যাং, এই চেয়ারে কি মান্তব বসতে পারে!'

বিনয় লক্ষ্য করল আগের চেয়ে ভারি সপ্রতিভ হয়েছে লভা।
পরীক্ষার চিস্তায় এতদিন যেন সে হয়ে পড়েছিল, তিনবার জিল্পাসা
ক'রেও একটি কর্ধার ক্ষবাব পাওয়া যায় নি। কিন্তু এখন আর ভার
কথার অভাব হয় না। পরীক্ষা হ'য়ে যাওয়ার সকে সকে ভার সমন্ত অভতা গেছে কেটে। ফিরে এসেছে সহল স্থার নিশ্বিস্ত কভকওলি

দিন। অকের পেপারটা অবশ্য লতা ভালো দেয়নি। কিন্তু টেনেটুনে যে ভাবেই হোক পাশ করবে। ত্ব'চার নম্বর শর্ট পড়লে গ্রেস কি আর একেবারে মিলবে না? তা ছাড়া মাষ্টারমশাইও তো খোঁজথবর নেবেন ব'লে ভরদা দিয়েছেন। দে যা হয় হবে। রেজান্ট বেকবার হু'ভিন সপ্তাহ আগে দে কথা চিস্তা করবে লতা। এখন তো এই হু'মাস নিশ্চিত্ত মুক্তির স্বাদ গ্রহণ ক'রে নিক।

শ্বায় দিনের মতো আৰও লতা একটু প্রসাধন কবেছে। চুল আঁচড়ে স্বত্বে বেঁধেছে থোঁপা। মূথের শ্বামবর্ণে চিক্চিক্ করছে সামাশ্র পাউভারের ছোপ। কপালের ছোট টিপটি মন্দ দেখাছে না। মূথথানির গড়ন নিথুঁৎ না হ'লেও লভার ছটি ঠোঁট আর চিবুকের ভঙ্গিটি ভারি স্কর।

অবশ্য এ সৌন্দর্য বিনয়ের প্রথম কিছুদিন চোখে পড়েনি। প্রথম প্রথম বরঞ্চ ওর মৃথ বিনয়কে বিম্থই করেছে। মনে হয়েছে মৃথখানা যেন একটু বেশি ছোট, গড়নটা একটু বেশি রকমের গোলাকার। কালো রঙের ওপর পাউভারের ছোপ লাগিয়ে আসায় এবং কুদ্রিম উপায়ে ঠোটকে রঙীন করবার চেষ্টায় বিনয় মৃদ্ধ হয়নি, ওর ক্রচির কথা ভেবে মনে মনে হেসেছে। মৃথ নয়, বরং ওর শীর্ণ ঘাড়ের ওপর হয়ে-পড়া রাশীকৃত চুলের আলগা থোঁপাটা দেখতে বিনয়ের ভালো লেগেছে। তথন মৃথ তুলে বেশি ভাকায়ওনি লভা। বইয়ের ওপর মাথা নিচু ক'রে পড়া মৃথস্থ করেছে, বিনয়ের দেওয়া টাস্ক্ করেছে ব'সে ব'সে, বিনয় মনে মনে প্রার্থনা করেছে ওয়েন মৃথ তুলে বেশি না চায়। ওর ওই কালো গোল ভোঁতা মৃথেয় চেয়ে ছুপীকৃত চুলের রাশ অনেক ফুন্দর, জনেক রহস্তময়।

কিন্তু এই সাডে তিন মাস ধ'রে দেখতে দেখতে লতার মৃথ যথন মোটামৃটি সহনীয় হ'য়ে আসতে তথন ধীরে ধীরে মত বদলেছে বিনয়ের, চোথ বদলেছে। মৃথেরও কি কিছু পরিবর্তন হয়নি লতার শ ক্ষরীর রহস্তের চেয়ে মৃথের রহস্ত আরও বিস্মাকর, সে মৃথ যড় শ্রীহীনই হোক না কেন। স্যত্ম-রচিত ক্ষরী প্রতি সন্ধ্যায় বদলার, কিন্তু মৃথের মতো এমন প্রতি মৃহতে বদলাতে পারে না, আনতে পারে না নিত্য নতুন আভাস, নতুনতর সম্ভাবনা। ক্ষরী দেখে দেখে চোথ ইয়তো ভরে, কিন্তু মুখ না দেখলে মন ভরে না।

বিনয়ের দিকে তাকিয়ে সলজ্জে একবার চোখ নামাল লতা, ভারপর জিজ্ঞাসা করল, 'চা কি থুব খারাপ হয়েছে মাস্টারমশাই ?'

विनम्न हमत्क উঠে वनन, 'टकन थातान इटव टकन।'

'ধারাপ হয়নি, তাহ'লে খাচ্ছেন না যে, রাগ করেছেন, বুঝি ?'

পড়ান্তনোর ব্যাপারে লতা কোনদিন সাহস ক'রে কোন মন্তব্য করেনি, কিছু এখন পড়ান্তনোর বাইরে এসে দিনের পর দিন তার ক্রমবর্ধিত স্বাহস দেখে বিনয় অবাক হয়ে বাচ্ছে। কিছু সাহসটি নিতান্তই যে খারাপ লাগছে তা নয়।

বিনয় বলল, 'রাগ তো হওয়ারই কথা।' লতা বলল, 'কেন ?'

বিনয় বলল, 'এত খাটলুম তোমার অংকর পেছনে, তবু সেই অফটাই খারাপ করলে।'

লতা ঠোঁটের অপূর্ব ভলি ক'রে বলল, 'ও, আমি ভাবলুম অক্ত কোনো কারণে বৃঝি রাগ হয়েছে আপনার। আমার বৃকের ভিতরটা এখনো কাঁপছে।'

উন্টোরথ

াবনয় মনে মনে হাসল। মেষেটা বোধ হয় একটু বেশিই পেকেছে। এতদিন কেবল অঙ্কের ভয়েই লভার বুক কেঁপেছে, এখন ভার কম্পনটা অঙ্ককে অভিক্রম ক'রে যেতে চায়।

বিনয় এবার চট ক'রে আসল কথায় এসে পড়ল, বলল, 'ভালো কথা। ডোমার বাবা কিছু বলে গেছেন আমার সম্বন্ধে ?'

লতা অসংহাচে বলল, 'না তো।'

বিনয়ের আর ধৈর্য রইল না, নিষ্ঠুরভাবে বলল, 'না তো! আমার মাইনেটা সম্বন্ধে আজও কি কিছু ব'লে যান নি? এই সামান্ত পনেরটা টাকা নিয়ে কডদিন ঘোরাতে চান তিনি?'

লতা কিছুক্ষণ নত মুধে চূপ ক'রে রইল, তারপর আন্তে আন্তে বঙ্গল, বলেছেন বসনালয়ের বিলটা আন্তও পান নি । তারা সামনের সোমবার তারিথ দিয়েছে । টাকাটা হাতে এলেই বাবা নিজে গিয়ে আপনার ঠিকানায় দিয়ে আসবেন । ঠিকানা তো আছে আমাদের কাছে ।'

বিনয় শ্লেষ ক'রে বলল, 'ভা ভো আছেই। কিন্তু ভিনি দিয়ে আসবেন এই ভরসায় থাকলে টাকাটা কোনো দিনই বোধ হয় আমার কাচে গিয়ে পৌচবে না।'

লতার চোথ ত্টো অপমানে যেন ছল ছল ক'রে উঠল। আত্ম-সম্বরণ ক'রে বলল, 'তেমন ভাষবেন না আমাদের। টাকা নিশ্চয়ই আপনি পাবেন।'

বিনয় বলল, 'পেলেই ভালো, আমি আর আসব না! টাকাটা বেন তিনি পাঠিয়ে দেন। এই নিয়ে চার দিন হোল, ওই সামাক্ত টাকার জব্যে এমন ক'রে তাগিদ দিতে আসতে আমারও লজ্জা করে। বাড়িতে নিভাস্ত অস্তথ-বিস্থুপ চলছে এই জব্যেই—'

লতা বলল, 'ভালো কথা, আপনার ভাইপোর অস্থ কেমন, মান্টারমশাই ?'

বিনয় গন্তীর মুখে, বলল, 'একই রকম।'

বিনয় উঠে পড়ল। ফেরার পথে তাকে আবার ভিদ্পেনসারি হ'য়ে যেতে হবে।

ঘর থেকে বেরোতেই দোরের কাছ থেকে লতার ছোট ছোট চার পাঁচটি ভাই বোন তাডাতাড়ি স'রে গেল। বিনয় যে কড়া মাস্টার তা তারা ব্ঝেছে। আর এই কয়েক দিন ধ'রে সে যে আরও কড়া হচ্ছে একথাও টের পেডে ওদের বাকি নেই।

প্রথম প্রথম যথন আসত বিনয়, তথন ওদের মধ্যেও বেশ একটা সাড়া প'ড়ে যেত। শব্দ হোড ফিস ফিস ক'রে, 'মাস্টার এসেছে, দিদি মাস্টার এসেছে।'

লতা ফিস ফিস ক'রেই সেদিন ধমক দিয়েছিল, 'মাস্টার কিরে! বলবি মাস্টারমশাই।'

লভার বোন সভী বলেছিল, 'বা-রে, মাও ভো মাস্টারই বলেন।
লভা ধমক দিয়ে উঠেছিল, 'হাা, বলেন না আরো কিছু। তা
ছাড়া মা বলেন ব'লে তৃইও বলবি না কি ?'

পেছনে পেছনে সিঁড়ি পর্যন্ত এগিয়ে এল লতা, বলল, 'মঞ্চলবার দিন আসবেন কিন্তু।'

বিনয় ফিরে দাঁড়িয়ে বলল, 'আসবার তো কথা ছিল না।' খানিকক্ষণ আগের কথাবার্তার কথা মনে ক'রে লতা সলক্ষে মুখ নামাল, তারপর বলল, 'কথা না থাকলেই আসতে নেই বৃঝি ?'

विनय दलन 'बाच्छा (पथा याक।'

লতা ফিরে এসে রাশ্লাঘরে চুকে মাকে বলল, 'মা বাবাকে ব'লো বাকি টাকাটা যেন দিয়ে দেন মাস্টারমশাইকে। ছি ছি, আমার ভারি লক্ষা করে।'

নির্মশা গভীর মুখে বলল, 'কেন তুই বলভে পারিসনে ?'

লতা বলল, 'বাবাকে এসব কথা বলতে আমার ভারি লজ্জা করে।'
নির্মলা এবার রাগ ক'রে উঠল, 'তোর তো সবতাতেই লজ্জা।
আমি তথনই বলেছিলাম দরকার নেই মাস্টার রেখে। ভাত জোটেনা
আবার নবাবী আছে সাড়ে ষোল আনা। কুডি টাকা দিয়ে মেয়ের
মাস্টার না রাখলে আর চলল না। প'ড়ে আর পাশ ক'রে তো মেয়ে
ভারি কৃতার্থ করবেন। এই ষাটটা টাকা থাকলে কভ এগুতো
সংসারের। ছেলেমেয়েগুলোর জামা নেই, ফ্রক নেই, সেসব দিকে কোন
থেয়াল আছে কারো? কেবল টাকা দাও বইয়ের জ্বন্থে, পড়ার জ্বন্থে,
আর টাকা দাও মাস্টারকে। অধে কি সারা গুষ্ঠী আর অধে কি মা যিষ্টি।'
লতাও চ'টে উঠে বলল, 'কে রাখতে বলেছিল তোমাদের মাস্টার?

লতাও চ'টে উঠে বলল, 'কে রাখতে বলেছিল তোমাদের মাস্টার ? তথন মনে ছিল না? এখন মাইনে চাইতে এলেই মুখ কালো হয়ে যায় আর সারা গুষ্টীর কথা মনে আসে, না?'

নির্মলা ধমক দিয়ে বলল, 'দেথ্ আমার সঙ্গে মৃথে মৃথে তর্ক করতে আসিদ নে। চার আঙ্গুলে মেয়ে আট আঙ্গুলে কথা। মাস্টার যে রেখেছিল তাকে বলবি। বিক্রিক'রে হোক, বন্ধক রেখে হোক সে এনে টাকা দেবে তোর মাস্টারের। আমি কি জানি ?'

রাত্রিব খাওয়া দাওয়া শেষ হ'য়ে গেলে বাপের হাতে পান দিতে দিতে লতা বলল, 'মাস্টারমশাই আঞ্জ এসেছিলেন বাবা।'

প্রমথ পান চিবুতে চিবুতে বলল, 'এসেছিল নাকি ?'

'বা: আসবেন না, আপনিই তো আসতে ব'লে গিমেছিলেন? ভদ্রলোককে কথা দিয়ে কেন এমন ক'রে ঘোরাচ্ছেন। ফেলে দিলেই ভোহয় পনেরটা টাকা।'

প্রমণ চ'টে উঠে বলল, 'ফেলে দিলেই হয়! টাকার গাছ আছে কিনা বাড়িতে! ভোর আর কি, মৃথ থেকে কথা থদালেই হয়ে গেল। ফেলে দিলেই হয়!'

লতা কিছুক্ষণ ম্থ ভার ক'রে রইল, তারপর বলল, 'তাহলে ব'লে দিন মাস্টারমশাইকে, টাকা আপনি এখন দিতে পারবেন না।'

প্রমধ বলল, 'ও কথা কি কেউ আর স্পাষ্ট ক'রে বলে। ও কথা কেউ বলে না। ভাহলে তো ল্যাঠাই চুকে যেত, এমন ঘোরাঘুরির দায় থেকে বাঁচতাম।'

প্রমণর শেষ কথাটির অসহায় করুণ স্থর লতার কানে লাগল। তার যেন সব মনে প'ড়ে গেল, 'তাহলে বসনালয় থেকে টাকাটা আঞ্জ আদায় হয়নি ?'

প্রমধ মান হাসল, 'না রে পাগলী না। তা হলে কি আর মাস্টারের ঐ কটা টাকা আমি ফেলে রাখি? এলে বলিদ ব্রিয়ে, বিল আদায় হলেই তার টাকা আমি দিয়ে দেব। তার পনের টাকা মেরে আর আমি লাখপতি হব না।'

লভা বলল, 'কিন্ধ তাঁর বাড়িতে অহুধ বিহুধ কিনা—'

প্রমথ বলল, 'সে সব বাভিতেই আছে। টাকার তাগাদায় এলে অহথ অমন সকলের বাভিতেই হয়। অহথ! যেন আমরা ভারি হথে আছি।'

মঙ্গলবার দিন অফিস ফেরৎ বিনয় আবার এরে হাজির। 'প্রমণবাবু আছেন ?'

কিন্ত প্রমধ আজ সত্যিই আছে। মেয়েকে বলল, 'দেখ্তো কো'

'মাস্টারমশাই।'

'মাস্টারমশাই ? তাকে আজ আবার কে আসতে বলল ? তুই বুঝি ? না, তোদের জালায় আমি বাড়ি-ঘরে আসা বন্ধ করব ? ব'লে দে বাবা নেই বাড়িতে।'

লতা বলল, 'বলতে হয় আপনি গিয়ে বলুন। আমি পারব না।'
প্রমথ স্ত্রীকে উদ্দেশ ক'রে বলল, 'শুনলে? কথা শুনলে মেয়ের?'
নির্মলা বলল, 'তুমিই শোন। কেন, ঘটি বাটি বিক্রি ক'রে
না থেয়ে না দেয়ে লেখা-পড়া শেখাও মেয়েকে!'

অবশু তেমন জাঁদরেল নাছোড়বালা কোনো পাওনাদার নয়, মুধচোরা মাস্টার। ওর মুখোমুধি হতে ভয় পাওয়ার কিছু নেই। তবু সব সময়ত কি অমন তাগিদ ঝার ওয়াদা ভাল লাগে মানুষের ?

প্রমথ গন্তীর মূথে মেয়েকে বলল, 'না পারলে চলবে কেন? যেমন ভেকেছিস তেমনি নিজেই কথাবার্তা বলে বিদায় ক'রে দিয়ে আয়। বক্বক করবার সময় নেই আমার, কাজ আছে।'

প্রমথ তার ছবি আঁকবার সাজ-সরঞ্চাম নিয়ে তাড়াতাতি স্ট ডিওতে গিয়ে চুকল। ছাদের ওপর ছোট্ট একটু চিলেকোঠার মতো আছে। বাড়িওয়ালাকে অনেক ব'লে ক'য়ে মাসিক চার টাকা ভাড়ায় প্রমথ সেটাকে তার স্ট ডিও ক'রে নিয়েছে। গোটা-

চারেক টাকা বেশি ব্যয় বটে, কিন্তু তার বিনিময়ে প্রতিদান যা এই ঘরটুকুর কাছ থেকে পাওয়া যায় তার তুলনা হয় না। এই ঘরটুকুনা থাকলে নির্মলা আর তার একপাল ছেলেমেয়ের অফুক্ষণ টেচামেচির মধ্যে সাধ্য ছিল কি প্রমণর যে একমিনিটও তুলি নিয়ে বসতে পারত? কিন্তু ইদানীং শুধু প্রাণ নয়, মানও বাঁচায় এই চিলেকোঠা। বিনা নোটিশে অবাঞ্ছিত অভ্যাগত কেউ এলে প্রমণ এর মধ্যে এলে আশ্রয় নেয়, ব'লে পাঠায় স্ট্ ডিওতে আছে। তু'চার জন নিতান্ত অভন্ত পাওনাদার ছাড়া পিছু পিছু এতথানি এলে আটিস্টের ধ্যানভক্ক করতে কেউ সাহস পায় না।

বিনয় লতাদের ঘরে চুকে দেখল আজ শুধু চেয়ারের ওপরই যে ফুল-ভোলা চটের আসনটা পাতা আছে তা নয়, টেবিলেও নতুন একখানি টেবিল-ঢাকনি এসেছে। লতার নিজের হাতের তৈরী— সবুজ সরু একটি লতা চারপাশ দিয়ে ঘুরে এসেছে, মাঝে মাঝে বেরিয়েছে ছু' একটি পাতার অক্ষুর।

বিনয় ভূমিকা ক'রে বলল, 'বা:, তোমার হাতের কাজ তো বেশ ভালো।'

লতা প্রথম যেন ভারি লচ্ছিত হোল, তারপর বলল, 'আমার হাতেরই যে কান্ধ তা আপনাকে কে বলল ?'

বিনয় **হাসল, 'ও কি আর বলতে** হয়! কাজ দেখেই চেনা যায়।'

লতা আরক্ত মূখে বলল, 'যান।' ভারপর হঠাৎ বেরিয়ে গেল ঘর থেকে।

বিনয় মনে মনে ভাবল ওদের লক্ষাটুকু ভারি উপভোগ্য। এই
শাতাশ-আঠাশ বছর বয়সে ঠাটা পরিহাসের ভিতর দিয়ে অবশ্য
আরো অনেক মেয়ের এমন উপভোগ্য লক্ষা প্রত্যক্ষ করবার সৌভাগ্য
বিনয়ের হয়েছে। কিন্তু এই মুহুর্তে সে সব মনে পড়ল না। মনে
হোল এই প্রথম, একটি তরুণী মেয়ের লক্ষানত ছটি চোধ এই যেন
প্রথম ভার চোধে পড়ল।

থানিক বাদে লতা আজও সেই বড় তৃগ্ধধবল কাপটিতে চা আনল, চারদিকে একবার ডাকিয়ে নিয়ে নিজের হাতে তুলে দিল বিনয়কে। বড় মধুর বড় নয়নাভিরাম লতার এই সতর্ক সঙ্কোচ।

চায়ে চুমুক দিয়ে বিনয় বলল, 'ভাবপর, পড়ান্তনোর বালাই ভো গেছে। সারাটা দিন কি ক'রে কাটাও ? ঘুমোল বুঝি খুব ?'

'হু', তাই বৃঝি ভাবেন। ঘুমোবার সময় তে। খুব। কাজ আছে না সংসারে? এতোদিন একটু আলগা ছিলাম কিনা। এখন স্থদে আসলে সব শোধ দিতে হচ্ছে।'

বিনয় বলল, 'সে রকম শোধ তো স্বারই দিতে হয়। তব্ও ইচ্ছে থাকলে সময়ের অভাব হয় না।'

লতা আরও অন্তরক হ'য়ে উঠল, 'ঘুমোবার সময় তব্ও হয়। কিছু ঘুমোবার ইচ্ছে আমার হয় না। আমার ইচ্ছে করে কি জানেন? বেশ একটু ঘুরেটুরে বেড়িয়ে টেড়িয়ে আসি। অনেক দুরে চ'লে যাই।'

বিনয় হাসল, 'সেটা অবশ্য একটু শক্ত। দুরের কথা থাক। হুবিধা মতো কাছাকাছিও যদি একটু বেড়াতে পার দেখবে থুব চমৎকার লাগবে। ধরো কোনদিন বা গেলে বালি, কোনদিন বা

টালিগঞ্জ। মাত্র সামাত্ত একটু চোথ বদলানো, কিন্তু মনে হবে পুথিবীটাই যেন স্থাগাগোড়া বদলে গেছে।'

লতা উল্পানিত হ'যে উঠল, 'সত্যি, তাহলে যাবেন একদিন নিয়ে ?' সঙ্গে সঙ্গে মুখটা আরক্ত হ'য়ে উঠল লতার, সামলে নিয়ে বলল, 'মানে শিবু বিভৃতি সতী ওবাও থাকবে সজে।'

বিনয় স্থর নামিয়ে হঠাৎ বলে ফেলল, 'থাকতেই যে হবে তার কি মানে স্থাছে ?'

এক অপূর্ব সম্ভাবনায় লতার সমস্ত শরীর যেন রোমাঞ্চিত হয়ে উঠল। সভয়ে চারিদিক একবার তাকিয়ে নিয়ে ফিস ফিস ক'রে বলল, 'ছি ছি ছি, কি অসভ্য আপনি। কেউ যদি শুনে ফেলত।' তারপর কানে কানে বলবার মত ক'রে বলল, 'জানেন তো বাবা কি কড়া।'

বিনয় কেমন যেন একটু হাসল, বলল, 'তাই না কি ? তা তো জানতাম না। তিনি কোথায় ? আজও ফেরেননি না কি ?

লতা তেমনি আন্তে আন্তে বলল, 'ফিরেছেন, ফিরেই ছবি আঁকতে বসেছেন। এদিকে আসবেন না। কি একটা জরুরী অর্ডার আছে কি না।'

ভাইপোর কতকগুলি জফরী ওষুধপথ্যের কথা বিনয়ের মনে পড়ল, বলল, 'দরকারটা আমারও ভো জফরীই ছিল, ভিনি ভূলে গেছেন বুঝি।'

হঠাৎ যেন একটা ধাকা থেল লতা। মুখ নীচু ক'রে এক মুহুর্ত চুপ ক'রে রইল। যেন সামলে নেওয়ার জন্মে সময় চাই ভার।

বিনয় কঠিন শ্লেষের ভলিতে বলল, 'ওটা বুঝি তিনি আজও দিতে

পারবেন না? বিলটা আজও আদায় হয় নি, না? এ আমি জানতুম। ঘরে ঢুকেই আমি টের পেয়েছি।'

একট অপ্রত্যাশিত আঘাতে লতা খেন চমকে উঠল, মনে হোল সে বুঝি আর্তনাদ ক'রে উঠবে। কিন্তু তা করল না, গোজা বিনয়ের দিকে তাকিয়ে তীক্ষ কঠিন কঠে জিজ্ঞাস। করল, 'ঘরে ঢুকেই কি টেব পেয়েছেন আপনি বলুন, কিসে কি টের পেয়েছেন ?'

বিনয় অপ্রস্তভাবে তাডাতাডি নিজেকে সংযত করতে যাচ্ছিল, কিন্তু লতার উদ্ধৃত ভঙ্গি তার ধৈয়চাতি ঘটাল—'কিসে টেব পেয়েছি তা তোমারও টের পাওয়ার কথা। অত বোকাও তুমি নও, খুকিও তুমি নও।'

কথা বলতে গিয়ে লতাব ঠোঁট তৃটি কাঁপতে লাগল। রক্তের চাপে মুখখানা যেন ফেটে পডবে।

শেষ প্ৰস্থ লতা বলল, 'না, তা কেন হব। কিন্তু আপনার মতো অত ইতরও নই, অভদ্রও নই। দাঁডান, নিয়ে যান আপনাব টাকা। যে ভাবেই হোক টাকা আমি এখনই আদায় ক'রে দিচ্ছি আপনাকে।'

নুশংসতার একটা তীব্র স্বাদ আছে, নোংরামির মধ্যে আছে উগ্র মাদকতা। বিনয় উন্নত্তের মতো বলল, 'থাক্। ও টাকা তোমাকে আমি দিয়ে গেলুম।'

লতা বলল, 'দিয়ে গেলেন ? কেন ? আপনাব টাকা আমি কেন নিতে যাব ?'

বিনয় বলস, 'মনে করো টাকাটা তোমারই, এতক্ষণ ধ'বে যা দিয়েছ ভাপনের টাকার চেয়ে বেশি।'

উণ্টোরথ

লতা মুহূর্তকাল ন্তক হ'য়ে রইল। কালো পাথরের মতো থম-থম করতে লাগল মুথ, তারপর দেও এক ঝিলিক হাসল, 'কিন্তু-মাষ্টারমশাই, আরও বেশি যদি দিতাম, আর দয়া ক'রে আরও বেশি যদি নিতেন তা'হলে অন্তত পনের শো টাকাও তো খরচ করতে হোভ বাবাকে। এই পনের টাকা না হয় তাই মনে ক'রেই নিন। দাঁড়ান,-পালাবেন না, টাকাটা আজ নিয়েই যান।'

বিনর শুধু শুক্ক নর, এজক্ষণ খানিকটা যেন মৃগ্রের মতোও ডাকিয়ে ছিল। তীরের ফলাগুলি তার বৃক্তেই এনে বিশৈছে, তবু তাদের কাককার্যটা দেখবার মতো।

লতা ঘর থেকে বেরিয়ে যাবার উভোগ করতে দেই আগে বেরিয়ে এল। তারপর সিঁড়ির মুখে পা দিয়ে হঠাৎ একবার মুখ ফিরিয়ে বিনয় বলল, 'আজ থাক, আর একদিন এসে পনেরশোই না হয় নেব।'

চাঁদ মিঞা

ট্রামের মধ্যে দাঁভাবার জায়গা ছিল না। নানা কসরতের পর তুই বন্ধুতে কোন রকমে ঘেঁদার্ঘেঁদি করে দাঁভি্যেছিলাম। আর আমাদের খুব কাছেই আর একজন তরুণ ভদ্রলোক তাঁর সহযাত্রিণীর সঙ্গে দাঁভি্যে দাঁভি্যে গল্প করছিলেন এবং সিগারেট টানছিলেন। সমস্ত লেভিজ্প সীটগুলি ভরতি। অক্সান্ত যাত্রীরা মেয়েটিকে আসন ছেড়ে দিয়ে বার কয়েক শিষ্টাচার দেখিয়েছেন কিন্তু তরুণীটি সহাস্যেধন্তবাদ জানিয়েছেন। কিছুতেই বসতে রাজী হন নি। ঠিক তেমনি

তাঁর সহ্যাত্রীটির ধ্মপানে ও আকারে ইকিতে অনেকেই আপন্তি জানিয়েছেন। কিন্তু ভদ্রলোককে কিছুতেই নিবৃত্ত করা যায় নি। তিনি বেশ সভর্কতার সক্ষেই কখনো বা গাড়ীর মধ্যে কখনো বা বাইরে সিগারেটের ছাই ফেলছিলেন। হঠাৎ মেয়েটির কি একটা কথায় তিনি স্থানকাল ভূলে হো হো ক'রে হেলে উঠলেন আর সঙ্গে থানিকটা সিগারেটের ছাই আমার র্যাপারের ওপর দিলেন ছিটিয়ে।

ক্ষক্ষ কণ্ঠে প্রায় চেঁচাবার মত ক'রে বললুম, 'এটা কি হোল ?'
ছন্ত্রনেই চমকে উঠে আমার দিকে তাকালেন। যুবকটি অপ্রতিত কঠে বললেন, 'Sorry'।

বন্ধ মনিয়র রুবে উঠে কি বলতে যাচ্ছিল কিন্তু মেয়েটি তাকে কিছু বলবারই সুষোগ দিলেন না, তাডাতাডি রুমাল বার ক'রে নিগাবেটের ছাইগুলি আমার র্যাপাব থেকে ঝেডে দিতে দিতে অত্যস্ত লক্ষিত ভঙ্গিতে বললেন, 'কিছু মনে ক'রবেন না।'

এরপর কিছু আব মনে ক'রবার জো ছিল না। কিন্তু যুবকটি দেখলাম ততক্ষণে নিজেকে সামলে নিয়েছেন। বেশ সপ্রতিভ ভঙ্গিতে আমার দিকে একটা সিগারেট বাডিয়ে দিয়ে বললেন, 'কিছু মনে ক'রবেন না, আপনি বরং তাব চেয়ে প্রতিশোধ নিন।'

মেয়েটির মৃত্ কণ্ঠ শোনা গেল, 'আঃ থাম, কি হ'ছেছ।'

টাম থেকে নেমে মিদয়ব বলল, 'তুমি একেবারেই ভ্যাবা গঙ্গারাম। লোকটিকে আচ্ছা ক'রে শুনিয়ে দিতে পারলে না যে মশাই আমার সিগারেটের ছাই গায়ে মেথে আপনার কি কিছু লাভ হবে? আমার কিছু লাভ হবে? আমার কিছু লাভ হবে? আমার বিছু লাভ হবে? আমার সঙ্গে কাঠখোট্টা এক বন্ধুই রয়েছে, অমন কোমল হদয় হলরী কোনো বান্ধবী তো নেই?'

হেনে বললুম, 'তা নাই বা থাকল। তাঁর সদে যিনি ছিলেন ছাই ঝাডবাব পক্ষে তিনি একাই কি যথেষ্ট ছিলেন না ?'

মসিয়র গন্তীর হওয়ার ভঙ্গিতে বলল, 'সে কথা ঠিক। পুরুষের ঈর্ষা বড বিচিত্র বস্তু।'

ভারপর একটু হেনে বলল, 'তুমি আজ বড় বাঁচা বেঁচে গ্রেছ। মেয়েদের সহায়ভূতিও কম সাংঘাতিক নয়।'

খানিকটা হাঁটভেই একটা চায়ের দোকান পাওয়া গেল।
স্থোনেও ভিড। তবু তারই মধ্যে অপেক্ষাকৃত একটু নিরিবিলি কোণ
বৈছে নিয়ে তৃজনে বসল্ম। একটা কাটলেটের থণ্ড কাঁটায় ফুঁড়ে
মুখে তৃলতে তৃলতে মদিয়র বলল, 'আজকের এই ছোট ঘটনায় আমার
অনেককাল আগের একটি কাহিনীর কথা মনে পড়ছে।'

বললুম, 'ব্যক্তিগত না কি ?'

মসিয়র বলল, 'না ঠিক ব্যক্তিগত নয়, তবে প্রায় পরিবারগত বলতে পার।' কাহিনীর নায়ক নশরৎ আলী ছিলেন আমার বাবারই আপন চাচা। সেই হিসাবে তাঁর ঘরের গুপ্ত কথা প্রকাশ করা আমার পক্ষে সমীচীন নয়। কিন্তু কথাটা কিছুতেই গোপন ছিল না। স্বয়ং নশরৎ আলী আর তাঁর উত্তরপুক্ষদের চেষ্টাতেও নয়। বেশ মনে আছে, আমাদেব অঞ্চল ছেলেবেলায় এ নিয়ে ছভা গান পয়্যস্ত লোককে বাধতে শুনেছি।

মীরপুর এবং আন্দেপাশের পাঁচ-সাতথানা গাঁরের জমিদার ছিলেন নশরং আলী মুধা। লোক লম্বর, পাইক পেয়াদা, কিছুরই অভাব ছিলো না। অভাব ছিল কেবল সম্ভানের। পীরের দরগায় সিল্লি

দিয়ে ফকির দরবেশের কাছ থেকে নানা রকম গাছ-গাছ্ড়া তাবিজ্ঞ কবচ জড়ো ক'রেও ছেলে তো ভালো, একটি কাণা মেয়ের মুখ পর্যন্ত মুখা সাহেব দেখতে পারেন নি। কিন্তু অভূত তাঁর জেদ। বলতেন খোদার সঙ্গে আমার জেহাদ। ছেলে যতদিন না হবে ততদিন কেবল বিবির পর বিবি এনে ঘর ভ'রে ফেলব, দেখি ছেলে না হয়ে যায় কোথায়। আমি জানি, আমার নিজের কোন দোষ নেই, ছেলে যে হয় না তা কেবল এই বিবিদের দোষ।

প্রায় বাটের কাছাকাছি যথন তাঁর বয়স তথন কেবল গুটিচারেক বিবি তাঁর ঘরে ছিলেন এবং আর গুটি চার পাঁচ ম'রে নিষ্কৃতি পেয়েছিলেন।

তায় কিছুকাল আগে থেকেই শুধু ফকির দরবেশের কেরামতিতেই নয়, খোদার অন্তিত্বের ওপরও মুধা সাহেব আস্থা হারিয়ে ফেলেছিলেন। মোলা ম্ন্সীদের দেখতে পারতেন না, বাড়ি থেকে কোরাণ সরিফ দর ক'রে ফেলেছিলেন, রোজা নামাজ পর্যন্ত পালন ক'রতেন না।

মাহ্যবজনের চেয়ে পশু পক্ষীর ওপরই প্রীতি যেন তাঁব কিছু বেশি পরিমাণে ছিল। বিচিত্র রক্ষের বিচিত্র রঙের পাখী পুষতেন, আর ছিল ঘোড়া। হরিহরছত্ত্রের মেলায় নিচ্ছে যেতেন ঘোড়া কিনতে। বেছে বেছে নানা আকারের নানা রঙের ঘোড়া আনতেন। ঘোড়ার রঙের সক্ষেরঙ মিলিয়ে রাথতেন সহিসদের, ঘোড়ার নামের সক্ষেনাম মিলিয়ে রাথতেন তাদের নাম।

নশরৎ আলীর মন্ত বড় বাড়ীর পাশেই ছিল মন্ত বড় মাঠ। তার অধে কিটা জুড়ে পৌষ মাদ থেকে ঘোড়দৌড় স্থরু হ'ত। শ'য়ে শ'য়ে ঘোড়া আসত। আর হাজারে হাজারে লোক। প্রত্যেক

ঘোড়াওয়ালাকে নশরৎ আলী কলস দিয়ে সম্মান দেখাতেন আর তার সওয়ারদের দিতেন দামী শাল।

একদিন নশরং আলীর কানে গেল তিন চারখানা গাঁ পশ্চিমে
নুরগঞ্জে আতাজদি মিয়ার নাকি এক চমংকার ঘোড়া আছে।
তেমন ঘোড়া কাছে-ধারে আর কারো নেই। সে ঘোড়া সে ঘোড়দৌড়ের মেলায় আনে না পাছে নশরং আলী তা কেড়ে নেন।
শুনে নশরং আলী হাদলেন, তারপর ভাবলেন তিনি নিজেই যাবেন
সেই ঘোড়া দেখতে আর ঘোড়াওয়ালাকে আশাস আর নির্ভর দিয়ে
আসতে। নিজের অভুত সব খেয়ালের কাছে মান-সম্রম পর্যস্ত তার
তুচ্ছ হয়ে গিয়েছিল। আত্মীয় পরিজন কারো নিষেধ না শুনে তিনি
নিজেই চললেন একদিন সেই ঘোড়ার সন্ধানে। আন্তাবল থেকে
সব চেয়ে ভালো ঘোড়াটা বেছে নিয়ে চ'ড়ে বদলেন তার পিঠে।
বারন সত্তেও কেউ কেউ দ্রে দ্রে থেকে তাঁর অমুসরণ করতে লাগল।
পীরকান্দায় এসে একটা পানাভরা পুকুর দেখে তাঁর ঘোড়া ছুটে গেল
মরিয়া হয়ে। মৃত্ হেসে নশরং আলী রাশ ছেড়ে দিলেন।

বোড়ার দ্রল থাওয়া দেখতে দেখতে হঠাৎ তাঁর চোথ পড়ল পুকুরের ওপারে একটা কুড়ের দিকে। বাড়ির বাইরের দিকে দোচালা একটা শনের ঘর, কোন দিকে কোন বেড়ার বালাই নেই। তার মধ্যে একটি মেয়ে হাঁটু গেড়ে নামান্ধ পড়ছিল। গাছের গোড়ায় ঘোড়া বেঁধে রেখে মুধা সাহেব নিঃশন্ধে সেই ভাঙা দোচালার দিকে এগিয়ে গেলেন। তারপর অপলক দৃষ্টিতে চেয়ে চেয়ে দেখতে লাগলেন সেই নামান্ধ—আঠের উনিশ বছরের একটি ভন্নী মেয়ের অপরূপ আতানিবেদন।

নামাক্রপড়া শেষ হ'লে পিছন কিবে মেয়েটি তাঁকে দেখতে পেয়ে বেন চমকে উঠল, তারপর একটা অক্ট আর্তনাদের সঙ্গে মেয়েটি একেবারে বাজীর মধ্যে গিয়ে পালাল।

তার ভয় দেখে মুধা সাহেব হাসলেন, তারপর আত্তে আত্তে তিনিও এগুলেন বাডির ভিতরে। এ বাড়ি তাঁর অপরিচিত নয়। আইনদিন ফকিরের বাড়ি। তাঁর মনে পড়ল অনেককাল আগে গাছগাছড়ার খোঁজে আইনদিনের কাছে তিনি গোপনে নিজে এসেছিলেন। গাছড়া নশরং আলী পেয়েছিলেন কিস্তুফল কিছু পান নি।

এতকাল বাদে নশরৎ আলীকে নিজের বাড়ীর দোরে দেখতে পেয়ে আইনদিন বিশ্বিতও হ'ল, ভীতও হ'ল; বলল, 'আজে হজুর, আপনি নিজে কেন এত কষ্ট ক'রলেন, দরকার থাকলে লোক লস্কর পাঠিয়ে আমাকে ভলব ক'রলেই তো হ'ত।'

নশরৎ আলী মাধা নাডলেন, 'না লোক লম্বরে তা হ'ত না। এই মাত্র যে মেয়েটি গিয়ে ঘরে ঢুকল সে কি তোমার ?'

ফকির সন্তত্ত হ'মে বলল, 'আজে হাঁ হজুর।'

নশরৎ আলী বললেন, 'দেখ, বছকাল আমার খোদার ওপর কোন আন্তা ছিল না, আজ ভোমার মেয়েকে দেখে ফের আবার সেই আন্তা ফিরে এসেছে। ওর নামাজপড়া দেখে আমার ভারি সাধ হচ্ছে ওর পাশে দাঁড়িয়ে আমিও খোদার নাম ক'রে নামাজ পড়ি।'

আইনদিন ফকির বিব্রত ভীত কঠে বলল, 'কিন্তু হুজুর, আমার মেয়ে রাবেয়া যে বড় ছুর্ভাগিনী। এক সপ্তাহও হয়নি অমন জোয়ান স্বামীকে সে হারিয়েছে। দিনরাত অভাগীর চোধের জলে কাটছে।'

নশরং আলী বললেন, 'ভয় কি, তার চোথের জল মোছাবার' ভার আমি নিলুম।'

কিন্তু তবু আইনদিনের ভয় ভাঙল না। দিনে অসংখ্যবার নশরৎ আলির লোক লম্বর এসে হানা দিতে লাগল।

রাবেয়া বলল, 'বাজান, আমি মন ঠিক ক'রে ফেলেছি। তুমি মুধা সাহেবকে বল যে আমি রাজী আছি।'

আইনদীন আর তার স্ত্রী চোধের জল ফেলে বলল, 'পাগলী, আমাদের বাঁচার জন্ম তৃই এমন ক'রে মরণ ডেকে আনতে চাস।
ভার চেয়ে চল রাতারাতি এমুলুক ছেড়ে আমরা কোথাও চ'লে যাই।'

রাবেয়া তার স্থানর ছোট কপালটুকু দেখিয়ে বলল, 'কিন্তু এ তে। আমাদের সকো সকোই যাবে।'

নশরং আলি মিথা কথা বলেন না। চোখের জল মুছবার জক্ত সভিত্তি তিনি আপ্রাণ চেষ্টা ক'রলেন। সোনাদানায় রাবেয়ার গা ভরে দিলেন, দাসী বাঁদীতে ভরলেন ঘর; কিন্তু তবু রাবেয়ার মন যেমন শৃক্ত ছিল তেমন শৃক্ত রইল, আড়ালে চোখের জলেরও বিরাম বইল না।

অক্তান্ত বিবির বেলায় এ সব রোগে নশরৎ আলি শারীরিক শান্তির ব্যবস্থা ক'রেছেন। কিন্তু রাবেয়াকে দেখার পর আলার তুনিয়াকে তিনি যেন নতুন চোখে দেখতে স্কুফ করলেন।

একদিন বললেন, 'রাবেয়া, এতকাল ছেলে ছেলে ক'রে পাগল হয়ে বেড়িয়েছি। ভেবেছি স্বামীর কোলে ছেলে ধ'রে দিতে না পারলে তার রূপ বৃথা, তার যৌবন বৃথা, তার মেয়ে জয়টাই অর্থহীন। কিন্তু ভোমাকে দেখে আমার সে তৃল এতদিনে ভেডেছে। শুধু

তুমিই যথেষ্ট। তুমি যে আছ এই সব চেম্বে বড় লাভ, পুত্রলাভ এর কাছে তুচ্ছাতিতুচ্ছ। তোমার কাছে আলাদা ক'রে আমি কিছু চাই না, ছেলে নয় মেয়ে নয়, আমি কেবল তোমাকেই চাই।'

রাবেয়াকে নীরব দেখে বলেছেন, 'জানি চাইলেই পাওয়া যায় না, এ জিনিষ জোরজবরদন্তিতে হওয়ার নয়, এর জন্ম অপেকা ক'রে থাকতে হয়। কিন্তু অপেকা করবার মত সময় আমার হাতে যে খুব বেশি নেই।'

নশরৎ আলীর কথা শুনে রাবেয়ার চোথে আবার জলের ধারা নামত। নশরৎ আলী ক্ল মনে ভাবতেন দেহে এমন রূপ, কঠে এমন মাধুর্ব, স্পর্শে এমন আবিষ্টতা কিন্তু চোথের জ্বল চাড়া কি আর কোন ভাষা রাবেয়ার জানা নেই? অমন কাজলকালো তুই চোথ কি চিরকাল কেবল জলে ভ'রে থাকবে?

হাইকোর্টে কি একটা বাটোয়ারার মামলায় হেরে নশরৎ আলী সেদিন ক্ঞিৎ মন:ক্ষুগ্ন হয়ে ব'দেছিলেন। সেজাে বিবি মেহেরজান এসে চটুল ভব্নিতে বলল, 'স্থবর এনেছি, কি পুরস্কার দেবে বল।'

নশরং আলী জুকুঁচকে তার দিকে তাকালেন। মেহেরজ্ঞান একটুও ভয় পেল না, তেমনি সহাত্যে বলল, 'তোমার ছোট বিবির মন বেহেন্ত থেকে একেবোরে ধ্লামাটির ছনিয়ায় নেমে এসেছে। দরিয়ার মওয়ার চাঁদমিয়াকে দরিয়া একটা ছাঁট দিয়ে ফেলে দিয়েছিল—ছোট বিবি জ্ঞানালা দিয়ে দেখতে পেয়ে আহা হা ক'রে উঠেছেন। তারপর গাদমিয়ার হাঁটু ছ'ড়ে আর মচকে গেছে শুনে ছোট বিবি নিজ হাতে তার জন্ম চ্চা-হলুদ গরম ক'রে পাঠিয়েছেন।'

নশরৎ আলী বললেন, 'কেবল এই ? এও তো সেই দয়ার কথা

শেই পুরানো চোথের জলের কথা। বলি রাবেয়াকে কেউ হাসাতে পেরেছে ?'

মেহেরজান বলল, 'কেন পারবেনা ? টাদমিয়া ভোমার রাবেয়াকে হাসিয়েছেও। দানাপানি নিয়ে ঘোড়াকে যথন টাদমিয়া কেবল সাধাসাধি করছিল আর ভোমার সাথের দরিয়া বার বার মান ক'রে মুখ সরিয়ে নিচ্ছিল আমি স্পষ্ট দেখেছি ছোট বিবিও মুখ মুচকে মুচকে হাসছে।'

নশরৎ আলি বললেন, 'হাা এ খবরের পর পুরস্কার তুমি পেতে পার।' বলে হাতের সব চেয়ে দামী আংটি খুলে তিনি মেহেরজানকে দিতে গেলেন।

মেহেরজান পিছিয়ে গিয়ে বলল, 'বাঁদীর কম্বর মাণ করবেন হুজুর। ও আংটি পরবার যোগ্য আঙুল আমার হাতে নেই। তা কেবল ছোট বিবির হাতে আছে আর আছে চাঁদমিয়ার হাতে।'

কথাটা নিতান্ত মিথ্যা নয়। চাঁদমিয়ার মত স্পুরুষ সহিস সওয়ারদের মধ্যে তো দ্রের কথা, বড় বংশেও খুব কম মেলে। অনেক চেষ্টার্য অনেক খুঁজে পেতে নশরৎ আলী তাঁর সবচেয়ে পেয়ারের ত্ধবরণ ঘোড়ার জন্ম অমন সোণারবরণ সওয়ার সংগ্রহ ক'রেছেন। অমন স্থানর ঘোড়ার উপর যদি কালো কুশ্রী যেমন তেমন একটা সওয়ার উঠে বসত তা হ'লে কি মান থাকত নশরৎ আলীর না, তার ক্ষচিরই কেউ প্রশংসা ক'রত? দৌড়ের সময় মাঠের হাজার হাজার লোক যে দিশেহারা হয়ে ভাবে, ঘোড়া দেখবে না তার ওপরের সওয়ার দেখবে এ তো নশরৎ আলীরই কৃতিত্ব, তাঁরই গর্বের বস্তু।

তবু ভালো ধে তাঁর বাড়ীর একটা জিনিষ অস্তত রাবেয়ার চোধে ভালো লেগেছে। হীরা নয়, জহরৎ নয়, হরিণ নয়, ময়ুর নয়,

রাবেয়ার ভালো লেগেছে নশরৎ আলীর স্বচেয়ে পেয়ায়ের আর স্বচেয়ে খাপ্তর্বৎ স্বয়ার চাঁদমিয়াকে। এতো ত্থবরই। তব্ মেহেরজ্ঞানের কথার ধাঁচে কোথায় যেন নশরৎ আলীর একট্ বিঁধল। সেটা মেহেরজ্ঞানের জিভেরই দোষ। এতকাল তো তাকে তিনি দেখে এসেছেন। মেহেরজ্ঞানের জিভ যেমন বাঁকা, তেমনি ছুঁচালো।

এক সময় চাঁদমিয়াকে তিনি নিজের কামরায় ডাকিয়ে আনলেন, 'তুমি নাকি ঘোডা থেকে প'ডে গিয়েছিল ?'

চাদমিয়া লজ্জিত হয়ে মুখ নিচু ক'রে রইল।

নশরৎ আলী সহাস্তে সম্প্রেহে বললেন, 'ব্যাপার কি মিয়া, তোমার এত পেয়ারের দবিয়া, সেই ভোমাকে পিঠ থেকে পায়ের নিচে ফেলে দিল ?'

চাদমিয়াও অপ্রতিভভাবে একটু হাসল, 'আজ্ঞে ছজুর, ওরা রঞ্চ দেখবার জন্ম অমন মাঝে মাঝে করে।'

'রঙ্গ দেখবার জন্ম ?'

'আজ্ঞে হাঁ। ফেলে দিয়ে আমার দিকে এমন ক'রে ডাকাচ্ছিল যে মনে হ'ল ওব চোধ ফেটে জল আসছে।'

নশরৎ আলী চমকে উঠে বললেন, 'কার, কার চোখ ফেটে জল আসছিল ?'

চাদমিয়া তেমনি বিনীত কঠে বলল, 'আজে হুজুব, দরিয়ার।'

'ও দরিয়ার। থাক গে, তিন দিন বাদে আবার ঘোড়দৌডের বন্দোবস্ত করছি। তুমি কি পাববে, না দরিয়ার রঙ্গ আর চোথের জলের লোভে পিঠ থেকে আবারও আছড়ে পড়বে ?'

'আজে না হজুর, তাহ'লে কি আর মান থাকে ?'

'हैं।, भारतंत्र कथा भरत थारक (यन।'

তা মনে থাকবে চাঁদমিয়ার। রাবেয়ার দিকে তাকাতে গিয়ে ঘোড়া থেকে প'ড়ে তার লজ্জার দীমা ছিল না রাবেয়া অবশু করুণ-ছল-ছল চোথে অনেকক্ষণ তার দিকে তাকিয়েছিল, নিজ হাতে দাওয়াই তৈরি ক'রে পাঠিয়েছিল কিন্তু অমন হাত থেকে কি কেবল দাওয়াই নিতে ইচ্ছা হয়, অমন চোথে কি কেবল দয়া দেথতে ভাল লাগে?

নিদিষ্ট দিনে ঘোড়দৌড়ের আয়োজন পূর্ণ হ'ল। ঘোড়া আর মাহ্মের পূর্ণ হয়ে গেল মাঠ। নশরৎ আলীর প্রাসাদের জানালায় বিবিরা এসে দাড়ালেন। কুটুম্ব স্বজনরা উঠল ছাদে। সমস্ত মাঠ কল্লোলে কোলাহলে ভ'রে গেল। উৎস্ক দর্শকদের ভাবে আশেপাশের গাছগুলি কেবলি দোল থেডে লাগল।

পালার প্রাস্ত থেকে কাতারে কাতারে ঘোড়া ছুটল। নশরৎ আলী এক সময় এসে রাবেয়ার পাশে দাঁডালেন। আন্তে আন্তে বললেন, 'ঘোড়দৌড় তোমার ভালো লাগছে ?'

রাবেয়া মাথা নাড়ল।

নশরৎ আলি বললেন, 'সাদা ঘোড়ার পিঠে টাদ্মিয়াকে বেশ মানিয়েছে, না ?'

রাবেয়া স্বামীর মুখের দিকে তাকাল, তার পর মৃত্ একটু হেসে বলল, 'মানাবে না ? মানাবার জন্মই তুমি তো এমন ক'রেছ। অমন শাপস্থার প্রয়ারকে তুলে দিয়েছ অমন চমৎকার শাপস্থার বোড়ায়।'

এক সঙ্গে রাবেয়ার এত কথা, এত মিষ্টি কথা যেন কোন দিন নশরৎ আলী শোনেন নি। প্রসন্ন হাস্যে বললেন, 'জুড়ি মিলাবার আমার হাত আছে বলো ?'

রাবেয়া আবার তার বড় বড় ন্নিগ্ধ প্রশাস্ত চোথ তৃটি তুলে স্বামীর দিকে তাকাল, বলল, 'তা তো আছেই।'

জবাব দিতে গিয়ে হঠাৎ পাশের দেওয়াল-আয়নার দিকে চোথ পড়ল নশরৎ আলীর। দেধলেন, ছটি বিশ্বিত বিষপ্ত চোথ মেলে রাবেয়াও সেই আয়নার দিকেই তাকিয়েছে। স্থামীর সঙ্গে চোথোচোথি হ'তেই বাবেয়া তাড়াতাড়ি চোপ ফিরিয়ে নিয়ে মাঠের দিকে তাকাল।

আড়চোথে নশরৎ আলী দেখলেন ঠিক সেই মৃহুর্তে সমস্ত ঘোড়াগুলিকে পিছনে ফেলে চাদমিয়ার ঘোড়া বিত্যুতের মত পাল্লার আর এক প্রাস্তে মিলিয়ে গেল।

সেদিক থেকে চোথ ফিরিয়ে এনে নশরৎ আলী আবার নিজের প্রতিবিধের দিকে তাকালেন, তাকালেন অন্তদিকে মৃথ ফেরানো রাবেয়ার দিকে। মনে হ'ল জোড় ঠিক মেলে নি। কিন্তু যদি না মেলে থাকে তাতেই বা কি আদে যায়? আর কেনই বা মেলেনি? মেরেদের মত পুরুষের রূপ আর যৌবন ডো কেবল তার দেহেই নয়, তার সামর্থো, তার খ্যাতিতে, তার ঐশর্থে, তাতো নশরৎ আলীর এখনও আছে। কিন্তু আশ্চর্য তাঁব সম্পদ রাবেয়ার চোখ ঝলসে দেয়নি, রাবেয়ার চোখকে মৃয় ক'রেছে তাঁরই একজন দীনাতিদীন অমুচরের দেহসোঠব। এর চেয়ে লজ্জার, এর চেয়ে বিশ্বয়ের আর কি হ'তে পারে। নশরৎ আলীর মনে পড়ল ভিনিও রাবেয়ার দেহলাবণ্য দেখেই মৃয় হয়েছিলেন। গুণ নয়, বংশ নয়, শুরু রূপ। কিন্তু নশরৎ আলী মৃয় হয়েছিলেন ব'লে কি রাবেয়াও তাই হবে? অমন ফ্লরে বিশ্বয়কর তৃটি চোখ কি কেবল পুরুষের স্থুল

দেহসৌষ্ঠবেই আটক থাকবে। আরও গৃঢ, আরও বিসময়কর কিছু আবিজ্ঞার ক'রতে পারবে না ?

হঠাৎ তুমূল কলধ্বনিতে নশরং আলীর চমক ভাঙল। 'চাদমিয়া কিতেতে, চাদমিয়া জিতেতে।'

নশ্বৎ আলী অভুত একটু হাদলেন। তাঁরই ঘোডা, তাঁরই সওয়ার, তবু জিত চাঁদমিয়ারই। নশরৎ আলীব নামগন্ধ কোথাও নেই।

নশরৎ আলী বললেন, 'শুনেছ, চাদিমিয়া জিতেছে। খুশি হয়েছ তো?'

রাবেয়া বলল, 'কেন হব না, তুমি হওনি ?'

'নিশ্চয়ই।' নশরৎ আলী রাবেয়ার প্রসন্ন মুথের দিকে তাকালেন, তারপর হাতের সেই দামী আংটিটি থুলে বললেন, 'এই নাও।'

त्रात्वश विश्विष द्राय वनन, 'ও कि, आवात आरों (कन।'

নশরং আলী বললেন, 'ভারি থুশি হয়েছি। কেন না তোমাকে এতথানি থুশি হ'তে আর দেখিনি।'

রাবেয়া মৃত্ হেদে বলল, 'ভাই নাকি। কিন্তু বকশিষটা আমাকে কেন?'

নশবং আলী বললেন, 'তবে কাকে ? চাঁদমিয়াকে ? তাব জন্ম ভেবনা। তাকে অন্ত জিনিষ দেব। আংটিটা তুমিই পর।'

পরদিন থেকে চাঁদমিয়াকে কোথাও দেখা গেল না। দরিয়ার জন্ম অন্ত সহিস নিযুক্ত হ'ল। সমস্ত বাড়ীটা নিঃশব্দ ইক্তিতে আর আশবায় থম থম ক'রতে লাগল।

একটু ইতন্তত ক'রে রাবেয়া বলল, 'কেউ কেউ বলছে চাঁদমিয়া আর পুথিবীতে নেই।'

নশরং আলী নিষ্ঠুর ভবিতে হাসলেন, 'কিন্ধ ভোমার হৃদয় কি বলছে, আর ভোমার খোদা।'

রাবেয়ার ঠোঁট ছটি একটু কেঁপে উঠল, কিন্তু কোন কথা বেরোল না।

এক ঘুমের পর জেগে উঠে নশরং আলী দেখলেন রাবেয়া তথনো শোষনি। পশ্চিম দিকে মৃথ ক'রে নিশ্চলভাবে হাঁটু গেড়ে বদে আছে। যেন খেত পাথরে খোদা এক মৃতি। রাবেয়ার এই মৃতি, এই ভঙ্গি দেখেই নশরং আলি একদিন মৃগ্ধ হয়েছিলেন, কিন্তু আজ তাঁর চোখ তৃপ্ত হ'ল না, জলতে লাগল। জলতে লাগল বুক, মনে হ'ল ও মৃতি একান্ত পাধরেরই, ওর মধ্যে প্রাণ নেই।

তিনি ডাকলেন, 'রাবেয়া।'

ত্' তিন ডাকের পর রাবেয়ার চমক ভাঙল, ফিরে তাকাল স্বামীর দিকে।

নশরং আলী বললেন, 'থোদাকে যতক্ষণ ধ'রে তাকছ তার চার আনি সময়ও যদি আমাকে তাকতে আমি তোমার মনের আশা মিটাতে পারতুম। চাঁদমিয়া পৃথিবীতেই আছে। দেখবে তাকে ?'

রাবেয়া মাথা নেড়ে আন্তে আন্তে বলল, 'না, আমি তাকে দেখতে চাইনে।'

নশরং আলী বললেন, 'না চল, তোমার একবার দেখে আদা ভালো।'

হাত ধ'রে নশরং আলি তাকে টেনে তুললেন।

সমস্ত বাড়ীটা নিশুক। খোপে খোপে মাহ্যব বুমচ্ছে, থাঁচায় থাঁচায় পাৰি। নশরং আলী রাবেয়াকে নিয়ে একটা অন্ধকার সংকীর্ণ

প্রকোষ্ঠে এনে থামলেন। ঘুরে ঘুরে একটা সরু সিঁড়ি মাটির নিচে গিয়ে নেমেছে। সিঁড়ির শেষে আরও ছোট, আরও সংকীর্ণ একটি ঘর। নশরং আলী একটা মোম জেলে রাবেয়ার হাতে দিয়ে বললেন, 'ধর', তারণর চাবি বার ক'রে বদ্ধ তালা থুলে দরজার পালা ঠেলে দিয়ে ব'ললেন, 'দেখ।'

মোমের মান মৃত্ আলো ঘরের ভিতর গিয়ে পড়ল। রাবেয়া একবার সেদিকে তাকিয়েই আঁৎকে উঠে স্বামীকেই জড়িয়ে ধরল, 'না না, স্বামি দেখতে চাইনে।'

চাদমিয়ার সর্বাঙ্গ, বিশেষ ক'রে সমস্ত মুখ নির্মম চাবুকের দাগে ছিঁড়ে ফেটে গিয়েছে। ক্ষতের মুখে রক্ত কালো হয়ে জমে রয়েছে। ক্ষীত মুখখানা এমন বিকৃত আর কুশ্রী দেখাচ্ছে যে মান্থ্যের মুখ ব'লে চিন্বার জো নেই। চোখের জ্র এবং পাতার ওপরেও চাবুকের ঘা পড়েছিল। রাবেয়ার ক্ষীণ আর্তনাদে প্রাণপণ শক্তিতে চোথের পাতা চাঁদমিয়া টেনে তুলতে চেষ্টা করল। তারপর স্বামীর সক্ষে আলিষ্ট ভীত শক্তিত রাবেয়ার দিকে তাকিয়ে মনে হল চাঁদমিয়া যেন হাসল। রাবেয়া তাড়াতাড়ি চোখ ফিরিয়ে নিল; তার পর কাতর মিনভিত্তে ব'লল, 'আমাকে নিয়ে চল!'

সক্ষে সক্ষে নশরৎ আলী তার কীণ কম্পিত দেহ ছহাতে তুলে নিলেন। মুখে তাঁর অভূত আত্মপ্রসাদের হাসি। শুধু চাদমিয়া নয়, থোদার সমস্ত ছ্নিয়াটাকে যদি তিনি এমনি চাবুকের ঘায়ে বিক্লত ক'রে দিতে পারতেন!

খবে এসে স্থত্বে রাবেয়াকে বিছানায় শুইয়ে দিলেন। রাবেয়া আত্তে আত্তে বলল, 'কেন এমন করলে, কি ক'রেছিল ও।'

উল্টোরপ

নশরং আলী বললেন, 'বিশেষ কিছু করেনি। বোড়দৌড়ের মাঠ থেকে জিতে এনে গভীর রাত্মে ঘুমস্ত ঘোডাকে আন্তে আতে রাবেয়া রাবেয়া বলে ডাকছিল।

রাবেয়া আর কোন কথা না বলে পাশ ফিরল। সঙ্গে সঙ্গে নশরৎ আলী তার মুখের ওপর ঝুঁকে পড়লেন। কথাটা শুনে রাবেয়ার মুখের রঙ কি রকম বদলায় হয়তো নশরৎ আলীব দেখবার লোভ হয়েছিল। কিন্তু তীক্ষ কুটিল দৃষ্টির সামনে অতাস্ত বিবর্ণ নিম্প্রভ রক্তহীন একখানি মুখাবয়ব মৃতবৎ স্থির হয়ে রইল।

নশরং আলী যেন খানিকটা তৃপ্তি পেলেন। তারপর হঠাং প্রম উদার্যের স্থরে বললেন, 'এই রইল সেই ঘরের চাবি। এরপর এখন তাকে নিয়ে তুমি যা খুসি তাই ক'রতে পার।

ত্বঃসহ আতকে রাবেয়া আর একবার শিউরে উঠল, 'না না না।'

ভার সেই শিহরিত কোমল বাছধানির ওপর আত্তে নিজের দীর্ধ প্রশান্ত হাতধানি রাধলেন নশরৎ আলী। সমন্ত সতা দিয়ে রাবেয়ার সেই শিহরণ তিনি যেন অফুতব ক'রবেন, সমন্ত অফুর্তির মধ্যে সেই শিহরণটুকুকে তিনি যেন চিরকালের জন্ম সঞ্চয় ক'রে রাধবেন।

খানিকক্ষণের মধ্যে গভীর ক্লান্থিতে নশরং আলী ঘুমিয়ে পড়লেন।

কিন্তু রাবেয়ার চোথে ঘুম নেই। তার চোথের সামনে সেই বিকৃত ক্ষতলাঞ্চিত মূথ অমুক্ষণ ভেসে রয়েছে। দেখে দেখে রাবেয়ার মনে হ'ল সে মূথ বীভংস নয়, অত্যস্ত করুণ, অত্যস্ত অসহায়। এক অক্ট চাপা আর্তনাদ সেই মাটির নিচের গহরর থেকে রাবেয়ার কাণে যেন বারবার ভেসে আসতে লাগল।

রাবেয়া আত্তে আত্তে বিছানার ওপর উঠে বসল। ঘরের এক কোণে মোমদানিতে একটা মোম জলে জলে প্রায় শেষ হয়ে এসেছিল। রাবেয়া আর একটা নতুন মোম জালল। তক্তাপোষের নিচে তার বাবার দেওয়া বড় একটা ঝাঁপিতে অনেক গাছড়া আর নানা রকমের ওষুধের তেল ভরা রয়েছে। ফ্কির ব'লে দিয়েছে এগুলি তাকে সব রকম বিপদ আপদ অস্থা বিহুধ থেকে রক্ষা ক'রবে।

ঝাঁপিটা বার ক'রে কি একটু চিন্তা করল রাবেয়া। তারপর ক্ষেকথানা গাছডা আর একটা তেলের শিশি তুলে নিল। চাবিটা তার বিহানার পাশেই প'ড়ে রয়েছে। তুলতে গিয়ে হাতটা যেন একটু কেঁপে উঠল। তারপর যুমন্ত স্বামীর মুখের দিকে একবার তাকাল রাবেয়া। একটু কি ইতন্তত করল, হয়তো তাবল তাঁকে ডেকে তাঁর অন্তমতি নিয়েই যাবে। আবাব কি ভেবে নিরন্ত হ'ল। তারপর চাবিটা তলে নিয়ে নিঃশব্দ পায়ে ঘর থেকে বেরিয়ে গেল।

আব কোন ভয় নেই, কোন শহা নেই, অভুত সাহস এসেছে রাবেয়ার মনে। গাছড়ার ঝাঁপিতে হাত দেওয়ার সঙ্গে সঙ্গে যেন আলোকিক দৈবশক্তি সে হাতে পেয়েছে। থোদার নির্দেশ শুনতে পেয়েছে ছদয়ের মধ্যে সারারাত।

সারারাত ত্:সহ যন্ত্রণায় আর্তনাদ ক'রে ভোরের দিকে টাদমিয়ার বোধ হয় একটু তন্ত্রার মত এসেছিল, ঘরের মধ্যে আলো আর পায়ের সাড়ায় সে চমকে জেগে উঠল, চোথ মেলতেই দেখল রাবেয়া তার দিকে ছোট একটা শিশি হাতে এগিয়ে আসছে। হঠাৎ যেন ব্যাপারটা ভার বিশ্বাস ক'রতে ইচ্ছা হ'ল না। কিন্তু প্রক্ষণেই খানিকক্ষণ আব্যের ঘটনাটা তার মনে পড়ে যাওয়ায় স্বাক্ষের তু:সহ যন্ত্রণা যেন

দ্বিগুণ হয়ে ফিরে এল। গৃঢ অভিমানে রাবেয়ার হাতথানা ঠেলে দিয়ে বলল, 'না'।'

ধাকা লেগে বাবেষার হাতের শিশিটা দ্রে ছিটকে পড়ল। নিজের হাতেব দিকে তাকিয়ে একম্ছুর্তে যেন বিমৃত হয়ে বইল রাবেয়া। তার পব হঠাং আঙুলেব জলন্ত অঙ্গুরীষটির দিকে তার চোথ পড়ল। তুই ঠোঁটে অঙুত এক ঝিলিক হাদি ফুটে উঠল। আন্তে আন্তে হাতেব আংটিটা থুলে টাদমিয়াব একটা আঙ্লে পরিয়ে রাবেয়া তেমনি হুর্বোধ বহস্তময় মৃত্ হাস্তে বলল, 'এবাব তো আর ওষুধে তোমাব কোন আপত্তি নেহ গ'

বিস্থয়ে আনন্দে চাদমিয়া নির্বাক হয়ে বইল। দেহ মনেব কোন জালার কথাই তাব আর মনে পড়ছে না।

বাবেয়া উঠে গিয়ে সেই শিশিটা তুলে নিয়ে এল। তারপর হাতের ভালুতে ঘন ধানিকটা তেল চেলে ভান হাতেব আঙুল ভিজিমে টাদমিয়াব মুখেব ক্ষতস্থানগুলিতে বুলিয়ে দিতে লাগল। টাদমিয়া গভীর শান্ধিতে চোধ বুজিল।

হঠাৎ পিজন থেকে একথানা বজ্রকঠিন হাত এসে বাবেয়ার কণ্ঠ চেপে ধবল। বাবেয়া মৃথ ফিরিয়ে দেখতে পারল না, কিন্ত হাতের স্পর্শ সে চিনতে পাবল।

চাদমিয়া চীংকাব ক'রে এগিয়ে আসতেই পায়ের ঠোকবে নশরং আলী তাকে ঘরের আর এক কোণে ঠেলে ফেলে দিলেন। ভারপর সেই বিবশ মৃচ্ছিত অপরূপ দেহাধারটিকে অনায়াসে তৃহাতে তুলে নিয়ে তিনি আব একবার সেই ঘোরান সিঁডি বেয়ে ওপরে উঠতে লাগলেন।

পরের দিন শোনা গেল অকন্মাৎ হার্টফেল ক'বে রাবেয়া মাবা গেছে। সহরের ডাক্টারও সেই রিপোর্ট দিল। বাডির আত্মীয়ম্বজন অন্থচরেরা আর একবার নীরবে পরস্পরের মুথের দিকে তাকাল। থবর পেয়ে থানার ইন্দপেক্টর চৌধুরী সাহেব বন্ধুবং সমবেদনা জানাতে এলেন এবং থানিকক্ষণ নিভূতে নশরং আলীর সঙ্গে কি তু একটি কথাবার্তা ব'লে বিদায়ও নিলেন। রাবেয়াকে কবব দেওয়ার আমুম্বলিক ব্যবস্থা ক'বতে নশরং আলীব ঘণ্টাথানেকেব বেশী লাগল না। অন্থচরেরা রাবেয়াকে তুলে নিয়ে গেল। নশরং আলি তাদের থানিকটা এগিয়ে দিয়ে ফিরে এলেন ঘরে। চার বিবির কেউ তাঁর কাছে আসতে সাহস পেল না।

শৃত্য ঘরের মধ্যে হঠাৎ এক ত্ঃসহ বেদনায় নশবং আলীর বৃকের
মধ্যে মোচড দিয়ে উঠল। চোথ ফেটে আসতে চাইল কারা।
কিন্তু নিজেকে নশরৎ আলী অনেক ক্ষেত্র সংবরণ ক'বলেন। কারা
ছাড়া তার আবও এক কাজ এখনো বাকী আছে। যে কুকুর তাঁর
রাবেয়াকে অন্তচিস্পর্শে কলঙ্কিত ক'বেছে, তাব চরম শান্তি বাকী
আছে এখনো। সে শান্তি নিজের হাতে না দিলে নশরৎ আলিব
অন্তর শান্ত হবে না।

পবিজ্ञনেরা এখানে ওখানে জ্ঞানা পাকাচ্ছে। নশরৎ আলী অলক্ষ্যে এক সময় সিঁভি বেয়ে সেই গুপু গহরবের উদ্দেশ্যে নেমে চললেন।

হঠাৎ মসিয়র উঠে দাঁড়াল, বলল, 'ওঠ, এবার আমরাও চলি, অনেক কাজ আছে।'

আমি তার হাত ধ'রে টেনে বসালাম। 'উঠব মানে। আগে ঠাদমিয়ার কি পরিণতি হ'ল তাই ব'ল।'

উণ্টোরথ

মসিয়র রহমান সিগারেটের ধোঁায়া ছাড়তে ছাড়তে রহস্যাত্মক ভিন্নতে হাসল, 'পবিণতিটা তেমন স্থবোধ্য নয়, এখানে এসে গর্মী কিছু অলোকিক আকার নিয়েছে, মাঝধানের খানিকটা অংশ অত্যন্ত অম্পষ্টও হয়ে গেছে।'

অস্তিষ্ণু হয়ে বললাম, 'ভণিতানাক'রে সংক্ষেপে বল চাদ্মিয়ার শেষ দশাটা কি হ'ল।'

মাসম্বর বলল, 'শুনেছি অত্যস্ত বৃদ্ধ ব্যবদ নশরৎ আলীর টাদমিয়াই স্বচেয়ে প্রিয়পাত্র ভিলেন। টাদমিয়া হাত ধ'রে তাকে রাবেয়ার কবরভূমিতে নিয়ে বেত, তার সঙ্গে পাকত' আবার রোজ সন্ধ্যায় ফিরিয়ে নিয়ে আসত বাভিতে। শেষের দিকে ভ্রুনের মধ্যে প্রভূভ্তের সম্পর্ক উঠে গিয়ে গভাব সোহার্দের স্পষ্ট হয়েছিল।'

বললুম, 'হঠাৎ এরকম অভিনব কুটুম্বিভাব কারণ।'

মসিয়র হেসে বলল, 'যারা ইয়াসিন ফকিরের কেরামভিতে বিশাস ক'রত তারা বলত ফকিরের গাছডার গুন। যে সব গাছডা রাবেয়া চাঁদমিয়ার ঘরে ফেলে এসেছিল তা হাতে পেয়ে চাঁদমিয়া অসীম দৈববলে বলীয়ান হয়েছিল, নশরৎ আলীব কিঘাংসা তাকে স্পর্শপ্ত ক'বতে পারেনি।'

বললুম, 'আর যাবা ফকিরের কেরামতিতে বিশ্বাস করে না ?' মসিয়র বলল, 'তারা আমার টীকায় বিশ্বাস ক'রবে ?' 'তোমার টীকাই শুনতে চাচ্ছি।'

মসিয়র বলল, 'নশরং আলী চাদমিয়াকে যে হত্যা করতে গিয়েও ক'রতে পারেননি, তা কোন গাছগাছভার জল্প নয়, চাদমিয়ার আক্লে পরিয়ে দেওয়া রাবেয়ার সেই আংটিটির জল্প। তার হাতে আংটিটি

দেখে নশরৎ আলী প্রথমে জলে উঠেছিলেন। বজ্রমুষ্টিতে সেই আংটি জদ্ধ হাত তার চেপে ধ'রেছিলেন। এটা তাকে উদ্ধার ক'রতেই হবে। এটা রাবেয়ার শেষ শ্বতিচিহ্ন। কিন্তু ছিনিয়ে নিতে গিয়ে সঙ্গে সঙ্গে তার মনে হয়ে ছিল, শেষ চিহ্ন হ'লেও রাবেয়া তো তার হাতে সেটা দিয়ে যায়নি। দিয়ে গেছে তারই এই বীতৎস, শ্রীহান অহ্চরটির হাতে। কথাটা মনে হওয়ার সঙ্গে সঙ্গে চাদমিয়ার ম্থের দিকে নশরৎ আলী তাকিয়োছলেন। ক্ষতস্থানের ম্থে ম্থে রাবেয়ার দেওয়া সেই মলম শুকিয়ে লেগে রয়েছে। রাবেয়ার আঙুলের শেষ স্পর্শ। সেই দিকে চেয়ে চেয়ে নশরৎ আলীর বোধ হয় মনে হয়েছিল রাবেয়ার অক্স্রীটির মত তার আল্লের স্পর্শগুলি শ্বতি হিসাবে আরও ম্লারান। সেগুলি রাধতে হ'লে চাদমিয়াকে রাধতে হয়, কেন না এক হিসাবে সেই রাবেয়ার জীবন্ত শ্বতিচিহ্ন।'

হেনে বললাম, 'ফকিরের চেয়ে তোমার কেরামতি কম কঠিন নয় মসিয়র ? কিন্তু নশরৎ আলীকে চাদমিয়া ক্ষমা করল কি ক'রে ?' মসিয়র ক্যেন জবাব না দিয়ে একমুখ ধোঁয়া চাড়ল।

সংক্রামক

মাথ। আঁচডে একটি একটি ক'রে কোটের বোতাম এটি এবাব নিচু হ'য়ে সরষ্ ছেলের জুভোর ফিতে বেঁধে দিছিল শশাক এসে ঘরে চুকল। মুহুর্তকাল চোথ তেরছা করে সরষ্ আর তার ছেলের দিকে ডাকিয়ে থেকে শশাক বলল, 'বাঃ, লাটের বেটার সাজ্থানা তো আজ দিবা মানিয়েছে।'

উন্টোরপ

সর্যু একবার শশাঙ্কের দিকে চেয়ে আবার ফিতে বাঁধায় মন দিল। যেন সে আর তার ছেলে ছাড়া এ ঘরে তৃতীয় কোন মাত্ম নেই।

কিন্তু শশাকের অন্তিত্ব অন্ত সহজে উড়িয়ে দেওয়া যায় না। একটু চুপ ক'রে থেকে দে আবার আরম্ভ করল।

'বলি, সাজিয়ে গুজিয়ে ছেলেকে এই ভর সন্ধ্যায় কোথায় পাঠাচ্ছ সর্যু ?'

সরযু জবাব দিল, 'কোথায় আবার পাঠাব? পার্কে খেলতে যাবে।'

শশাষ্ক একটু হাসল, 'ও তাই বল, আমি ভাবলুম আমাদের কানাই বুঝি সেজে গুজে মজা লুটতে বেকছে ।'

বিস্ময়ে ক্রোধে এক মৃহুর্ত হতবাক হয়ে থেকে সরযুদ্ধ উঠল, 'আদ্ধ আবার মদ থেয়ে এদেচ বৃঝি ?'

শশাস্ব হেনে বলল, 'ক্ষেপেছ, এই মাদের শেষে অত প্রদা কোথায়। বিশ্বাদ না হয় মূব শুঁকে দেখতে পারো; ব'লে সত্যিসতিয়ই শশাক্ষ সরযুর মুখের কাছে মূথ এগিয়ে নিল।

সরযু সভয়ে তুপা পিছিয়ে গিয়ে বলল, 'ছি ছি ছি, চোথের মাথা একেবারে থেয়েছে। এত বড ছেলে রয়েছে সামনে, লজ্জাও করেনা একটু।'

শশাস্ব বলল, 'ঠিক, ঠিক লজ্জা করাই তো উচিত। ভূলে, গিয়েছিলাম এত বড় ছেলে তোমার সামনে। সত্যিই তো। তাহ'লে যাও তো বাবা কানাই, জুতোর ফিতে তো তোমার বাঁধা হয়ে পেছে, এবার তুমি বাইরেই যাও, দেখনা মা তোমার লক্ষায় ম'রে যাছে।'

ব'লে শশাৰ পতিত্তই কানাইর ঘাডে হাত দিয়ে অসকোচে তাকে

উল্টোৱথ

দোরের বাইরে ঠেলে দিল, ভারপর ভার মুখের সামনে সশকে দোর বন্ধ করে দিয়ে এসে ভব্রুপোষের উপর বসল।

কানাই ক্লম্ভ আক্রোশে কিছুক্ষণ চুপ করে দাঁড়িয়ে রইল, তারপব বন্ধ দরজায় লাথি মেরে বলল, 'শালা।' ব'লেই তাড়াতাড়ি দৌডে বেরিয়ে গেল পাছে শশাক এসে ধ'রে ফেলে।

শশাস্ক কিন্তু দোর খুলবার একট্ও চেষ্টা না ক'রে বলল, 'শোন একবার কথা শোন ভোমার ছেলের। ন'বছর বয়সেই কি ভেজ দেখছ, বড হ'লে ও যুদ্ধের ক্যাপ্টেন হবে।'

সর্যু বলল 'হবেই ভো,'

শশাক হাসল, 'ও সেই ভবসাতেই আছ বৃঝি। কিন্তু আর ছু'
একটা বছর বেতে দাও, সলে ক'রে নিয়ে পাডা চিনিয়ে দিয়ে আসব।
দেখবে ওর মুখে তখন কি রকম বৃলি' বলে সরমূর থুখনি ধ'রে শশাক
কীর্তনের হুরে গেয়ে উঠল, 'রাধে তৃমি আমার প্রেমের গুরু,' ভারপর
আচমকা ভাকে একেবারে বৃকে চেপে ধরল।

সরযু নিজেকে ছাডিয়ে নেওয়ার চেষ্টা করতে করতে বলল, 'ছাড়ো, ছাড়ো শিগগির আমাকে। কেন, কি ক'বেছি আমি তোমার যে দিনের পর দিন, ছেলের সামনে আমাকে তুমি এমন ক'রে অপমান করছ। আর ওই এক ফোটা ছেলে এত হিংদা তোমার তাকে। তোমার নিজের ছেলে যদি হোত—'

শশাক বাধা দিয়ে বলল, 'আর সে বদি ভোমাব বোনের পেটে জন্মাতো তাহ'লে তুমিও ঠিক এমনিই করতে ৷'

সর্যু বলল, 'তুমি একটা পশু, নর-পিশাচ।'

শশাষ কোন কথা না ব'লে বিভি ধরাল, মেয়ে মামুষের এই কট

বিক্ষুর রূপ দেখতে তবু এক রকম কিন্তু ওরা যথন পোষমানা বিড়ালের মত কোলের ওপর গা এলিয়ে দেয় তথন শশাস্ক কিছুতেই যেন তা আর সহু করতে পারে না। অথচ প্রথম যত বিদ্রোহই দেখাক, এক সময় না এক সময় ওরা পোষ মানবেই, এই সর্যুই কি কম বাধা দিয়েছে, কম ধ্বস্তাধ্বন্তি ক'রেছে। কিন্তু এখন । একেবারে যেন সাতজ্ঞরের বিয়ে-করা বউ। তার আচরণে কে এখন টেব পাবে শশাস্ক সতি।ই তার পতি নয়, ভগ্নীপতি ।

ভায়রা স্থময় তথনো বেঁচে। সেবার সন্ত্রীক ভায়রার বাভিতে বেডাতে গিয়েছিল শশাক। খাওয়া দাওয়ার পর সরয়্ পানের ধিলি শশাকেব হাতে তুলে দিছে—বলা নেই কওয়া নেই তার আঙুল শুদ্ধ শশাক থিলিটা চেপে ধরল। য়ম্না পাশেই দাঁড়ানো ছিল। বাগে এবং লক্ষায় ঘুই বোনের স্থগৌর মুখ আরক্ত হয়ে উঠেছে।

সর্যৃ ধমকের ভঙ্গীতে বলল, 'ছি:, এসব ইতর রসিকতা আমরা একট্ও ভালোবাসিনা শশাস্ক। আমি য্যুনার বড় বোন। সম্পর্কে তোমার দিদি, ঠাটা ইয়াকির লোক নম! যাত্রা থিয়েটারে চুকে সভ্যতাভব্যতা একেবারেই বিস্কৃনি দিয়েছ।'

তারপর এই আটদশ বছরে কালচক্রের আবর্তনে সংসারে পরিবর্তন হয়েছে অনেক। যক্ষায় ভূগে এবং চিকিৎসায় সর্বস্থান্ত হয়ে স্থময়ের মৃত্যু হয়েছে। আর স্থামীর অত্যাচার নির্ধাতনে অতিষ্ঠ হয়ে যমুনা ক'রেছে গৃহত্যাগ।

ত্তিক্ষের বছরে ঘটিবাটি যেখানে য। ছিল বিক্রি ক'রেও যখন নিজের আর ছেলের ছ্'মুঠো ভাত ভোগানো অসম্ভব হয়ে উঠল তখন

সরযু অগত্যা শশাককে তার কলকাতার ঠিকানায় চিঠি লিখল, 'বলবার তো আর মুখ নেই, হতভাগী সকলের মুখে কালি দিয়ে গেছে। কিন্তু চক্ষ্লজ্ঞার সময় তো এখন নয় ভাই। চক্ষ্লজ্ঞায় প'ড়ে না খাইয়ে খাইয়ে ছেলেটাকে যদি মেরেই ফেলি তখন তুমিই একদিন বলবে, এমন দশায় পড়েছিলেন দিদি আমাকে না হয় একটা চিঠিই দিতেন। তাই চিঠি দিয়ে অবস্থাটা সব তোমাকে খুলে জানালাম। এখন তোমার ধর্মে কর্মে যা লয় কোরো।'

এমন চিঠি আরো হ' তিন জনকে সর্যু লিখেছিল, লিখেছিল খুডতুতো ভাইকে, দূর সম্পর্কের এক ভাস্থরপোকে আর স্বামীর একজন অন্তরঙ্গ বন্ধুকে। আর কি মনে ক'রে শেষে শশান্ধকেও লিখেছিল একথানা, কিন্তু কারো কাছ থেকে কোন জবাব এলোনা জবাব এলো কেবল শশাঙ্কের কাছ থেকে। শশান্ধ দশ টাকা মনিমর্ডার ক'বে লিখেছে এভাবে আলাদা করে টাকা তুলে দেওয়া তো তার পক্ষে সম্ভব নয় তবে সর্যু যদি শশাক্ষের বাসায় এনে থাকে এবং তার বুড়ো পিদিমার এক আধটু দেখা শোনা কবে তাহ'লে কোন মতে পরিবভাবে সবাই মিলে থাকা যায়। পাডাপডশিবা বলল এমন স্থােগ হাতছাডা করা উচিত নয়। কিন্তু শশাঙ্কের স্বভাচবিত্র সম্বন্ধে বঙ বদনাম শোনা গেছে যে। পরক্ষণে সর্যূ নিজেই নিজেব প্রতিবাদ করল। মাত্র কি আর চিরকালই এক রকম থাকে? ব্যুদ্রের কালে এক আধটু ফচকেমি ফিচলেমি করেছে ব'লে এখনও কি আর শশাক তাই করবে? তা ছাড়া সরযুরই বা এখন আর ভয় কিসের দেও তো এখন কচি মেয়ে নয়, ছেলেই তো তার এই ন' উৎরে দশ বছরে পড়ল, তারপর একবার কলকাতায় গিয়ে পড়তে পারলে

কত বৰম কত স্থবিধা স্থবোগ জুটে বেতে পারে। আর ছেলেটাকে যদি কোন রকমে মাসুষ ক'রে তুলতে পারে ভাহ'লে আর দুঃখ কিসেব সরযূর। কিন্তু সে সব কথা পরে। এখন সমূহ সমস্তা হ'ছেছে ছেলেকে বাঁচিয়ে রাখবার। উপোষ ক'রে ছেলে যদি ভার মরেই যায় তা হ'লে এই মান-সন্মান ধুয়ে কি জল খাবে সরযূ ?

ষ্টেশনে শশাস্ক উপস্থিত ছিল। কিন্তু স্বযুব চেহাবা আর সঙ্গে তাব অত বড় ছেলে দেখে শশান্তের সমস্ত উৎসাহ যেন নিভে এলো। একবার ভাবল এখান থেকেল বিদায় ক'বে তাবপর মনে কবল ক'ালন না হয় একটু পর্য ক'রে দেখা যাক আজ্ঞকাল কভ্যানি ঠাট্টা হয়াকি হজম করবাব সর্যুব শক্তি হয়েছে। তাছাড়া যে যমুনা তাকে এখন ভাবে জন্দ ক'বে গেলে তার খানিকটা শোধও তো শশাস্ক তুলে নিতে পারবে, যমুনাব ওপব শোধ তুলবাব স্থ্যোগ কি জানি জীবনে যদি একবাবে নাই-ই আদে।

কর্ণ ওয়ালিস খ্রীটেব ফ্ল্যাটবাডিতে শশাক্ষ নিয়ে তুসল সর্য্থ আর তার ছেলেকে। তুথানা ছোট ছোট থাকবাব ঘর, একটা পাকের ঘব, আর একটা বাথকুম। সব্যুকে সব দেখিয়ে শুনিয়ে দিল শশাক্ষ। এত স্থ্য স্থাবধার কথা সে ভাবতেও পাবেনি।

একটু বাদে সব্যুবলল, 'কই, তোমাব পিসিনা কোথায় শশাঙ্ক ? তাঁকে তো দেখছিনে।'

শশাস্ক মুখ মৃচকে হেসে বলল, 'তাকে কালী পাঠিয়ে দিয়েছি।
বুড়ী ভারী ঝগড়াটে। আপনি তার সঙ্গে কিছুতেই বনিয়ে থাকতে
পারতেন না সর্যুদি।'

সরযু বলল, 'এ তোমার কি রকম কথা হোল শশাহ। তার সংক্ষামার অবনিবনাও হওয়ার কি আছে। তুমি নিশ্চয়ই ঠাটা করছ।'
শশাহ হেসে বলল, 'করলামই বা, এক আধটু ঠাটা ইয়াকি তো
আমাদের মধ্যে চলতেই পারে।'

'ডোমার পিসিমা তাহ'লে তোমাব সঙ্গে এখন থাকেন না ?'

'কোন কালেই না। পিদিমা বলেই যে কেউ আমার নেই সরযুদি।

'তা হ'লে কে এখানে আর থাকতো। বিয়ে থা তো তারপর আব করোনি ভনেছি।'

শশাস্ক বলল, 'সে ঠিকই শুনেছেন যা হয়ে গেল তারপরও থাবার বিষে? কিন্তু নিতান্ত মেয়েছেলে না হ'লে নাকি পুরুষের চলেনা সেই জন্মই তমাললতাকে কিছুদিন রেখে ছিলাম, আপনি আসবেন ব'লে তাকে বিদায় করেছি।'

সর্যু জিজাসা করল, 'তমাললতা আবাব কে।'

শশাহ বলল, 'এই পাপমূথে সে কথা বলতে লজ্জা কবে। শত হ'লেও তো মমূনার আপনি বড় বোন, সম্পর্কে গুরুজন।'

সর্যু নির্বাক হয়ে গেছে, ইচ্ছা ক'রেছে তখনই ছেলেব হাত ধরে বেরিয়ে পড়ে, কিন্ধু রান্তার দিকে তাকিয়ে তার ভয়ে বৃক কেঁপেছে, কিলবিল করে কেবল অচেনা মাহ্য আর মাহ্য। কে জানে, এব প্রত্যেকটিই হয়তো একেকজন শশাহ্ষ, তার চেয়ে এই চেনা শশাহ্ই ভালো, যত ঠাট্টা ভামাদাই কহ্নক একেবারে যা তা কিছু তো আর করতে পারবে না, গলায় তো ছুরি বদাতে পারবেনা আর।

কিন্তু ঠাট্টা তামাদা ধাপের পর ধাপ চড়াতে চড়াতে তু' তিন দিন পরেই শশান্ধ যথন তাকে একেবারে বৃকে চেপে ধরল সর্যুমনে মনে ঠিক করল আর নয় এবার ছেলেকে নিয়ে সে বেরিয়ে পড়বে, পৃথিবীতে ভয় করবে সে কাকে, কিসের জন্তই বা ? আর তার কি অবশিষ্ট আছে হাবাবার ?

যুমন্ত ছেলেকে জাগিয়ে সব্যু চুপে চুপে বলল, 'চল কানাই এখানে আব আমরা থাকবনা।'

कानारे त्राप्तारह वनन, 'हतना।'

ছেলের হাত ধ'রে সিঁড়ি বেয়ে নেমে একেবারে সদর দরজা পর্যন্ত এসে থেমে দাঁডাল সবয়, অসংখ্য গাড়ী ছুটে চলেছে রাজপথে, রাত্রির অন্ধকারে তাদের আলোগুলি জলছে রূপকথার বাক্ষসের চোথের মত।

कानारे वनल, 'करे मा हन।'

সরষু তাকে বুকেব মধ্যে টেনে নিয়ে বলল, 'যাব বাবা, যাব, তুই আর একটু বড় হয়ে নে, তারপর তো যাবই।'

कानारे वनन, 'वड (छ। आमि श्याहि मा।'

नव्य (हरन वनन, 'बाव्रक এक है वर्फ ह' एक हरव (य वावा।'

সরযু ফিবে এল, সত্যিই তো, হাবাবার আর তার কি আছে, ভয় করবার আর তার কি আছে যে সে এমন মরীয়া হয়ে গাড়ী চাপা পড়তে যাচ্ছিল ? তার অদৃষ্টে যা হবার তা যথন হয়েছেই তথন এই অ্যোগে ছেলেকে কেন বড় ক'রে তুলবেনা সর্যু, পরের পয়সায় ভাকে মায়্র ক'রে তুলবার অ্যোগ কেন আর সে হাতছাভা করবে ?

ভাবপর বিনা বাধায় বিনা আপত্তিতে সর্যু ষ্থন তাব সমস্ত আদর সোহাগ গ্রহণ করল তথন শশাক নিজেই বিম্মিত না হয়ে পারলনা। এত অল্পতেই যে পোষ মানবে সবযু তা সে আশা বরং আশকা করেনি,
আর এই নিতান্ত সাধারণ রূপহীনা গতপ্রান্থ যৌবনা সর্যুর মত মেয়ে
যদি পোষ মানল, যদি শশাকের এই সব অবৈধ আদর আহ্লাদ বৈধ
বলেই মেনে নিল তা হ'লে আর রস রইল কোগায়। ঝাঁঝের মধ্যেই
তো মদ আর মেয়ে মালুবের যত মাধুর্য।

বাকে দিদি বলে ভাকতে হোত গুরুজন বলে সমীহ ক'বে চলতে হোত এমন কি সময় বিশেষে পা ছুঁরে প্রণাম পর্যন্ত করতে হোত মুখের ওপব তাকে নাম ধবে ডাকতে পারাব মধ্যেই একটা নিল জি নিষ্ঠরতার স্থাদ আছে।

সরষ্ হ' একদিন মৃত্ আপত্তি করে বলোছল, 'ছি: অমন ক'বে নাম ধরে ডেকোনা বড লজ্জা করে আমাব, বরং কানাইয়েব মা ব'লে ডেকো।'

শশান্ধ জ্বাব দিয়েছিল, 'সে কানাইব বাবা হ'লে ডাকত।'

আবের কমেকদিন বাদে সর্যু আবার বলল, 'আচ্ছা নাম ধ'রে ভাকতে চাও ভাক কিন্তু তাই ব'লে কি অত বড ছেলেব সামনেও ভাকবে? শত হ'লে চকুলজ্জা বলেও তো কিছু আছে মামুষেব? ন'দশ বছরের ছেলে। ও না বোঝে কি?'

ফলে শশাক নতুন থেলার সন্ধান পেয়ে গেল, সর্যুব যাতে লজ্জা
শশাকের তাতেই আনন্দ। কানাইর কাছে সর্যুকে তো সে নাম
ধ'রে ডাকে মাঝে মাঝে অন্তরাগের এমন বাল্ প্রকাশ করে যে রাগে
আর কর্ষায় ন' বছরের ছেলে কানাইর চোধ জ্বলতে থাকে আর
স্কাহায় অপমানে আর লজ্জায় আধাব্যদী সর্যুর ক্যাকাদে মুধ রক্তে
যেন ফেটে পড়তে চায়, ভারি অপূর্ব দেধতে সে জিনিস, ভারি মন্ধার।

থিয়েটারে পার্ট করে শশাহ্ষ, মাঝে মাঝে সিনেমাভেও নামে, অভিনয়ে তাব নাম আছে, আব শুধুষণ নয় টাকাও সে পকেট ভ'রে আনে।

একদিন তার মনে প্রশ্ন এলো এত টাকা দিয়ে করে কি সরযু, দামী কাপড় চোপড় গহনা পত্র কিছুতেই সরযুকে পরানো যায়নি, যদি বা শশাঙ্কেব জোর জবরদন্তিতে পরেছে কোনদিন তাব পর মূহুর্তেই আবার ছেড়ে ফেলেছে। কোনদিন নিজের জন্ম কোন জিনিস তাকে আনতে বলেনা সব্যু নিজে হাতে ক'রে যে কেনে তাও নয়। যম্না, মালতী, যুইফুল, তমাললতা স্বাবই এই বেশবাসের দিকে ঝোঁক ছিল, ব্যতিক্রম কেবল সর্যু।

ভাবপর একট সতর্ক হয়ে লক্ষ্য ক'বতেই অবশু টাকাব থোঁজ মিলল। ছেলেব জন্ম দামী দামী রকম বেরকমের জামা কাপড় জুতো—পাঠ্য বই কয়েক থানা ছাডাও চমংকার ছবিওয়ালা সব বই, বাঁধানো মোটা মোটা থাতা, দামী কাঁচেব দোয়াতদানি, কলম, বঙীন পেনাসল আর রকমারা সব থেলনায় সরযুর ঘর একেবারে ভ'রে গেছে, থোঁজ নিয়ে জানা গেল সরযুব ভত্বাবধানে কানাইর নামে পাডারি ব্যাক্ষে একটা এগকাউণ্ট পর্যন্ত ভাছে।

শশাস্ত মনে মনে হাসল। তাহ'লে সর্যুকে সে যত বোকা ভেবেছিল তা তো সে নয়। শিধিয়ে পডিয়ে ছেলেকে দিব্যি মাত্র্য ক'বে তুলছে, কানাই তার একমাত্র আনন্দ ভবিন্তাভের একমাত্র ভবসা, ভাবপর একদিন হয়তো এই কানাইকেই সে লেলিয়ে দেবে শশাঙ্কের ওপ্ব, তার সমন্ত অপুমানেব শোধ তুলবে।

এরপর শশান্ধ বেশ একটু সতর্ক হয়ে চলতে চেষ্টা করল। টাকা

উল্টোব্ৰথ

পয়সা আর তেমন ক'রে দেয় না। সামাল্য কারণে কানাইর কান ম'লে দেয় গাল টেনে ধরে। এ যেন ছুই নথের মধ্যে টিপে ছাব-পোকা মারার আনন্দ।

একদিন আয়নাব সামনে দাঁড়িয়ে বিভিন্ন অকভদিব সদে শশাহ পার্টের রিহার্সাল দিচ্ছে হঠাৎ জানালা দিয়ে তার চোথ পডতেই দেখল কানাই বাইরে দাঁড়িয়ে দাঁড়িয়ে বিক্বত মুখভদিতে তাকে ভেংচাচ্ছে—দেখেই মাধায় বক্ত চডে গেল শশাহের।

'তবেরে বাঁদরের বাচা।' ব'লে শশাক রুদ্রমৃতিতে ঘর থেকে এক লাফে বেরিয়ে এল, পডি কি মরি ক'বে কানাইও দিল ছুট। শশাক ছুটল তার পিছনে। ধবা পডবার ভয়ে কানাই ছু' ভিনটা সিঁড়ি এক লাফে ডিঙাতে চেষ্টা করতেই কি ক'রে তাব পা ফদকে গেল এবং গোটা বিশেক সিঁডি গড়িয়ে গড়িয়ে একবাবে মাটিতে এসে পড়ল।

গেছে গেছে ক'বে সর্যু এল ছুটে, ততক্ষণে কানাই সম্পূর্ণ অজ্ঞান হয়ে পড়েছে আসর ফিনকি দিয়ে রক্ত ছুটছে মাথা থেকে।

এ্যাস্বেন্স্ এল, কানাই গেল মেডিক্যাল কলেজে। ডাক্তারদের ম্থের দিকে তাকিয়ে বোঝা গেল অবস্থা গুরুতর। এরপর সর্যুর ম্থের দিকে তাকাবার আর সাহস হোল না শশাকেব।

দিন ছই পরে কানাইর জ্ঞান ফিরল, সর্যু আর শশাক ছু'জনেই উৎঠিত মুখে বিছানার পাশে দাঁড়িয়েছিল।

ष्यकृष्टेश्वदव कानाहे जाकन, 'मा !'

मत्रम् अॅंटक भट्ड वनन, 'এই यে वावा।' कानाहे वनन, 'वावा काथाय।'

শশাস্ক এগিয়ে এসে কানাইর বিছানার পাশে বসল, ভারপর ভার ছোট রোগজীর্ণ হাতথানি নিজের মৃঠির ভিতর নিয়ে বলল, 'কেন বাবা, এই যে আমি।'

সঙ্গে সঙ্গে তার শিরা উপশিরার ভিতব দিয়ে যেন একটা অভ্ত-পূর্ব চমক থেলে গেল।

অপাঙ্গে একবার তাকাল শশান্ধ সরষুব দিকে তার জলভরা চোথে লজ্জার এক অপূর্ব রঙ লেগেছে। কানাই বলল, 'আমি বাডী যাব।'

শশান্ধ বলল, 'যাবেই ভো, কালই তো ভোমাকে বাড়ী নিয়ে যাচ্ছি।'

কানাই একটু ভীত দৃষ্টিতে শশাঙ্কের দিকে তাকাল আব মারবে না তো ?'

শশাস্ক কানাইর তুর্বল ছোট মৃঠিটুকু হাতের মধ্যে চেপে ধরে সংস্থাহ হাতো বলল, 'তুষ্ট ছেলে! মাবব কেন?'

তারপর শশাক আব কানাই-এর অন্তবক্তা দিনের পব দিন এমন গভীর হ'তে লাগল যে সর্যু অবাক হয়ে গেল। কিছুদিন আগেও যে এরা পরস্পারকে অত্যন্ত বিদ্বেষেব চোথে দেখত তা এখন কে বিশ্বাস করবে। শশাক্ষ যেন নতুন জন্ম নিয়েছে। যতক্ষণ বাডী থাকে কানাইকে এক মৃহ্র্ত চোথের আভাল কবে না। খাওয়ার সম্ময় সঙ্গে নিয়ে থেতে বসে, শোয়ার সম্ময় পাশে নিয়ে গল্প কবে।

উল্টোব্রথ

বেশির ভাগ সময় শশাক্ষের আজকাল কানাইকে নিয়েই কাটে।
সকালে বিকালে পড়তে বসায়। কোন দিন বা নিয়ে যায় সিনেমায়
কোন দিন বা খেলার মাঠে। যেদিন বেরুতে পারে না সেদিন ব'সে
ব'নে ছেলেমাস্থবৈর মত কানাইর সঙ্গে ক্যারমবোর্ড খেলে।

সর্যু একদিন বলল, 'ডোমার হয়েছে কি আদর দিয়ে দিয়ে যে ছেলেটার মাথা খাচছ।'

শশাক পরম বিজ্ঞের মত বলল, 'ওটা তোমার ভূল, আদর যত্নে ছেলেরা ভালোই হয়।' তারপর একটু হেসে বলল, 'বিগডোয় কেবল মেয়েরা।'

সর্যু বলল, 'আহা।'

সেদিন কানাইকে নিয়ে শশাক সিনেমা দেখতে যাবে। বইখানায়
শশাকেবও ভূমিকা আছে। এর আগে সরয় কোনদিন শশাকের
সঙ্গে সিনেমায় যায়নি, কোথাও বেড়াতেও বের হয় নি। শশাকের
বছ অমুরোধ উপরোধ তিরস্কার ভর্মনাতেও নয়। কোন বড
রকমের বাধা শশাককে দেওয়ার শক্তি তো নেই, তবু যে কোন
উপায়ে ছোটখাট ইচ্ছার বিবোধিতা ক'রে সবয় অপূর্ব আত্মপ্রসাদ
শাভ করেছে।

কিন্তু আজ যথন কানাইকে নিয়ে শশান্ধ বেরুবাব আয়োজন করেছে সরয় নিজেই এসে ছল্ন অভিমানের ভঙ্গিতে বলল, 'বলি যাওয়া হচ্ছে কোথায়? সব সলা পরামর্শ কেবল ছেলের সঙ্গে! কান্ন ছাড়া এ বাডীতে আর কেউ থাকেনা বৃঝি।'

এই অভিমানের অভিনয়ের মধ্যে কোধায় যেন একটু বেদনার আভাস ছিল এমন কি কানাইর কানেও তা ধরা পড়ল। কানাই

উন্টোবথ

একবার মার দিকে চেয়ে কি যেন বুঝতে চেষ্টা করল তারপর শশাককে বলল 'মাকেও নিয়ে চল বাবা' বলেই কানাই তাড়াতাতি লক্ষায় ম্থ ফিরাল। চুক্তিভঙ্গের লক্ষাজনক সংখ্যাধনটা এতদিন শশাক আর কানাইর মধ্যে একটি গোপন রত্বের মত ছিল। সেই গোপনতার মধ্যে কত কৌতুক, কত রহস্ম।

শশাক এক মৃহুর্ত দেই লজ্জিত কিশোর কোমল ম্থের দিকে ভাকিয়ে বইল। লজ্জার বিচিত্র প্রকাশ শশাক কত প্রণয়িণীর আমত চোখে আর আবক্ত কপোলে নির্ণিমেষে চেয়ে চেয়ে দেখেছে কিন্তু তা কি এত মধুর, এত নয়নাভরাম ?

কানাইকে শশাক তাডাডাডি.কোনের মধ্যে টেনে নিয়ে ভার
অপ্রাডভ মুখখানি নিজের বুকের মধ্যে চেপে ধরে সর্যুর দিকে চেম্নে
সকৌ এক হাস্তে বলল, 'আমাদের কানাই মহাবাজেব যথন আদেশ
তথন তো তার মাকে নিতেই হয় সঙ্গে কি বলো ?'

কিন্তু সরমুর চোথে কৌতুকও নেই, আনন্দও নেই, তাব চুই চোথে আবাব সেই প্রথম দিনেব ঘুণা আর বিষেয় জল জল ক'রে উঠেছে।

খানিকক্ষণ চূপ ক'রে থেকে শশাক্ষেব দিকে তাকিয়ে নীরস ক্ষক্ষ কণ্ডে বলল, 'ছ', এই স্বই বুঝি আজ্বকাল শেখান হচ্ছে ছেলেকে ? তারপর কানাইর দিকে ফিবে বলল, 'কানাই সিনেমায় তোমাব আজ্ব যাওয়া হবে না।'

কানাই মূথ তুলে মাব দিকে তাকাল, 'বাংরে বললেই হোল ষাওয়া হবে না। ডোমাব কথাতেই হবে বুঝি ?'

সর্য ক্রুদ্ধ জলস্ত দৃষ্টিতে মুহূর্তকালে ছেলের দিকে তাকিয়ে

থেকে বলন, 'না তা আব হবে কেন? হতভাগ্য কোথাকাব এখন থেকে তোমার কথাতেই সব হবে।' ব'লে সর্থ ভাভাভাভি ঘর থেকে বেরিয়ে গেল।

শশাক সংলহ ধমকে বলল, 'ছি:, মার সঙ্গে অমন করে কথা বলে বুঝি? মা হোল সকলের চেয়ে গুক্জন জানো না।'

ষেতে যেতে কথাটা কানে যাওয়ায় অতি তৃ:বেও হাসি পেল সর্যুর। ভণ্ডের মৃথে মহাভারত। মায়ের সঙ্গে কেমন ব্যবহার করবে না করবে তাও সর্যুব ছেলেকে আজ শশাঙ্কের কাছ থেকে শিথে নিতে হবে।

সরষু সেই যে গিয়ে ঘরে খিল দিয়েছে অনেক সাধ্যসাধনায়ও শশাফ তা খুলতে পায়ল না। এদিকে কানাই নাছোডবানা সে যাবেই রাগে আর অভিমানে বারবার তার তৃটি কোমল স্থন্তর ঠোঁট ফুলে ফুলে উঠছে।

শশাক অবশেষে বলল, 'আচ্ছা চল।'

বুক ফেটে সরযুব কালা এল। বহুদিন পরে আছ আবাব তাব স্থামীর কথা মনে পডেছে। অক্তজ্ঞ ছেলেব নির্লজ্ঞ্জার লজ্ঞায়, ধিকারে সবযুর ম'বে যেতে ইচ্ছা করল। জাগল, একে একে সমস্ত কথা, সমস্ত ইতিহাস তাব মনে, দিনের পর দিন কি অত্যাচার কি লাঞ্ছনা কি অপমানই না শশাকেব কাছ থেকে হু' হাত ভ'রে গ্রহণ ক'রেছে সরযু। একমাত্র ঐ ছেলের দিকে চেয়ে। সে বড় হলে আর কোন হুংখ থাকবে না সরযুর। জীবনের যত গ্লানি যত লজ্জা সব কানাইর ভক্তি আর ভালোবাসার অজ্ঞ্জ্ব ধারায় নির্মল হয়ে যাবে। আর কেউ না বুরুক বড় হ'লে কানাই তো বুরুবে সরযুর এই আ্লা-

ত্যাগের মৃল্য। সে নিশ্চমই অহভেৰ করতে পারবে কেবল তার জন্মই সর্যু দিনের পর দিন এই অপমানের হঃসহ জীবনের ভার বয়ে চলেছে। কেবল তার মুখের দিকে তাকিয়েই মরতে সর্যুর মন যায় নি।

কিছ আজ যেন নতুন দৃষ্টি থুলে গেল সরযুর। জলভরা চোথের সামনে ভবিহাতের যে মৃতি ফুটে উঠল তাতে আঁথকে উঠল সরযু। এই তো কেবল স্বরু। এব পর একটু বড হ'লে কানাই মৃথেব ওপরই তাকে অপমান করা আরম্ভ কববে। আচারে আচরণে চোথের দৃষ্টিতে মৃথেব ভাষায় মায়েব ওপর তার দ্বণা আর অবজ্ঞা ঝ'রে ঝ'রে পড়বে। ছি ছি এমন ভূল কি ক'রে করল সরযু। কেন তখনই বেরিয়ে গেলনা ছেলেব হাত ধ'বে। কেন আত্মহত্যা ক'রে মরল না। এত মোহ, এত ভালবাস। এই ছাব জীবনেব ওপব।

সর্যূর তু চোধ আবাব জলে ভ'রে উঠল। ধিকারে অন্থশোচনায় নিজেকে সে যেন নিশ্চিহ্ন করতে পাবলে বাঁচে। এই বছর করেকের মধ্যেই স্লান হয়ে আসা স্বামীব মৃথ মনে আনতে চেটা করল, স্থময় যেথানে যে লোকেই থাক তার কাছে তো গোপন নেই তাদের ছেলেকে অনাহার থেকে বাঁচাতে গিয়েই সর্যূর আছে এই দশা।

শশাঙ্কের বছ অন্থরোধ উপরোধে হাতে তুগাছা করে চুডি আর সোনার সক্ষ এক গাছা হার বাবহার করা আরম্ভ ক'রেছিল সর্যু। আজ তা থুলে ফেলল, তাবপর তার চোথে পড়ল বেশ থানিকটা চওডা লালপেডে শাডী তার পরণে। লজ্জার ঘুণার সর্যুর মনে হ'তে লাগল পাডটাকে টুকরো টুকরো করে সেছিডে ফেলে। শশাঙ্ক কিছুডেই সাদা থান পরতে দেবে না। তাই চুল পাড় থেকে ইঞি

পাড় ইঞ্চি পাড় থেকে একরতা চওড়া লাল কি কালো পেডে শাড়ী সরষ্কে বাধ্য হয়ে ব্যবহার করতে হয়েছে। কিন্তু কিছুতেই অন্ত সব দামী নক্সা পাড় শাড়ী শশাহ সরষ্কে পবাতে পারে নি। ওইটুকু রচ্ছতা ওইটুকু অবাধ্যতা দিয়ে সরষ্ নিজের কাছে ভায় এবং নীতির খানিকটা মর্যাদা রাখতে চেষ্টা ক'রেছে। কিন্তু আজ এই লালপাড়টুকু সরষ্র কাছে নিজের সমস্ত পরাজয়, সমস্ত অপমানের প্রতিভূ হয়ে দেখা দিয়েছে।

হঠাৎ তার মনে পড়ল যে ত্থানি সাদা থান সে আস্বাব সময় নিয়ে এসেছিল তা এখনো আলমারীর এক কোণায় শশাঙ্কেব দেওয়া অব্যবহৃত অসংখ্য বিলাস উপকরণের আড়ালে আত্মগোপন ক'রে আছে। সর্যুর মনে হোল একমাত্র সেই শুভ্র শুচিবাসে তার সমস্ত জালা, সমস্ত লাঞ্লা ঢাকা পড়বে।

সরযু আঁচলের চাবির গোছা থেকে চাবি বের ক'বে শশাঙ্কেব দামী কাঁচের আলমারী খুলে ফেলল।

তাক ভ'রে রঙ বেরঙেব শাড়ী আর সেমিছ রাউস আর পেটিকোট। এক মৃহুর্তে সেই রঙীন বৈচিত্রের দিকে সব্যু মৃথ বিহ্বল চোথে তাকিয়ে রইল, এত রঙ পৃথিবীতে, আর রঙে এত আনন্দ, এতদিন সব্যু কি চোথ বুজেছিল। ধীরে ধীরে এক একটি ডুয়ার খুলে ফেলল সর্যু, কোনটিতে অলঙ্কার, কোনটিতে প্রসাধনের নানা ম্ল্যবান সামগ্রী, এ প্যস্ত কিছুই সব্যু স্পর্শ করেনি। আছ প্রতিটি জিনিষ বার বার ক'রে সেছু য়েছু য়ে দেখতে লাগল, স্ব ভার, স্ব কেবল সর্যুর জ্ন্যু স্ব, সমন্ত পৃথিবী।

দিনেমা থেকে কানাইকে নিষে ফিরে এল শশাষ। উল্লাসে আর আনন্দে কানাই যেন ফেটে পডছে!

শশাস্ক হেসে বলল, 'তা হ'লে সন্তিট্ট তোর খুব ভালো লেগেছে কাম ?'

কানাই দোৎসাহে বলল, 'চমৎকার, আর সাহেবের বেশে এমন মানিরেছিল তোমাকে, তারপব তুমি যথন বন্দুক নিয়ে একা একা অমন অন্ধকার বনের ভিতর দিয়ে চলতে লাগলে আর গুণুটা লুকিয়ে লুকিয়ে ভোমার পিছু নিল আমি তো ভয়েই অস্থির। এমন বোকা তুমি। গুণুটাকে তুমি কেন আগেই দেখতে পেলেনা আমি তাই ভাবি।'

শশাস্ক সম্প্রহে কানাইয়েব কাঁধে হাত রেথে মৃত্ হাসল। এমন তৃপ্তি এত আনন্দ শশাস্ক যেন আর কথনো জীবনে পায়নি। কত গুণমৃগ্ধ ভক্তেব কাছ থেকে কত অভিনন্দন কত প্রশংসা এসেছে, পাশে ব'সে কত নাবী তাদের অপরূপ বিচিত্র ভঙ্গিতে শশাস্কের অভিনয় নৈপুণ্যে আনন্দাচ্ছাস ব্যক্ত করেছে কিন্তু কারো কঠেই কি এত আন্তরিকতা ছিল, এত মাধুর্য ? এর আগে কি কারো ছটি আনন্দাজ্জ্বল চোথের দিকে তাকিয়ে নিজের অমবত্ব সম্বন্ধে শশাস্ক

গভীর স্নেহে কানাইকে কোলের মধ্যে টেনে নিল শশাক, মধুর বাংসল্যে তার অন্তর কানায় কানায় পরিপূর্ণ হয়ে গেছে।

হঠাৎ কানাই চমকে উঠে অস্ট্র কঠে বলল, 'মা।' শশাঙ্কও মুথ তুলে দেখলে সামনে সরয়। কিন্তু একি বেশ তার সেই পবিচিত অনাভম্বর সজ্জা কোধায়

নিশ্চিক্ হয়ে গেছে। শাড়ীর জমকালো রঙে অলভারের প্রাচ্র্যে, প্রসাধনের অপটু আভিশয্যে সর্যুকে আর চিনবার জো নেই।

শশাক আর কানাই তুজনেই বিহরেল ভাবে দাঁড়িয়ে আছে দেখে সর্যু একটু মুচকি হাদল, 'সিনেমা দেখা হয়ে গেল ভোমাদের ?'

শশাক বলল, 'হুঁ,'

'जूरे क्यन प्रथमित कानारे ?'

কানাই কোন জবাব দিলনা, নির্বাক বিশ্বয়ে এবং থানিকটা কোতৃক ও কৌতৃহলের চোথে সে মাকে চেয়ে চেয়ে দেখতে লাগল। ছেলের চোথকে অবজ্ঞা ক'রে সর্যু শশাকেব দিকে তাকাল, তারপর প্রশন্ত তরল কর্পে বলল, 'কি মুধে যে একেবারে বা নেই। খুব খারাপ লাগছে নাকি দেখতে ?'

শশান্ধ ইন্দিতে একবার কানাইকে দেখিয়ে দিল। অর্থাৎ ওর উপস্থিতিতে এমব প্রমন্ধ আলোচ্য নয়।

কিন্তু সরযুর কোন দিকে কোন ধেয়াল নেই, সে যেন নতুন স্বাদ পেয়েছে জীবনে, নতুন নেশা।

সরষ্ তেমনি তরল খবে বলল, 'বাংরে এতদিন পবে তোমার পছনদ মত ক'রে সাজলুম, একবার মুখ ফুটে বলবেও না কেমন লাগছে।'

শশাস্ক বিপ্রত এবং বিমৃত ভাবে সরযুর দিকে তাকাল। হঠাৎ কি হয়েছে সরযুর ? টনিকের বদলে ভুল ক'রে অহা কিছু থেয়ে বসেনি তো? কিছু ভুল করবার মেয়ে তো সরযু নয়, যদি ক'বে থাকে ইচ্ছা ক'বেই করেছে, কিছু কেন হঠাৎ এমন তুর্মতি হ'ল সরযুর ?

সরযু এবার এগিয়ে এসে শশাকের হাত ধ'রে আন্তে একটু নাডা দিল, 'বলো না গো, না হ'লে আমি সব কিন্ত আবার ছেড়েছুড়ে ফেলব।'

শশাক এবার কানাইর দিকে তাকাল, 'যাও তো কানাই, ওঘরে গিয়ে ছবির এ্যালবামটা দেখতো ততক্ষণ, আমি এথুনি আসছি।'

সর্যু খিল খিল কবে হেদে উঠল, 'ওমা, তাই বল, কার্ত্ত দেখে ভোমার এত লজ্জা, আহাহা, ও খেন আর জানেইনা কিছু। মিটমিটে শ্যুতান।'

যথাস্তান

ভোবেও ঘরেব ভিতরটা অন্ধকার হয়েই থাকে। কোন দিকে কোন কাঁক নেই আলো আদবাব। একটি মাত্র জানালা আছে পশ্চিমের দিকে কিন্তু দেটিও খুলবার জোনেই। জানালার ওপারেই সেই বাবরিকাটা মৃদলমান ছোকরাটিব বিজির দোকান। মাত্রখানে মাত্র দেড়হাত গলি। ইচ্ছা করলে একটু এগিয়ে এদে শিকেব ফাঁক দিয়ে সে উমার আঁচলও টেনে ধরতে পারে। ইচ্ছা যে ওর করে না তা নয় কিন্তু অতথানি সাহস আজও হয়নি। তবে হ'তে কছকণ। স্পর্ধা ওর দিনের পর দিন বেড়েই যাচ্ছে। জানলা একটু খোলা পেলেই উমার দিকে তাকিয়ে সে হাসে, চোধের ইসারায় অন্থরাগ জানায়, আজকাল শিস্দিয়ে গানও আবস্তু ক'রেছে, 'চোধে চোধে রাখি হায়রে।'

বউদি স্থলতা আধো স্থবে বাকি কলিটুকু গেয়ে দেয়, 'তবু

তারে ধরা যায় না।' আহাহা, বেচারার হৃদয় ফেটে যাচ্ছে, গলা ভেঙে যাচ্ছে—ধরা ভাকে একট্থানি দাও না ঠাকুরবি।'

উমা বলে, 'মর তুমি। এত দয়া থাকে তুমি ধরা দিলেই পার।' স্থলতা বলে, 'আহাহা আমাকে তো আর চায় না। জানে কিনা যে আমার একজন আছে।'

উমা চূপ ক'রে যায়। একজন তার নেই। বিয়ের বছর তুরেকের মধ্যেই সে বিদায় নিয়েছে।

স্থলতা ব্বতে পাবে, কথাটি ভালো হয়নি। কিন্তু প্রতিমূহুর্তে অত হিসাব ক'রে ক'রে কি আর কথা বলা যায়, না বলতে ভালো লাগে। তবু স্থলতা কথাটা আবার ঘুরিয়ে নেয়, 'তাছাডা আমি ধরা দিলে তোমার দাদার দশাটি কি হবে তা ভাব দেখি।'

উমা বিরক্ত হয়ে বলে, 'পাক বউদি, ওদব ইতব রসিকতা আমার ভালো লাগে না। দাদাকে বলো না বাডিটা বদলাতে। মাগো, এমন পাডায় ভদ্রলোক থাকে। আব এখানে এসেছি ভো ছ'মাস হয়ে গেল, এর মধ্যে অক্স কোন জায়গা পাওয়া গেল না শহরে ?'

স্থলতাও বিরক্ত হয়, 'পাওয়। গেলে কি আর সাধ ক'রে এখানে কেউ থাকে ঠাকুরঝি! ভালো বাড়িতে থাকবাব ইচ্ছা সকলেরই করে। কিন্তু দেখছ তো চোখে, মববারও কি সময় আছে মান্তুষটাব!'

উমা চুপ ক'রে থাকে, দাদার সম্বন্ধে কিছু বললেই বউদি ভয়ঙ্কর বিরক্ত। দাদার ওপর অভিমান করবারও যেন কোন অধিকার নেই উমার। তাকে ভালোও বলবে বউদি, মন্দও বলবে বউদি—কেবল উমাই কিছু বলতে পারবে না, সংসারে কেবল উমারই সব কথা একেবারে অবাস্কর।

উন্টোরপ

বেলা নটায় টিউদনি শেষ ক'রে ঘরে ফিরল প্রফুল্ল। এই একটি ঘণ্টার মধ্যে নেরে থেরে দশ মিনিট পথ উল্টো হেঁটে ট্রাম ডিপোতে পৌছে দেখান থেকে অফিসের ট্রাম ধরতে হবে। কেন না মাঝপথ নেকে ট্রামে পঠা—এক মল্লযুদ্ধের ব্যাপার। যুদ্ধে দব দিনই যে জন্নী হওয়া যাবে তার তো কোন নিশ্চয়তা নেই। তাছাডা এক দপ্তাহের মধ্যেই একদিন গেছে পকেট কাটা আর একদিনের হাতাহাতির ফলে নতুন কেনা জামার হাতাটা নিশ্চিছ হয়েছে। স্থতরাং কিছু দিন থেকে প্রফুল্ল হটতে স্ক্রক করেছে। এতে খানিকটা হাটতে হয় বাটে—কিন্তু ভিতরে গিয়ে নিবিবাদে ব'দে যাওয়া যায়।

প্রফুল ঘরে চুকে জানলাটা খুলে দিতে দিতে স্ত্রীকে বল্ল, 'দিন তৃপুরে কি ডাকাত পড়বে না কি ঘরে ? এমন গ্রম আর অন্ধকারের মধ্যে দোর জানালা বন্ধ ক'রে কি দম আটকে মরবে ?'

গুলতা ঝদ্ধার দিয়ে উঠল, 'মরলে তো বাঁচতুম। কিন্তু তুমি ভেবেছ কি ? অফা কোপাও ঘব দোর দেখবে না, এই হভচ্ছাভা পাডাতেই চিরটা কাল কাটিয়ে যাব।'

স্ত্রীর কথায় কোন জবাব না দিয়ে প্রফ্ল বোনেব দিকে তাকায়,
'আজও আবার বাঁদরামি করেছে না কি ছোড়াটা? কাল যে অভ ক'রে ধমক দিলাম তাতেও আকেল হোলো না!'

উমা মনে মনে কেমন যেন একটু লজ্জা বোধ করে। কথাটা দাদা বউদির কাছে শুনলেই পারতেন, সরাসরি তাকে কেন জিজেস করছেন।

স্পতার আকোশ যায়নি, বলল, 'ধমক ! ধমক দিতে তুমি জানো ? ধমক দেওয়ার মত জোর আছে তোমার গলায়!'

'ষত টুকু ছিল, তোমার সলে ঝগড়া ক'রেই তা গেছে।' উমা বিত্রত হয়ে বলে, 'চান ক'রতে যাও দাদা, অফিসে কিল্প আজ আবার লেট হয়ে যাবে।'

প্রফুল বলে, 'ধুভোর অফিস। চল উমা, দেশের বাড়িতে গিয়ে থাকি। চল্লিশ টাকার শহরে জীবন আর নয়। ত্'চার বিঘা যা জমি আছে চাষ আবাদ ক'রে খাব।'

উমা মনে মনে হাদে। অফিসে লেট হবার সম্ভাবনা দেখলেই এ কথা প্রফুল প্রায়ই বলে। এখনো মাঝে মাঝে দেশের বাড়িতে ফিরে ষেতে চায় প্রফুল। এখনো এক মন তার গাঁয়ের জন্ম কাঁদে কিন্তু আর এক মন ফের এই গলিতে এদে বাসা বাঁধে।

অফিসে বেরোবার মৃথে প্রফুল্ল উমাকে ভরদা দিয়ে যায়, 'তুই ভাবিসনে উমা। ছোঁড়াটা আবার যদি কোন অভদ্রতা করে আমি এবার নিশ্চয় পুলিসে ধবর দেব।'

উমা ভাইপোকে ঘুম পাড়াতে পাড়াতে ঘাড় নাড়ে, কথা বলে না।
প্রক্ষাকান্তি থেকে বেরিয়ে যাওয়ার সঙ্গে সংক্ষাই দোকানে ব'সে
হামিদ আবার শিস দিয়ে গান জুড়ে দেয়। জানলাটা তভক্ষণে বন্ধ
হয়ে গেছে। তা যাক্ কিন্তু কান তো আর বন্ধ করতে পারবে না।

আশ্বর্য, এতদিন ধ'রে এত চেষ্টা করছে হামিদ কিন্তু মেহেটার মন মোটে টলে না। অবশু প্রদা ব্যার করলে পাভায় মেয়ের অভাব নেই। ঐ বয়্সী যথেষ্ট মেহেই আছে। কিন্তু ঐ রকম মুথ, ঐ রকম চোথের দৃষ্টি যে আর কারোরই নেই। এমন রূপ এমন চেহারা থাকা সত্তেও এত বেরদিক কেন মেয়েটা ? ভার সঙ্গে চোথাচোথি হলেই কুছা বিরক্ত মুখে সশক্ষে জানলাটা বন্ধ ক'রে দেয়। ঐ মুথে কি

বিরক্তি মানায়! মানায় ঐ চোধে অমন কড়া শাসনের ভঙ্গি। মোলায়েম ক'রে একটু হাসলে না জানি আরো কত স্থলর দেখাতো মেয়েটকে—ও নিজেও বোধহয় সে কথা জানে না।

ছোট্ট আরশিটুকু সামনে নিয়ে হামিদ ভার বাবরি চলগুলি বার বার ক'রে আঁচডায়, বিভিন্ন পাতা কাটা কাঁচিটা দিয়ে কচি গোঁফের বাডন্ত রোমগুলি ছেঁটে ছেঁটে দেয়। দেখা যাক আরো ছ-চারদিন। ভালোয় ভালোয় মেয়েটা যদি রাজী হয়ে যায় তো ভালো, না হ'লে একদিন জ্বোর ক'রে খিল ভেঙে চুক্তে গিয়ে ওর ঘরে। চেনে না তো হামিদকে। হামিদের উৎপাতের ভবে পারতপক্ষে এ ঘরেই আদে না উমা। ভিতরের দিকের ঘরগুলির সামনে যে লম্বা এক-ফালি বারালা আছে চিলতে চিলতে ক'রে বাডিওয়ালা তা প্রত্যেক ভাড়াটেকে বাঁটোয়ারা ক'রে দিয়েছে। দেই হু' হাত আডাই হাত काषशाय (छाना छेक्ट्रन जाजा कंत्रटण इय। छेमारमच वाताना (नहे। ঘরের সামনে সদর দরজার রাস্তা। ভুবনবাবু ঘরের ভাডা নিয়মিত দিতে পারেন না। তার শান্তি হিদাবে রালার জায়গার অর্ধাংশ প্রফুলনের দিতে হয়েছে। সকাল সন্ধ্যায় রালার সময়টা উমার সেখানেই काटि। (काल्य काइत्म (इल्लिटें। कित्र वर्डे एव, অফিনের ভাত ভাডাতাড়ি ক'রে দিতে পারে না। তাই উমাই প্রায় রোজ আনে রাঁধতে। মাছের রালা শেষ ক'রে উন্নন লেপে निष्कत कण आवात आनामा क'रत ताँ द्र निष्क हम।

শোষার জন্ম আলাদা কোন ব্যবস্থা হয়নি। বাড়িওয়ালার বুড়ো মা ছোট ছোট নাতিনাতনীদের নিয়ে দোতলার কোণের ঘরটায় থাকে। রাত্রে সেইঝানে গিয়ে বিছানা পাতে উমা। বুড়ী বলে,

উল্টোরণ

'তোর কোন ভয় নেই মা! আমার পাশে নিশ্চিন্তে ওয়ে ঘুমো। কেউ তোর চুলের ডগাটুকুও ছুঁতে পারবে না।'

শুষে অনেক রাত প্যস্ত তরু ঘুম আসতে চার না উমাব, বাড়িওরালা উঠে মাঝে মাঝে বাইরে যায়। আর তার চটি জুতোর শব্দে বুকের মধ্যে অকারণে উমার চিপ চিপ করতে থাকে, বার বার ঘুম ভেঙে যায়। একেকবার মনে হয়, এর চেয়ে শশুববাড়িতে থাকাই ভালো ছিল। কিন্তু থাকবে কি ক'রে। সেখানে শাশুড়ী আর ভাস্থর তাকে তু'চোথে দেখতে পারলেন না। তাতে ক্ষতি ছিল না। দেবরটি তু'চোখ ভরে দেখতে চাইল, তাতেই হোলো বিপত্তি।

স্থলতা মাঝে মাঝে বিরক্ত হয়ে বলে, 'ঠাকুরঝি তোমার কিন্তু ভাই একটু বাড়াবাড়িও আছে, তুপুর বেলায় তো নিজেদের ঘরে এসে ঘুমোতে পার। ওর দিকে না তাকালেই হোলো, না শুনলেই ওর শিদ দেওয়া গান।'

উমা চূপ করে থাকে, স্থলতা তো জানে না কপাল যাদেব পোড়া অত সহজে তাবা ছাডা পায় না। কেবল না শুনলে ও না তাকালেই হয় না, অন্যের তাকানো শুনানোর জবাবদিহিও দিতে হয়।

কিন্তু তবু স্থলতা সেদিন জোর ক'রেই উমাকে ধ'রে নিয়ে এল— 'তোমার পায়ে পভি ঠাকুরঝি, সারাদিন তুমি এঘর ওঘর করতে পারবে না। থাকো আমার পাশে শুরে। কে তোমার কি করতে পারে আমি দেখি।' তার পর ঘরের জানালাটা খুলে দিল স্থলতা। দিন রাত জানালা বন্ধ রাধতে রাধতে ভিতরটায় ভ্যাপসা গদ্ধ হয়ে গেছে।

হুলতা ছেলে কোলে নিয়ে অঘোরে ঘুমোয় কিন্তু উমার ঘুম পায়

না সে যে এ ঘরে এসেছে কি ক'রে টের পেয়ে গেছে ছাঁড়াটা। শিস দিয়ে আবার গান ধরেছে। উমা উঠে জানলাটা বন্ধ করতে গেল। হামিদ বোধহয় এইই চেয়েছিল। উমা যেই জানলার ধারে এলো হামিদ এক বাল্ল সাবান আর তরল আলতা উচু ক'রে তাকে তুলে দেখাল। হামিদ কিছুদিন ধরে জিনিসগুলি কিনে রেখেছিল। আলতা সাবানেব লোভ কোনো মেয়ে সম্বরণ করতে পারে না। কিন্ধ উমা যথন তার পরেও সশব্দে আগের মতই জানলা বন্ধ ক'রে দিল, হামিদের মনে হোলো—তার হৃদপিগুটা টুকরো টুকরো হয়ে ভেঙে গেছে। এমন নিষ্ট্র এই মেয়ে জাতটা ? ওদের কেবল ওপরটাই নব্ম, ভিতরটা শক্ত পাথর ছাডা কি কিছু নম্ব ?

প্রফুল বাড়ি এসে দব শুনে গন্তীর হয়ে গেল। আর তে। চুপ ক'রে থাকা চলে না, বাডি এবার বদলাতেই হোলো। কিন্তু বদলাবার চেটা কি আব দে কবে না? ক'রলে হবে কি? কারোর ম্থে এমন কথা শোনা যায় না যে অমৃক জায়গায় আছে ঘর একথানা। কিন্তু বাড়ি বদলাতে পাঞ্চক আর না পাক্ষক হোডাটাকে সমৃচিত শিক্ষা দেওয়ার দরকাব। দিনেব পব দিন ও যে ক্রমেই প্রশ্রম্থ পেয়ে যাছে। কিন্তু শিক্ষা দেওয়ার ব্যাপাবেও প্রফুল খুব ভেবে দেখেছে। এই নিয়ে হৈ চৈ হালামা ক'রে লাভ নেই। পাড়া ভ'রে গুগা আব বদমাসেব আড়ো। তাছাড়া এ বাড়িব লোকের প্রকৃতিও সেজানে। সাহস ক'রে কেউ হামিদের গায়ে হাত দেয় না। সামনে লোক দেখানো একটু ধমকটমক হয়তো দেবে কিন্তু আড়ালে গিয়ে মৃচকি হাসবে আর বলবে, 'এক হাতে কি আর তালি বাজে মশাই!"

কিন্তু আজ আর প্রফুলর স্থ হোলা না। হামিদের বিভির

দোকানের সামনে গিয়ে বলল, 'হারামস্কালা বলমাস। তোমাকে আমি পুলিসে দেব—তবে ছাডব।'

হামিদ মনে মনে হাসল। ব্যোজ দেখে দেখে লোকটিকে সে চিনেছে। সকাল বেলায় উধিখাসে দৌড়ায়, সন্ধ্যায় গড়াতে গড়াতে আনে কথনো কোনো দিকে তাকায় না, সকালে থাকে না সময়, সন্ধ্যায় থাকে না সামৰ্থ্য।

হামিদ নিতাস্ত নিরীহ ভঙ্গিতে বলল, 'মাথা গ্রম করেন কেন বার্। আমি তো কেবল বিডি বাঁধি আব বেচি। পুলিস কেন আসবে এথানে। যদি আসে তো বিডির লোভেই আসবে। ভারি মিঠে কডা বিডি আমার। আপনি তো কোনদিন থেয়ে দেখলেন না।'

কথাটা কেবল পরিহাস কবেই যে হামিদ বলে তা নয়। মাঝে মাঝে ভারি সাধ যায় প্রফুল্লকে তাব নিজেব হাতে বাঁবা বিভি খাওয়াতে। শত হলেও প্রফুল্ল তো মেয়েটিরই দাদা।

'আছে।, ভোমাব ছাবেলামি আমি বের কবছি দাঁড়াও। দাঁত কিডমিড করতে করতে প্রফুল ফিরে আদে।

জানালায় দেখা না পেলেও পথে মাঝে মাঝে উমাকে হামিদ দেখতে পায়। তাব দোকানের সামনে দিয়েই একটা বৃজীর সঙ্গে উমা কোন কোন দিন নাইতে যায় গলায় কেরবার পথে তার ফুলর ছোট কপালে শ্বেতচন্দনের ছাপ দেখে হামিদ মনে মনে ভাবে, মুসলমান বিভিওয়ালা না হয়ে গলার ঘাটের ঠাকুর হয়ে জনালে আর কিছু না হোক ঐ কপালে নিজের হাতে সে চলনের তিলক তো পরিয়ে দিতে পারত।

হঠাথ দেদিন তার চোথে পড়ল মেয়েটির পরনের কাপড়খানা শতছিল। গিঁট ছাডা আর কিছু দেখা যায় না। যে কাপডখানা পুঁটলিব মত হাতে ক'বে নিচ্ছে দেখানাবও একই দশা।

পরের কয়েকদিন মেয়েটিকে আর গন্ধায় যেতে দেখা গেল না।

হামিদ সব ব্যতে পাবল। কাপড নেই শহরে একথা অনেককেই
বলাবলি করতে শুনেতে কিন্ত আজ এই প্রথম যেন সে শ্বচক্ষে তা
দেখতে পেল। না থাকবাব বেদনাটা এই প্রথম বিশ্বল হৃদয়ে।

ছিছি, কেন মিছামিছি মালতা আর সাবান সে কিনেছিল। কাপড়ের
কথাটা কেন তাব মনে হয়নি, কেন চোখে পড়েনি।

প্ৰবিদ্য কি একটা কাজে জানলাৰ কাছে আসতেই উমা আৰ ফ্লতাৰ চোথে পড়ল, হামিদ একথানা লাল ডুবে শাডি তাদেৰ উচু ক'ৰে তুলে দেখাচেছ আৰু মিষ্টি মিষ্টি হাসছে।

স্তলতা বলল, 'আহাহা, দিচ্ছে ধ্ধন হাত পেতে নাওই না ঠাকুৰ্ঝি।'

উমা কঠিন ভঙ্গিতে বলল, 'বউদি ইতবতার কি দীমা নেই তোমাব ? তাবপব উমা জানালাটা ফের বন্ধ ক'রে দিল।

বাসায় এসে ধববটা শুনে প্রফুল্ল কিন্তু আজ আব তেমন চটল না, বলল, 'বোধ হয় চোবাবাজাব থেকে কিনেছে, এখন চড়া দামে বিক্রি করতে চায়। আচ্ছা দাঁডাও, দেখি থোঁজ নিয়ে। যদি ধরা যায়, মন্দ কি।'

শাভিথানি নিজের হাতে উমাকে পৌছে দিতে পাবলেই সব চেয়ে আনন্দ হোতো হামিদের, কিন্তু তেমন স্থবিধা তো শিগগির হবে না, মেয়েটা তাকে দেখলেই পালায়। দেওয়া যাক ওর দাদার

মারফতেই। বিনা প্রদায় দিতে পারলেই সব চেয়ে ভালো হোতো কিন্তু ইব্রাহিম সেথ ঐ শাড়িখানার জয়ে পুরোপুরি দশটা টাকা তাব কাছ থেকে নিয়েছে। আজ বাদে কালকের হোটেল খবচটাও হামিদের কাছে আর নেই।

হামিদ বলল, 'দশ টাকা দিন বাবু, কেনা দামেই দিছিছ আপনাকে।

মনে মনে ভাবল, বিনা দামে যদি দিতে পারতাম। প্রফুল্প তবু দর কবে, 'দশ টাকা! মাথায় বাড়ি দিতে চাস নাকি তুই দেব একবাব প্লিসে ধবর!' অগত্যা ন'টাকায় রফা করতে হয়। বেচতে তাকে যে হবেই। লোকসানে না বেচলেই কি লোকসান সে ঠেকাতে পারবে!

কিন্তু পরদিন সবিশ্বয়ে হামিদ দেখতে পেল, ডুবে শাড়িখানি উমা পরেনি। তার বউদেই দেখানা পবে ছেলে কোলে নিয়ে ঘর ভ'রে ঘুরে বেড়াচ্ছে। হামিদের মনে যে জালা ধরল একশ টাকা লোকসানে তা হয় না। তলে তলে তাহলে এই শয়তানিই চিল ওদের মনে। আচ্ছা হামিদও দেখে নিচ্ছে। তাব পর থেকে হাসিতে দৃষ্টিতে অঙ্গীল হ্বরের গানে হামিদেব প্রণয় নিবেদন স্পষ্টতর হোল, উচ্চতর হোল এবং অবিশ্রাম গতিতে চলতে লাগল। দোকানের সামনে দিয়ে ফের ওকে একবার যেতে দেখলে হয়, হাত ধ'রে উমাকে সে টেনে আনবে ভিতরে। দেখবে কে তার কি করতে পারে।

স্থলতার বাপের বাদা বেনেটোলায়। ষ্ঠা পূজার দিন স্কালবেলায় স্থলতার ভাই নিতাই এল স্বাইকে নিতে। 'চল দিদি।' 'এখনই। বলিদ কিরে, তোর জ্ঞামাইবারু অফিসে যাবে না ?

উণ্টোরথ

উমা বলল, 'তাতে কি, তুমি যাও বউদি—আমি দেখব দব।'
নিতাই বলল, 'তাই বৃঝি ভেবেছেন উমাদি । দেখবার হুল্তে
আপনাকে রেখে যাচ্ছি। চলুন চলুন চটপট তৈরী হয়ে নিন।'
সলতা বলল, 'চল ঠাকুরঝি।'

প্রফুল বলল, 'আমার জয়ে ভাবিদনে। একবেলা হোঠেলে চালিয়ে নেব।'

নিতাই বলল, 'আহাহা কেন আবার মিছামিছি হোটেলে ধরচ করতে যাবেন ওবেলা তো নেমন্তল্লেই যাচ্ছেন।'

কিন্তু নিতাই কি পাগল হয়েছে ? উমার কি জো আছে যাওয়ার ? নিতাই বলল, 'কেন—কি হয়েছে উমাদি।'

'হবে আবার কি। শরীরটা ভাল নেই ভাই।'

প্রফুল ও একটু ঘেন অসম্ভষ্টভাবে বলল, 'কেন কি হয়েছে ভোর শরীরে ?

তারপর উমার দিকে তাকিয়ে কি যেন ব্রতে পেরে প্রফুল্ল বন্ধল, 'যাওতো নিতাই, তুটো দিগারেট নিয়ে এসো তো দামনের দোকান থেকে, এই নাও প্রদা।'

নিতাই বেরিয়ে গেলে প্রফুল্ল কলল, 'তুই আমার ধোয়া কাপডধানা পবে যা, চুল পেড়ে কাপড়ে তো দোষ নেই।'

উমা স্লান একটু হাদল, 'আর তুমি! তুমি বৃঝি ঐ পা-জামা প'রে যাবে জামাই ষ্টাতে!'

উমা ঘর থেকে বেরিয়ে রানার আয়োজন করতে বসল এবং কারো ডাকাডাকিতেই আর ফিরল না।

ञ्चल । মনে মনে निष्कुण (शाला, क्षुक (शाला। किन्छ नेतीत

ভাল না থাকার অছিলায় সে তো আর না গিয়ে পারে না। কাপড় কি তারই আছে? আটপৌরের মধ্যে সেদিনের কেনা ঐ ডুরে শাড়িখানাই কেবল আন্ত। কিন্তু তা পরে তো আর বেরোন যায় না। বাপ মায়ে ভাববে, একবারেই ফকির হয়ে গেছে। বাঝ খেঁটে অবশেষে একখানা অত্যন্ত পুরোনো শাড়ি বেরোল। পরে যাওয়া যায়। কিন্তু অতি সাবধানে চলাফেরা করতে হবে। ফেঁসে যাওয়ার আশকা প্রতিমৃহুতে। ফলতার যাওয়ার খানিক পরেই খেয়ে দেয়ে প্রফুল্লও বেরিয়ে গেল অফিনে।

উমা চান ক'রে কেবল কাপড় বদলেছে—বাড়িওয়ালার মা বললেন, 'আহাহা নেমে উঠলি মা, পিউুকে যদি নাইয়ে দিভিদ একট়। ওর মা তো হাঁদপাতালে দিব্যি আছে, যত জালা হয়েছে আমার।'

অপ্রসন্ধতা চেপে উমা বলল, 'তাতে কি মা, পঠিয়ে দিন—আমিই দিচ্ছি ওকে নাইয়ে।' কিন্তু পাঁচ ছ'বছরের ছেলে হলে কি হবে পিন্টু একেবারে বদমাইসের হাঁড়ি। ওর মাধায় এক ঘটি জ্ঞল ঢালতে না ঢালতে ও সমস্ত বালতির জল দিল উমার গায়ে ছিটিয়ে। পিন্ট কে নাওয়াতে গিয়ে উমা নিজেই আর একবার নেয়ে উঠল।

একখানা মাত্র কাপড় আছে ত্তকনো। বউদির সেই ডুরে শাড়িখানা। ঘরে এসে আলনা থেকে পেড়ে নিয়ে ভিজে কাপড় বদলে ফেলল উমা। কিন্তু এখানা প'রে সকলের সামনে গিয়ে থেতে বদতে লজ্জা করে। একটু দেরি করলেই আগের ভিজে কাপড়খানা ভকিয়ে যাবে।

সমস্ত ঘরটা অগোছালো। বাপের বাড়ি যাওয়ার আগে ছেলেকে সাজিয়েছে, নিজেকে সাজিয়েছে কিন্তু ঘরটা একটু সেরে-ভেরে রেথে

যাওয়ার বউদিব সময় হয়নি। কেন উমাই তো আছে। বলিহারি মান্থমেব আকেল! অপ্রসন্ন মুখে উমা ঘরটা ঝাঁট দিতে লাগল। তাবপর স্থলতাব প্রসাধন পর্বের শেষে যা দামান্ত আবর্জনা জমেছিল ঘবে, সব জড়ো ক'রে জানলার একটা পাট খুলে ত্টো শিকের ভেতর দিয়ে হাত গলিয়ে সেগুলি ফেলে দিল রাত্যায়।

হামিদ যেন এওকণ তাকে তাকে ছিল। উমার সাডা পাওয়া মাত্রই বিডি বাঁধা বন্ধ বেথে হু'চোথ তুলে জানালাব দিকে তাকাল। মুহুর্তকাল মুগ্ধভাবে তাকিয়েই বইল, তারপর প্রসম্মকঠে বলল 'হাা, এবার ঠিক হয়েছে—চমৎকাব মানিয়েছে এবাব।'

উমা চমকে ওঠে জানালা বন্ধ ক'বে দরে এল ওথান থেকে। লোকটা আবেও কি ক'রে বসবে ঠিক কি। ভয়ে বুকের ভিতৰটা লাপতে লাগল। কিন্তু আশ্চয, হামিদ আজ আব শিস দিয়ে উঠ্নু না, অশ্লাল অবে গানও ধবল না, চুপ করেহে বইল। তবু উমান্তাকে কান ভবে একটি মৃত্ব কঠ বাববাব প্রনিত হতে লাগল:

ম্যানিয়েছে। , मा। বউয়েব

त्य मात्य वीनादक

,পুনয় বিনয়ের পর হু'চারি পাশেরের চেচ্চিচি দিয়েছে। তাব বদলে

বছব তিনেক বয়সের সময় কি তেথাৰ লেখেনি। কত মেয়ের কত বাণাব শুকিষে গিয়েছিল কিল দেখেছে পরিতোষ কিন্ত বাণার মত উনিশ বছব বয়সে এসে নব কোথাও চোধে পড়েনি। অন্ত্ত ক্ষমতা এলো কাণা সবোজ সে অক্ষম অক্ষর সিন্দুকে বন্দী ক'রে রেখেছে। সে পছল না। শিল্পী সে। কিন্তু ত্থে পরিতোষের এই রূপণ

হয়েছে বীণার। চোধ মুধের গড়ন তার নিথুঁৎ, স্থন্তর স্থাঠিত নাক, পাতলা ঘটি ঠোঁট-আর কোন অঙ্গেই কোন একটু ক্রটি বিচ্যুতি **धत्रवात रका रन्हे। जात उध् वहित्रक्टे नग्न, मरनत किक रथरक**छ সাধারণ নিম্নুত্ত ঘরের মেয়ের পক্ষে যা সম্ভব তার থেকে বেশীই বীণা নিজেকে সমৃদ্ধ করে তুলেছে। এক পা না থাকায় স্থলে যাওয়া সম্ভব হয়নি। বাড়িতেই ভাইবোনদের বই পত্র নিয়ে নিজের গরজে লেখাপড়া শিখেছে, পাশের বাডির রেকর্ড শুনে শুনে শিখেছে গান, **নেলাই আর ঘরকলার কাজে অল বয়দেই হাত পাকিয়েছে, তরু** কোন হুস্থ সম্পূর্ণ মাহুষের মনের মত সে হতে পাবল না। ভাব ८६८म्र विश्वाम वृद्धित्छ, काञ्चक्टम नव मिक थ्या होन स्टाइ शाफात नौना, दनना, भौछा' हिन्नू मनाबहे द्यागा नदब नित्य इत्य तान, থমন কি নিজের ছোট বোন মীনার বিয়ে পর্যন্ত আটকালো না। দিচ্চিনী ভদ্ধ মামুষের অপছন্দের বস্তু হয়ে রইল কেবল বীণা—কেউ পিন্ট একেইবাসল না, কারোরই তাকে ভালো লাগল না। না ঢালতে ও ইলো যে কারোরই এক আধটু একেবারে লাগেনি তা পিণ্টুকে নাওয়াতে <mark>ট্!লোলা</mark>গা দিয়ে কি করবে বীণা। কোন্কাজে ্ একথানা মাত্র কৃষ্টি হিসাব কবা ভালো লাগাকে। এব চেয়ে শাডিথানা। ঘরে এদে অস্মবজ্ঞা ছিল ভালো কিন্তু এই হিসাবী वमरल रक्नल डिम!। किन्नु এथ, क्तरङ পारत ना। বদতে লজ্জাকরে। একটু দেরি করুটে মেয়ে বেলাকে বিয়ে করেছে টিছাটায় প্রায়ই আসে এই শুকিয়ে যাবে।

সমস্ত ঘরটা অগোছালো। বাপের বাড়ি ৠর আগে যেমন পাকত সাজিয়েছে, নিজেকে সাজিয়েছে কিস্ত ঘরটা একটু কোটায় বীণাদের বাড়ীতে। বীণার সঙ্গে তার কথা বলতে, আলাপ করতে নাকি ভারে ভালো লাগে। পরেশ প্রায়ই বলে, 'এত মেয়ের সঙ্গে আলাপ হোল কিন্তু এমন চমংকার কথা আর কারো মৃথেই শুনলাম না। বীণা অদ্ভুত একটু হাদে, 'চমংকার কথা বলতে আপনিই ব্ঝি কম ওতাদ।'

বীণার কথার চমংকারিত্ব পরেশ বিষের আগে থেকেই জানে তবু সে বিয়ে ক'রছে অতুল ডাক্তারের মেয়ে বেলাকে। কথা তার বীণার মত চংকার নয়, কিন্ত ছ'খানা পা মেলে চমংকার সে চলে। বলবার মত অমন চলবার শক্তিও যদি বীণার থাকত—তাহ'লে কি আর কোন ইতন্তত: করত পরেশ। কিন্ত থোঁডা মেয়েকে ভালোবাসলেও বিয়ে করবার সময় একটু দ্বিধা আসে বইকি। পা থাকতেও তো এদেশের মেয়েরা থোঁড়া। সারাজীবন ঘাড়ে করে তাদের বয়ে বেডাতে হয়, তারপর সাধ ক'রে আবার পা না-থাকা থোঁড়াকে জীবনস্লিনী করা! সে কথা ভাবতেও ভয় হয়।

চিন্নমীর বর পরিতোষও বীণাকে কম ভালবাসে না। বউয়ের
চিঠির মধ্যে ছার্থ চৌরপঞ্চাশিকা এখনো দে মাঝে মাঝে বীণাকে
পাঠিয়ে থাকে। অপরাধের মধ্যে অনেক অন্থনয় বিনয়ের পর ত্'চারি
লাইনে বন্ধুর বরকে বীণা ত্' একথানা চিঠি দিয়েছে। তার বদলে
ত্'চার হাজার লাইনও কি পরিতোষ লেখেনি। কড মেয়ের কড
রকমের হাত আর হাতেব লেখা দেখেছে পরিতোষ কিন্তু বীণার মত
এমন রসভরা হস্তাক্ষর আর কোথাও চোধে পড়েনি। অভ্তুত ক্ষমতা
বীণার। রস-সিন্ধুকে সে অক্ষয় অক্ষর সিন্ধুকে বন্দী ক'রে রেখেছে।
এমন নিপুণ কথা শিল্পী সে। কিন্তু তুঃখ পরিতোবের এই কপণ

বীণা কেবল ত্'চার ছত্র চিঠি পত্রের মধ্যেই তার নৈপুণ্যকে সীমাবছ ক'রে বাধল, বজাব মত সব কিছুকে ভাদিয়ে নিতে দিল না।

এখন পর্যন্ত অবিবাহিত আরো ত্'একজন তাকে ভালোবাদে।
কলেজের তরুণ অধাণিক তারক সোমের সঙ্গে তাদের দ্র সম্পর্কের
কি একটু আত্মীয়তা আছে। মাঝে মাঝে সেই স্থবাদে তিনি
আসেন। এসেই বীণার গান শুনতে চান। এমন কণ্ঠ তিনি আর
কোধাও শোনেন নি। আর একটু চর্চা কবলে বীণা রেকর্ডে
রেডিয়োতে নিশ্চয় গান দিতে পারবে একথাও শোনান। তবু গান
আজকাল বীণা তাব সামনে কদাচিৎ গায়। কেননা মিউনিসিপ্যালিটির
চেষারম্যান হরগোবিন্দ চাকলাদারেব ছোট মেয়ে বি, এ, ক্লাসের
ছাত্রী পরিমিতার সঙ্গে তারকের সম্বন্ধ ঘনিষ্ঠতব হ'তে যাছেছ।
পরিমিতা অবশ্র গান গাইতে জানেনা, কিন্তু কলেজেব মধ্যে সব চেয়ে
বিত্রী মেয়ে। তাব চৎমকার ছটি পা, সহবেব মধ্যে হাই-হীল জুতো
এমন আর কারো পায়ে মানায় না। স্থ ক'বে যে দিন আলত।
পরে সেদিনও তাকে অপূর্ব দেখায়। ভাগাক্রমে বীণা জুতোও প্রতে
পারেনা, আলতাও পরতে পাবেনা, হাঁটু থেকে ভান পায়েব পাতা
পর্যন্ত বেঁকে চুরে গুকিয়ে এমনি চামসে হয়ে গেছে।

কলেজের তকণতর ছাত্রদেব মধ্যে গুণগ্রাহী আবো একাধিক আছে। বীণাদের বাজীর সামনের লাল স্করকী-ছাওয়া বাস্তায় খাতাপত্র হাতে তাবা যখন যাতায়াত করে, তখন জানালাব শিকেয ফাকে বীণার সঙ্গে চোখাচোখি হওয়ার ইচ্ছা অনেকের ম্থেই ফুটে উঠে। কেউ বা বোনকে পাঠায়, কেউ বা বউদিকে, বীণার হাতে টেবিল ঢাকনি না হলে সাহিত্য সভার টেবিল ঢাকে না।

তব্ বীণার সমন্ধ এলো সরোজ সেহানবিশের সংক্ষ একটি চোধ
যার নেই। কিন্তু তা ছাড়া মার সবই আছে। মা বাপ ভাই
বোন আছে, সহরের দক্ষিণপ্রান্তে খোলা জায়গায় আছে পাকা
একতলা বাড়ী, আদালতে আছে পাকা পেশকারি চাক্রি, মাইনের
তিন চারগুণ উপরি আছে—আর কি চায় বীণা, আর কি সে চাইতে
পারে।

কিন্তু বীণা তবু মুখ ভার ক'রে বলল, 'আমার বিষের দরকার নেই মা'।

কথাটা মার মৃথ থেকে যথারীতি গেল বাবার কাণে। নীলরতনবার্ ধমকে উঠলেন, 'তা থাকবে কেন? চিরকাল এমন ইয়াকি ফাজলেমী করেই দিন কাটাবি ভেবেছিল, না?' কনকতারা ইলিতে স্বামীকে থামিয়ে দিলেন, 'আহাহা তুমি থামো, যা বলবার আমি বুঝিয়ে বলব। সোমত্ত মেয়ে অমন ক'বে বলতে লজ্জা করে না তোমার?'

মেয়েকে বললেন, 'অমন কবছিদ কেন মা। এমন ভাগ্য তো নিথুং ফুলরী মেয়েরও হয় না। এমন ভদ্র শাস্ত চরিত্রবান ছেলে। দোষের মধ্যে একটা চোধ কেবল নেই। মাসুষের চোধছাড়া কি আর কিছু তোর চোধে পড়ল না।'

বীণা নতমুখে বলল, 'আব কিছু চাই না মা, ভুধু হুটো চোধ ষেন ভার থাকে।'

কনকতারা দীর্ঘধান ফেললেন, এর বছরধানেক আগে একজন বোবার দক্ষে তার সংস্ক এনেছিল। অন্যান্ত দিক থেকে সেও ছিল স্থপাত্র।

কিন্তু বীণার এক কথা, মাছুষের মুথে কথা না ভনে কি ক'রে থাকবে।

আজ কথাওয়ালা ছেলে যথন মিলল তথন তার চোথে বেজেছে চক্ষ্ীনতা। এখন খোঁড়ো মেয়েব জন্ম সর্বাঙ্গ স্থন্দব পাত্র কোথায় মিলবে। তারপ্র অগাধ টাকা পয়সা থাকত, সে এক কথা।

নীলরতন শক্ত মাহুষ। বীণার 'না' শুনলে তাঁর চলে না, এমন সম্বন্ধ হাত ছাড়া হ'লে মিলবে না। লোকে বলে মাথায় একটু ছিট আছে সরোজেব। তেমন একটু ছিট থেকে ভালোই হয়েছে, না হ'লে কেবলমাত্র এক চোখ না থাকার জন্ম এক পা না থাকা মেয়েকে কেউ বিয়ে করতে চায়। এমন সম্বন্ধ হাতছাতা ক'রে কি শেষে পন্তাবেন নীলবতন। তা ছাড়া মেয়েব কেবল এক পা নেই তাই তো নয়, আবো অনেক কিছু তার আতে। আছে চমৎকার চোথ ম্থ, চমৎকার কথাবাতা বলবাব কায়দা, তাতে ত্'পা ওয়ালা মানুষকে অনায়াসে কাছে টানতে পাবে। কিন্তু বোকা, সংসার সম্বন্ধে নিতান্ত অনভিজ্ঞা মেয়ে, ওকি বুঝবে, মানুষকে শুধু কাছে টানতে পারলেই হয় না, তাকে ধ'বে রাথবাব ক্ষমতাও থাকা চাই।

তাই কারে। আপত্তিই টিকল না। শেষ প্যস্ত সরোজেব সংশ্বীণাব বিষে হয়ে গেল। শুভদ্ষির সময় বীণা মোটেচ ববেব দিকে তাকাল না। কি হবে দেখে। বাঁচোখ যে তার পাধ্বেব এ তো সে আনেই। কিন্তু আশ্চর্য সরোজের মূখে কোন অপ্রসম্ভাব ছাপ নেই। এমন কি বীণা যে তাকে প্ছন্দ করেনি সে কথা জেনেও তাব মনে কোন বৈল্পণা এসেছে তা বোঝা গেলনা।

বাদরহরে শালী শালাজ সম্পর্কীয়াদেব পরিহাসের সে দিব্যি চটপট জবাব দিল। কিছুতেই তাকে অপ্রতিভ বা অপ্রসন্ন দেখাল না। বীণা মনে মনে একট অবাক হোল।

বাসরের ভিড ভাঙলে বীণা ভালো ক'রে স্বামীর চোথের দিকে তাকাল। বাঁ চোখটি তার পাথরের সন্তিঃই, সে চোথে পলক পৃঁড়ছে না।

সরোজ তার দিকে তাকিয়ে অভুত একট হাসল, 'কি দেখছ?' আমার পাথরের চোখটা বৃঝি ?'

বীণা অপ্রতিভ হয়ে চোথ নামাল।

সরোজ বলল, 'শুনলুম একটা চোধ নেই ব'লে আমাকে ভোমার পছন্দ হয় নি।'

বীণা কোন জবাব দিল না।

সরোজ বলল, 'অথচ একথানা পা নেই ব'লেই ভোমাকে আমার এত পছন হয়েছে যে ভোমার অপছনকেও আমি গ্রাহ্ম করিনি।'

একধানা পা না থাকার কথাটা এবং ব্যথাটা বীণার যেন নতুন ক'বে মনে পড়ল। নিজের খুঁতের কথা এতক্ষণ সে ভূলেই ছিল। কিন্তু সরোজের কথাব ভাসিতে তাব ব্যথা ছাপিয়ে বিশ্বয়ই বড় হয়ে উঠল। কোতৃহলী কর্চে বীণা বলল, 'আমার খুঁতের জন্মই আমাকে পছল ক'বেছ! তার মানে!'

সরোজ এবারে। তেমনি অভুত ভদিতে হাসল, 'মানে অভাস্ত সোজ।। এক চোঝে তু'লাওয়ালা স্ত্রীকে কভদিন আর পাহার। দিয়ে রাধতে পারতাম।'

সরোক্ষের হাসির ভঙ্গিতে বীণা যেন শিউরে উঠল। তারপর আহত চোথে আবার তাকাল স্বামীর মুথের দিকে।

সরোজ বলস, 'বারবার অমন ক'বে কি দেখছ বলতো, পাধরের চোধ দেখে দেখে আর সাধ মেটে না ?'

বীণা স্লান একটু হাসল, 'পাথরের চোধই দেথব কেন ভুধু।' 'ভবে আর কি।'

'তাব ভিকর দিয়ে পাথবেব হৃদয়ও তো চোঝে পড়ছে।'
সরোজ একটু যেন থমকে গেল। তারপব একথানা হাত বাডিয়ে,
বীণার হাতথানা মুঠোর ভিতব নিয়ে বলল, 'তা'হলে তাব ভয় নেই।
এবাব হৃ'ফোটা চোথের জল পডলেই হৃদয়েব পাথর গলে পড়বে।
এতো আর চোথের পাথব নয়।'

স্ফুলিঙ্গ

নতুন রান্তাটিব কোল ঘেঁষে খানিকটা ফাকা জায়গা বেবিয়েছে।
দিনের বেলায় হিন্দুস্থানী কয়েকটী খুঁটেওয়ালী এপানটায় গোবব ছডিয়ে
যায় কিন্তু সন্ধ্যা হ'তে না ১'তে সেই গোববেই আবাব পল্লফুল ফুইতে
স্কল্প করে। ফাঁকা জায়গাটুকুব পিছনে রূপ-জীবিনীদেব একটি ছোটমত পল্লী। সেজেগুজে একটির পর একটি ভাবাই এসে দাঁভায় এপানে।
দূর থেকে শরতেব এমনও একেক দিন মনে হয় দাবাব ছকে যেন
রঙ্জ-বেবঙের খুঁটি দাঁভিয়ে ব্যেছে।

শরৎ যে বোজই দ্র থেকে দেখে তা নয়, মাদে পাঁচ সাত দিন কাছেও আসে। তথন কোন মুখটিকেই আব ফুলের মত মনে হয় না। ঘুঁটীগুলির বঙের ঐজ্জলাও স্লান হয়ে আসে কিন্তু তাই ব'লে ফিরেও শরৎ চলে যেতে পাবে না। অনেক দিনেব অভ্যাস, এর মধ্যেই একটু বিচার-বাছাই ক'বে নেয়, কোন কোন মুখ একটু বা কচি পাওয়া যায়। টিকোলো নাক, টানা টানা চোখও যে এক আব দিন না জোটে তা নয়।

আজও শরৎ এমনি ভাবেই বাছাই ক'রে চলছিল। পছন আর হয় না; তার নির্বাচনেব ভঙ্গি দেখে মুখগুলি অবশু নীরব হয়ে নেই। শ্লেষ আর কট্লিতে শরতের কান ছটি ঝালাপালা হয়ে যাচছে।

'কাও দেথ মিন্ষের, চোথ দিয়ে দেখছে তো না যেন চেটে নিচেছ।'

'হাতে আঙুল নেই তোদেব ? চুকিয়ে দিতে পারিসনে চোথের মধ্যে ? জন্মের শোধ হয়ে যায় দেখা!'

কথাগুলি কানে ঠিক মধু বর্ষণ করে না কিন্তু চোথের তৃপ্তির জন্ম কান না হয থানিকটা কট স্বীকারই করল। এক সঙ্গে সর্বেন্দ্রিরের পরিতৃপ্তি কি সকলেব ভাগ্যে ঘটে ?

একেবারে কোণের দিকে লাইট পোষ্টেব গা ঘেঁসে যে মেয়েটি দাঁডিয়ে আছে এতক্ষণে শবতের তাকে চোথে পডল। বয়েস আঠেব উনিশের বেশি হবে না। মুখটি বেশ কচি কচিই মনে হচ্ছে। এবং সবচেয়ে আনন্দের কথা যে মুখে কোন জলন্ত বিভি দেখা যাচ্ছে না।

শরং খুব কাছে এগিয়ে আসতেই মেয়েটি হঠাৎ যেন চমকে গিয়ে একেবাবে আঁথকে উঠল, তাবপর আবাব ঠিক হয়ে দাঁভাল।

মেষেটির এমন আকম্মিক ভয় দেখে শরতেরও বিমায় কম হয় নি।
একটু চূপ ক'রে থেকে হেসে বলল 'কি থুব চেনা চেনা লাগছিল বুঝি।'
রাধার বুকের ভিতরটা তথনও কাঁপছে। আত্তে আত্তে বলল,
'ও কিছ না। আসবেন ?'

রাধাকে শরতের পছন হয়েছে। মৃথধানি শুধু কচিই নয়, স্থলরও।
রূপ ঘাদের উপজীবিকা—সৌন্দর্য তাদের মধ্যে কলাচিৎ মেলে।
রাধাকে সেই ব্যতিক্রমের মধ্যেই ফেলতে হয়।

তিনটে টাকা শরতের কাছে একটু ত্র্পাই মনে হোল। কিন্ত এ মুখের জন্ম একটা টাকা বেশী দেওয়া চলে। মেয়েটির পিছনে পিছনে শরৎ এগিয়ে গেল।

পুরণো দোতলা বাড়ী, কবৃতবের খোপের মত ছোট ছোট পনর ষোলটি ঘর। এর অনেক ঘরেই শরং এসেছে। আঁচলের চাবি দিয়ে একতলায় সবচেয়ে দক্ষিণ দিকের যে ঘরটির তালা খুলছে রাধা, শরতের মনে পড়ল মাস কয়েক আগে এখানেও সে চুকেছিল। তথন অবশ্য যে মেয়েটির পিছনে সে দাঁডিয়েছিল সে এর চেয়ে দিগুণ বয়সী এবং চতুগুণি মোটা। তার তুলনায় এতো অব্দরী।

রাধা দোর খুলে নিজে আগে ঘরে চুকলো তারপর শরতের দিকে চেয়ে বলল, 'আফ্ন।' শরৎ ঘরে এলে হারিকেনেব আলোটা আর একট উস্কিযে দিল রাধা।

বাজে কাঠেব পুরোণ একটা ভক্তপোষ, তার ওপব পরিপাটি করে পাতা বিছানা!

সেদিকটায় আঙুল দিয়ে দেখিয়ে বলল, "বস্ত্রন না।'
শরৎ বসবার সঙ্গে সংক্ষেই ভক্তপোষ্টা কাঁচ কাঁচ করে উঠল।
শরং সশব্যতে উঠে দাড়াল; 'ভেঙে পড়বে নাকি ''

রাধা থিল থিল করে হেলে উঠল, 'না, না, প্রথম দিন থেকেই রোজ অমন শব্দ হয়। কিন্তু ভেঙে কোন দিন পড়ে না, ভয় নেই।'

ফের হাসতে গিয়ে শরতের মুখের দিকে চেয়ে রাধা হঠাৎ থেমে গেল। তারপর ভাড়াভাড়ি চৌধ ফিরিমে নিল।

व्यायन्त हरा महर व्याचात्र वनन। त्यरशि त्वाध हश थूव (वनी

দিন আদেনি। গলার স্বর এখনো তার কর্কশ নয়, হাসির ধ্বনিটি এখনো বেশ মিষ্টি। শরৎ হঠাৎ জিজ্ঞাসা করল, 'কি ব্যাপার, অমন লুকিয়ে লুকিয়ে কি দেখছ মুখের দিকে চেয়ে। ফের সেই চেনা লোকের মুখ মনে পড়ছে নাকি? কার মুখের মত মনে হচ্ছে?'

त्राधात मूथ पिरा रयन इठार दितरा धन, 'आमात सिक्तात ।'

শরং দম নিল। মেয়েটি তো ভারি বেরসিক। মনে হ'লেও ও কথা কি এখানে কেউ বলে ? মেয়েটি খুব অল্ল দিন এসেছে সন্দেহ নেই।

শরতের ভাবান্তর দেখে রাধা আবার মৃথ নিচু করল।
প্রসন্ধ বদলে শরৎ জিজ্ঞাদা করল, 'নাম কি তোমার ?'
রাধা নিজের নাম বলল।
'কতদিন এদেছ কলকাতায় ?'
'মাদ ছদ্মেক, তার মধ্যে তিন মাদ তো মাধনের দদেই ছিলাম।'
শরৎ বলল, 'মাধন কে ?'

রাধা আর একবার চোথ নামাল, 'আপনার কাছে বলতে লজ্জা ছচ্ছে। তার সঙ্গেই তো প্রথম এলাম বাড়ী ছেড়ে।'

এই সব গল্প সহদ্ধে শরতের আর কোন কৌতৃহল নেই। সবাই
প্রায় ঠিক একই রকম বলে। সকলেই প্রেমাস্পদের সঙ্গে বাড়ি ছেড়ে
পালাল আর ভারা শেষে পালাল এনের ছেড়ে। যে সব মেলের এই
পাড়াতেই জন্ম ভারাও ওধরণের গল্প বানিয়ে বানিয়ে বলে। ভনে
নবাগতের মন সরদ এবং করুণ হয়ে ওঠে। নিজেকে মনে হয় ভার
সেই প্রথম প্রেমিকের মত। ওরাও ভাব বুঝে অনেকটা সেই
ধরণের অভিনয় করে! এ সব গল্প ভনে ভনে শরতের অকচি ধরে

- উল্টোরথ

গেছে। কিন্তু মেয়েটি ভারি চালাক। ওর বলবার ভিন্নির মধ্যে নতুনত্ব আছে। এদের মধ্যে আর কোন মেয়ে শরৎকে কোনদিন এমন ক'রে জানায়নি যে তার পূর্বেব প্রণয়-কাহিনী বলতে লজ্জা করছে। ভারি চতুর তো মেয়েটি। কিন্তু শোনাই যাক আরো কি বলে। শরৎ বলল, 'পালিয়ে কেন এলে, ভালোই যদি বেসেছিলে ভাকে বিয়ে কবলেই পারতে।'

রাধা বলল, 'এক জাত না হ'লে বিষে কি করে হয় ?' শরং বলল, 'কি জাত ছিল মাধনরা ?' 'গয়লা ঘোষ।' শবং হাসল, 'আর ভোমবা ?' 'আমরা কায়স্থ।'

একটু যেন গর্বের মত শোনাল। জাতি গৌবব রাধার যেন এখনো যায়নি।

শরৎ বলল, 'মাত্র এই জন্মই বিয়েটা আটকে রইল? কিন্তু এখন তো এক জাতের সঙ্গে আব এক জাতের বিয়ে মাঝে মাঝে হয়। পালিয়ে না এসে বললেই পারতে বাডিতে।'

রাধা বলল, 'কাকে বলব, মেজদাকে ? ওবে বাবা, ওকে তিনি ছ'চোথে দেখতে পাবতেন না।'

'(कन शयला (घाष व'ल ?'

রাধা হাসি চেপে বলল, 'ভিনি বলতেন লোকটা শয়তান। ওর মতলব ভালো নয়। ভাছাডা তার বউ ছেলে মেয়ে সব ছিল কিনা।' 'ও, তাহ'লে ভো ভিনি ঠিকই বলেছেন। ভিনি ভাহ'লে লোক চিনতেন।'

শরতের ভাবে মনে হোল যেন ক্রতিস্বটা তারই।

রাধা বলল, 'তা চিনবেন না কেন? ঘেমন বুদ্ধিমান তেমনিই খাটি মাসুষ তিনি! এমন লোক সহজে দেখা যায় না।'

শরং মনে মনে হাসল, থাঁটি সংসারে সবাই। তুনিয়ায় লোক চিনতে আর বাকি নেই শরতের।

এক হাত আর এক হাতের মধ্যে ধরে একটু পিছু হেলে গায়ের আড়মোড়া ভাঙল রাধা। চোধ বুজে হাই তুলল একবাব।

এ সব লক্ষণ শরতের স্থপরিচিত। কেউ বা স্পষ্ট মৃধ ফুটেই টাকাটা চেয়ে নেয়, কেউবা একটু ইসারা-ইন্ধিতে ভদ্রতা রাধতে ভালবাসে।

ব্যাগ থেকে তিনটে টাকা বার করল শরং। বলল, 'এই নাও, কথার কথার বোধ হয় দেরীই ক'রে ফেললাম ভোমার। গল্প করতে কবতে ভূলেই গিয়েছিলাম। চমংকার লাগছিল ভোমার সঙ্গে গল্প করতে।'

রাধা মৃথ ফিরিয়ে হাসল। তং দেখ লোকটার। আসলে ঘুযু,
কিন্তু দেখাছে যেন সাধু সন্ন্যাসী! আচ্ছা দেখে নিচ্ছে রাধাও।
কিন্তু কিছুতেই আজ তেমন আর উৎসাহ আসছে না। শরীরে
জুং নেই। আছ সম্পূর্ণ বিশ্রাম নিতে পারলেই ভালো হোত।
ফুটো থাকি-পরা শিথ কাল সমস্ত রাত জালিয়ে মেরেছে। ক্লান্তি আর
অবসাদে শরীর ভেঙে পড়তে চাইছে চোথ মেলে চাইতে ইচ্ছা
করছে না।

রাধা মুথ নিচু করে বলল 'কি যে বলেন। আমার ভারি লজ্জা করছে আপনার কথা ভানে।'

শরং অবাক হয়ে বলল, 'কেন, আমার কাছে লজ্জার কি হোল তোমার। বলোই না থুলে ব্যাপারটা কি।'

রাধা একবার শরতের মুখের দিকে তাকিয়ে ফের চোধ নিচু করল, 'দয়া করে অমন পীড়াপীড়ি করবেন না। আপনার জার করবার ধরণটিও একেবারে ঠিক তাঁর মত। দায়ে পড়ে এই পথে এসেছি বলে কি আত্মীয় স্বজনের কথা সব একেবারে মন থেকে ধুয়ে মুছে গেছে!'

শরং আর একবার ধাকা খেল। বলে কি মেয়েটা। এখনো কি তার মেজদার সঙ্গে শরতের মৃথের সাদৃশুটা মনে ক'রে রেখেছে নাকি। ভালো জালা। ভারি হাসি পেল শরতের। এ তো কেবল সাদৃশু। বন্ধু বিনোদের হুই বোন উমা আর রমাও তাকে পরিষ্কার দাদা বলে ডাকত। বিয়ের পব ফের আবার দাদা ডাকতে স্থক্ষ

শরৎ একটু করণ হারে বলতে চেটা করল, 'সে সব মনে ক'রে রেখে আবে কি, লাভ বলো। তোমার মেজদা তো এতদিনে নিশ্চয়ই সব ভানেছেন।'

রাধা বলল 'শুনেছেন বৈকি। এত দিনে কি শুনতে বাকী ম্বাছে ?'

'কি ভাবছেন ডিনি ?'

'সে কথা কি ভাবা যায়!'

শরৎ হঠাৎ বলল, 'আচ্ছা, তিনি খুব ভালবাসতেন তোমাকে, না।' 'বাসতেন আবার না? বড়দা মারা গেলেন, ছোডদা মারা গেলেন, সংসারে রইলাম কেবল আমি আর তিনি।'

শরৎ বলল, 'তাহ'লে এক কাজ কবলে না কেন ? ফিরে গেলে না কেন তার কাছে।'

'তাই কি আর হয়? এই পোডাম্থ কি আব দেখান যায় তাকে।' 'আচ্ছা ধবো এখন যদি গিয়েই বদো কি কবেন তিনি? তাড়িয়ে দেন?'

'ভাডিয়ে কি আব দেন ? বাডিতে যদি নাও রাপেন কোন একটা ভালো জায়গায় নিশ্চয়ই রাপবার ব্যবস্থা করেন। শুনেছি আত্রম টাশ্রম নাকি আছে কত জায়গায়।'

শরং বলল, 'ভাতো আছেই। যাবে তুমি কোন আশ্রমে ?'

বাধা কৌতুহলী হয়ে বলল, 'তেমন কোন জায়গা জানা আছে আপনাব? নেবে দেখানে আমাকে?'

শ্বং বলল, 'কেন নেবে না?' আমি একটু ৰ'লে ক'য়ে দিলে নিশ্চঃই নেবে।'

বাধা কাতবভাবে বল্ল, 'তাহ'লে দিন না একটু ব'লে ক'যে,
আমাৰ আর মন টেকে না এখানে। আর ভালো লাগে না এসৰ।'

শরং মনে মনে হাসল, ঈদ্ একেবাবে সতী-সাবিত্রী হয়ে পডেছে দেখতি, একটু বাদেই তো গিয়ে আবাব বাস্তায় দাঁচাবে।

'কিন্তু সেধানে থুব সংভাবে থাকতে হবে, একেবাবে গৃহস্থ ঘরেব মেমের মত। পারবে তো?'

বাধা বল্ল, 'কেন পারব না ? গৃহস্থ ম্বেব মেয়েই তো ছিলাম। কি কব্তে হবে সেথানে গিয়ে ?'

আশ্রম যেন শবং একটি নিজেই খুলেছে, সর্বময় অধ্যক্ষ যেন সেই।
'কি আর কববেঁ? পড়ান্তনো আবস্ত করবে, দেলাই শিশ্ববে,

উন্টোরণ

নানা হাতের কাজ শিধবে। কাপড় বৃন্বে তাঁতে। তারপব যদি চাও ভালো দেখে বিয়ে-টিয়েও দেওয়া খেতে পারে!

রাধা আরক্ত মুখে বলল, 'না না তার দরকার নেই। আপনি আমাকে কেবল সেই আশ্রমে ঢ়কিয়ে দিন। কবে দেবেন বলুন।'

'रामिन हांख, डेव्हा श्'रल कानरे श'र पारत।'
'कानरे ? कान व्यापनि व्यामरवन ?'
'यमि वन व्यामय ना रकन ?'

রাধা বলল, 'না এলে চলবে কি কবে ? আপনি ছাড়া সঙ্গে ক'রে নিয়েই বা যাবে কে ? কিন্তু সেখানে কি পরিচয় দেব।'

শরৎ হঠাৎ ভারি একটা রসিকতা ক'বে ফেলল, 'বলবে আমার মেজদাব মুখের সক্ষে এর মিল আছে।'

হাসতে হাসতে হঠাং শরং থেমে গেল, ভারি বোকার মত একটা কথা ব'লে ফেলেছে তে। সে। রাধাও দেখা গেল মৃথ নিচুক'বে রয়েছে লজ্জায়।' কথায় কি যায় আদে। তরু কোথায় যেন একটু বাধো-বাধো লাগে। এ সব জায়গায় এসে নানা রকমের রসিকতাই সে করেছে। কিন্তু এমন বোকামি এই প্রথম। এসব ভাবকে তোপ্রশ্ন দিলে চলবে না। বর্মপুত্র মুধিষ্টিব সে আসেনি যে বেশাব সঙ্গে বোন পাতিয়ে সে বিদায় নেবে। বিশেষ ক'রে এমন থাসা একটি মেয়ে, টাকাও দেওয়া হয়ে গেছে। কিন্তু এর পর ফের আবার কিক'রে আরম্ভ করা যায়। শরৎ ভাবতে লাগল, আলাপটিকে ফের সরস ধারায় বইয়ে দেওয়া যায় কি ক'রে। কিন্তু বাধার লক্জ্ন যেন আর ভাততে চায় না। সেই যে মেয়ে ঘাড ফুইয়েছে আর তুলতে

পাবল না। খোঁপায় জড়ানো বেলফুলের মালাটা এরই মধ্যে যেন শুকিষে এনেছে, হয় তো ফুলগুলি বাসি ছিল, হয় তো তেমন প্রসা দিয়ে কিন্তে পারেনি। মুয়ে পড়া খোঁপার নীচে গ্রীবাটি বড় শীর্ণ। ও যে এত রোগা প্রথম দেখে তো তা মনে হয়নি।

কিছুক্ষণ চুপ ক'রে দেখতে দেখতে শরৎ হঠাৎ উঠে দাঁড়াল।
সোজা চ'লে গেল দরজার দিকে। খুলল খিল। তারপর নতম্খী
বাধার দিকে তাকিয়ে বলল, 'চললুম।'

বাধা যেন চমকে উঠল, একটু এল পিছনে পিছনে, বলল, 'আপনি বাগ ক'বে চললেন ?'

শবং বলল, 'না-না, বাগ কবব কেন।'

'আপনি এমন ক'রে চলে যাচ্ছেন, টাকা রাখতে লজ্জা করছে আমাব।'

'আমার কাছে আর লজ্ঞা কি !'

বাধা সাত্রনয়ে বলল, 'কাল আসবেন, ঘর তে। চেনাই রইল সোজা চ'লে আসবেন একেবারে। আসবেন তে। ?'

শরৎ বলল, 'আসব।'

বাধা বলল, 'আমি তাহ'লে তৈরী হয়ে থাকব ?'

नंतर वनन, '(थरका।'

রাধা তাকে সদব দরজা পর্যন্ত স্বত্বে এগিয়ে দিয়ে ফিরে এল, কিন্ত ঘরের দোর পর্যন্ত আসতে না আসতে পাশেব ঘরের কুম্দিনী হেসে একেবারে গড়িয়ে পড়ল তাব গায়ে, 'জানালার পাল্লা থুলে আমি স্ব দেখেছি। মাগো, এত রন্ধ জানিস তুই, মাত্র একবার তো সিনেমায় গিয়ে সধি সেজেছিলি, তাতেই এত সেয়ানা হয়ে গেছিদ।'

উন্টোরপ

রাধা ছলুকোণে বলন, 'দেয়ানা আবার কি লো। আমি কাল সত্যিই আশ্রমে চ'লে যাচ্ছি, দেখে নিস।'

কুমিদিনী বলল, 'ষাদ বাপু যাদ, তোকে একদিন আশ্রমেই যেতে হবে। যে ভাবে থদ্দের ঠকাচ্ছিদ তাতে তোর ব্যবদা বন্ধ হ'ল ব'লে। শরীর তো বাপু মাঝে মাঝে সকলেরই খাবাপ হয়। সেদিন না বেরোলেই হোল। কিন্তু বেবোবিও, টাকাও নিবি, শেষে মেজদা ব'লে বিদায় করবি থদের ? দাঁডা তোর জারি-জুরি আমি দ্ব ভেশ্বে দিচ্ছি।'

রাধা এবাব সত্যি বাগ কবল, মৃথ বিক্লতি ক'রে বলল, 'দিস দিস, জানা আছে ভোর ক্ষমতা।'

হয় তো রাগ করেই বাধা এ বাত্রে আব বেবোলো না। প্রদিনও সন্ধার পব স্বাই যথন সেজেগুছে বেরুছে বাধা ঘবেই বইল। শ্রীরটা ভালো নেই।

यां अयां मगर कुम्मिगी वनन, 'कि तना त्वत्यां वि मा।'

রাধা বলল, 'না লো না, আমার মদনমোহন আৰু নিজেই আদেবে। তার জন্ম পথে গিয়ে দাঁডাতে হবে না। ঘব দে চিনে গেছে।'

কুম্দিনী বলল, 'কালকেব মেজদা আছ বৃঝি মদনমোহন হ'ল ?'
রাধা বলল, 'যা:, কি যে ইলেকি দিস সব সময়, ভালো লাগে না।'
সে নিশ্চই আসবে। মৃথ দেখে তো রীতিমত ঘৃতু ব'লে মনে হল
ঠাট্টাটা সে নিশ্চয়ই হজম করবে না। আজ এসে হয়ত হলে আসলে
আদায় করবে।

করে যদি করুক। সভিয় এমন ভাবে ঠকানটা ভাল হয় নি। আবার যদি যথার্থই সরল লোক হয় সে? সভিয়ই আংখ্রমে

নিয়ে বাওয়ার জন্ম আদে ? তা হ'লে ? হঠাৎ খাস যেন রোধ হয়ে এল রাধার। তাহলে দে চলে যাবে এখান থেকে। এই পক্ষ কুণ্ডেব মায়া দে আব করবে না। আশ্রমেব সেই স্থানর পবিত্র জীবন, ধেখানে গৃহস্থ ঘবেব মেয়েব মত সে থাকবে পডবে, তাঁতে কাপড বুনবে, তারপব—রাধার মুখ এবাব সত্যি আবক্ত হয়ে ওঠে।

পাইন হোটেলে খাওয়া সেবে বাত ন'টায় শরৎ আবার সেই দাবার ছকের কাছে এসে পৌতেছে। কিন্তু কালকের মনোরম ঘুঁটিট আজ আর নেই। হয়তো এতক্ষণে অক্ত কোন খদেব পাক্ডে ঘবে চুকেছে। আচ্চা ঠকিয়েছে কাল মেয়েটা। জীবনে আর এমন ঠকেনি শরৎ।

বাধার ঘর অবেশ্য শরং চেনে। গিয়ে চুকলেই হয় সেথানে। ঘরে যদি আর কেউ থাকে সে বেরিয়ে আসা প্যন্ত অপেকা করলেই চলবে।

কিন্তু গলির দিকে পা বাডিয়েই হঠাৎ শরৎ থম্কে দাঁডাল।

মেয়েটা যদি সতিটেই কালকের কথাগুলি বিশ্বাস ক'রে থাকে।

যদি সভ্যিই আশ্রমে যাওয়াব জন্ত তৈরী হ'য়ে ব'সে থাকে রাধা?

আজ তো আব শরৎ লোভ সামলাতে পাববে না। সাধুগিরি ক'দিন

আর দেখান যায়। কিন্তু কাল তো সে পেরেছে। দেখাতে পেরেছে

সে মহৎ, জিতেন্তিয়। রাধা নিশ্চয়হ বিশ্বাস ক'বেছে। সেই বিশ্বাস্টুক্
ভেঙে দরকাব নেই। সেই শ্বিট্রুক্ থাক রাধার মনে। টাকা ক'টি

হয় তো কোন বাজে কাজে বায় করবে না রাধা। সৎ লোকেব

দান ব'লে দীর্ঘকালেব জন্তু বাক্সে তুলে বাধবে। তারপর বোজ

এই মাঠে দাঁডিয়ে নিত্য নতুন আগস্তুকদের মধ্যে প্রজবে একথানি

মুধ, যার সঙ্গে তার মেজ্বদার মুধের মিল আছে।

দৌরভ

সবদিক থেকে বিপদ একেবারে ঘিরে ধরেছে। একে তো জিনিস-পত্রের এই হৃম্ ল্যের বাজার, তারপর চুটি ছেলে মেয়েরই একসকে টাইফয়েড, দেবব্রত অতাম ঘাবডে গেল। কলেজের প্রফেসারী আজকাল মাষ্টারীর সমান। তারপর নতুন কলেজ। ধোপত্রস্থ खामा कानए, जनाय जानत किछित, এकनन छे छन की वस एकन एकनीत সামনে বিদেশী কাব্য-সাহিত্যের আলোচনা নিজের কাছেও বেশ উপভোগ্য মনে হয়, কিন্তু মাদের শেষে অধ্যাপনার দক্ষিণা বাবদ হাতে যা আনে তাতে সংসারের খরচ কুলোয়না। সকালে বিকালে টিউশানি ঘটো তাই বাধ্য হয়ে নিতে হয়েছে। তার মধ্যে একটা থেকে নিয়মিত য। আদায় হয় তা এক কাপ চা আর কিছু মিষ্টি কথার সৌজন্ম। কলেজ-কমিটিব প্রেসিডেন্টেব ছোট মেয়ে। প্রেসিডেন্ট নাকি খুব রক্ষণশীল। অক্যাত্ত সিনিয়ার এবং প্রোচবয়ন্ত প্রোচেসরদের বাদ দিয়ে দেববতকে যে তিনি নিয়েছেন এতেই তো তার ভাগ্য মনে করা উচিত। মাসে মাসে টাকাপয়সার তাগিদে বিপিনবাব বিরক্ত হন। সেজ্ঞ অবত ভাবে কেন্দেবব্রত। যখন যা দবকার বাড়ির ছেলের মতো নিঃসঙ্কোচে চেয়ে নিলেই তো পারে। একসঙ্গে সব টাকা দিতে হবে ভার কি মানে আছে। এই ভো গেল ছাত্রীর বাবার ধারণা। ছাত্রীব ধারণা আরো মারাত্মক। তার নিতান্ত সন্নিকটে সামনা সামনি ব'সে দেবত্রত যে তাকে পড়াতে পারছে এতেই তো তার কুতার্থ হওয়া উচিত। তার বৃদ্ধি সহক্ষে, পড়া-ভনোর ইতিকর্তব্যতা সময়ে ক্ষীণত্ম কোন মন্তব্য করার আগে

দেববাত যেন ভূলে না যায় যে ডলি রায়ের বয়স আঠের; পৃথিবীতে যে বয়স আর কোন মেয়ের কোন দিন হয়নি, হবেও না।

পরিচিত, স্বল্পরিচিত সবরকমের বন্ধুবান্ধবের কাছ থেকেই ধার করতে দেবএত বাকি রাখেনি। পরিশোধের ভাবনা ভেবে মাধা খারাপ এখন না করলেও চলবে। আপাতত credit মানে ক্লতিত্ব। যার কাছ থেকে যা পাওয়া যায়, যে ভাবেই হোক সংগ্রহ করতে পারলেই দেবএত আয়ুপ্রসাদ লাভ করে।

দেবপ্রতের চেয়ে কল্যাণী বরং অনেক শক্ত। মনে মনে ভর পেলেও
স্থামীর কাছ থেকে তা সে গোপন রাখতেই চেষ্টা করে। উন্টে সেই বরং ভরসা দিয়ে বলে, এত ঘাবড়াবার কী আছে, অস্থ্য বিস্থাকি হয় না ছেলেমেয়েদের ? আর এই বাজার দর কি তোমার একার জন্ম চড়েছে ?

কিন্তু এই লোক-দেখানো নিভীকতা ভালো লাগে না দেববতের।
এতে সে আবো চটে যায়। ত্ঁ, ঘরে বদে অমন বীরত্ব স্বাই দেখাতে
পারে। বাইরে বেরিয়ে একবার প্রত্রিশ টাকার জায়গায় ত্রিশ
টাকা দরে ত্'মণ চাল জোগাড়ের চেষ্টা ক'রে দেখ কতথানি মাধার
ঘাম পায়ে ঝরে, কোন বদ্ধুর কাছে ত্'টাকা ধার চাইতে গেলে
কতথানি বাগজাল বিস্তার করতে হয়।

কল্যাণীর অসস্কৃষ্টি এবার কিছু প্রকাশ হয়ে পড়ে, 'ঘরে বসে মরচে পড়ে গেলুম তোমার জন্তই। না হ'লে আই-এর কোর্স টি। তো শেষ ক'রেছিলাম, পরীক্ষটাই কেবল দেওয়া হয়ে উঠলনা। মনে আছে তোমাকে কত অহুরোধ ক'রেছিলাম ? তারপর কত মেয়ে বেরিয়ে গেল তোমার হাত দিয়ে, কেবল বড় ঘরামির চালায় শন উঠল না।

'হাা, দেই advanced stage এ পরীক্ষা দিতে গিয়ে এক ফ্যাসাদ ঘটিয়ে বসতে তাই বুঝি ভালো হোত ?'

বছর আটের আগেকার ঘটনা, তবু সেদিনের কথা স্থারণ ক'রে আজও সলজ্জে কল্যাণী মুখ নিচু কবল। যেন সে ব্যাপাবের সমস্ত লজ্জা কল্যাণীব একার।

সেই প্রথমদিনগুলির কথা কল্যাণীর মনে পডল। তাকে উচ্চশিক্ষা দেওয়া সম্বন্ধে তথনো দেবব্রতের দারুণ উৎসাহ। কিন্তু তাব চেয়েও বেশি উৎসাহ প্রকাশ হয়ে পডত অন্ত কাজে। কল্যাণী ছল্লগান্তীযে একটু স'রে গিয়ে বলত, 'কী অসভা, ওসব কি হচ্ছে ?'

দেবত্রত প্রত্যন্তবে, আবৃত্তি কবত, 'পুরুষের সে অধৈষ ভাহারে গৌরব মানি আমি।'

আজো ভাবতে ভালো লাগে সেই দিনগুলির কথা। কথায় কথায় কবিতা, আর পদে পদে মিল। চিঠিব পাতায় আব কবিতাব খাতায় তথনকার অসংখ্য মৃহুর্ত দেবত্রত ধরে রাখতে চেষ্টা ক'রেছে। কিন্তু সেব উল্টে দেখবার সময় কই, তাছাভা মিল দেওয়া কবিতা দেব-ত্রতের কানে আজ্ঞকাল ভালগাব লাগে।

ছ্থানা ছোট ছোট পাষ্ববার থোপেব নাম একটি দ্লাট। আব ভারই ভাভা চল্লিশ টাকা। তা হলেও এব চেয়ে থারাপভাবে আর থাকা যায় না। শত হ'লেও শিক্ষিতা স্ত্রী এবং প্রেমজ বিবাহ। ভাববে কি। তা ছাডা নিজেরও একটা পদমধাদা আছে তো সমাজে।

কিন্ত ছোট হোক বড় হোক সমাজই কি আছে এথানে? অস্তত কোন স্পষ্ট ধারণা এ সম্বন্ধে দেবপ্রতেব নেই। কোন প্রতিবেশী নেই

এখানে; এক একটি ফ্লাট যেন এক একটি দ্বীপ। কোনটির সক্ষে কোনটির যোগস্ত্র নেই। এখানে কারো সঙ্গে তার আলাপ হয়নি, আলাপের কোন প্রয়োজনও সে বোধ করেনি। কিন্তু এখন, ছেলেদের এই অহ্বথের সময় আজ তার মনে হচ্ছে আলাপ ক'রে রাখলে বোধ হয় মন্দ হোতনা। তাহ'লে তার ছেলে মেয়ে যথন ত্ঃসহ ব্যাধিতে কট পাছে, তখন পাশের ফ্লাটে এই যে চিক্রিশ ঘণ্টা রেডিও চলছে, অহুরোধ উপরোধে তার মধ্যে অন্তত ত্'এক ঘণ্টা সে রেহাই পেতে পারত।

চারটে পর্যন্ত ক্লাস ছিল। কলেজ ছুটির পর সোজা বাজি চলে এল দেবব্রত। ধবাচ্ড়া খুলতে খুলতে বলল, 'এসেছিলো ডাক্তার ?'

कनाभी वनन, 'डा।'

'কি বলল স্বধীর ?'

'বললেন তো ভয় নেই।'

'ওতো ওদের বাঁধা বুলি। কতদিনের মধ্যে দেরে উঠবে তা কিছুবলল ? যতুক'রে দেখে, না কেবল গল্লটল্ল ক'রেই চলে যায়!'

'কি যে বল, শত হলেও ভোমার বন্ধু তো।' কল্যাণী ক্লান্ত খরে বলল। দেবত্রত যেন বড় বেশি nervous, আর বড় বেশি বল-মেজাজী হয়ে গেছে। কল্যাণী আর পেরে উঠছেনা। ছেলেদের ভশ্রমাই করবে, না স্বামীকে সামলাবে। একটু চুপ ক'রে থেকে কল্যাণী বলল, 'যাও ম্থ-হাত ধুয়ে এসো বাথ-ক্ম থেকে আমি ততক্ষণে ভোমার চা ক'রে আনি। ওদের কাছে ভোমার বসতে হবেনা, কিছুক্ষণ আগে ওদের পথা খাইয়েছি। এখন বেশ ঘুমোচেছ ওরা।'

চামে চুম্ক 'দিয়ে দেবত্রত খানিকটা চাঙ্গা বোধ করল। কল্যাণীর

দিকে তাকিয়ে সত্যিই ভারি মায়া হোল তার। রাত জেগে জেগে কি চেহারাই হয়েছে। মুখে শুদ্ধ শীর্ণতা, চোখের কোলে কালো ছায়া পড়েছে। সমন্ত শরীর ঘিরে ওর ক্লান্তির ছাপ। অমুতপ্ত কণ্ঠে দেবব্রত বলল, গত্যি, ভারি অক্লায় হয়ে গেছে আমার। স্বার্থপরের মত তোমাকে কেবল খাটিয়ে নিচ্ছি। ভোমারও দোষ আছে। পালা ক'রে তো জাগবার কথা, আমাকে কেন ডেকে দাওনা সময়মত ?'

কল্যাণী একটু হাসল। তার ক্লান্ত ভর্চাধরে ভারি মান, ভারি করুণ দেখাল সে হাসি। কল্যাণী বলল, 'আর তুমিট বুঝি কম খাটছ, সারাদিন তো যায় ছুটোছুটিতে, তারপর রাত্ত্বেও যদি এক-আধটু না ঘুমোতে পারো, শরীর টি কবে কি ক'রে? আমার একটও কট হয়না, তুমি ভেবনা।'

'না কট আর কিসের ? আজ সন্ধ্যার পরই থাওয়া-দাওয়া সেরে তৃমি ওতে যাবে, আমি জাগব সারারাত। আজও আর ভাবছি যাবনা টিউশনিতে, মিছামিছি কি হবে গিয়ে, টাকা যথন আদায় হবেনা।'

কল্যাণী বলল, 'না না, তুদিন ধরে তো যাওই না, আজ দেণ যদি বলে কয়ে কিছু আদায় করতে পার। সব খুলে বললে এই অবস্থায় কিছু যাহোক অস্তত দেবেই। মানুষ তো। আর গেলেই আদায়ের কিছু সম্ভাবনা থাকে, অভিমান ক'রে বদে থাকলে তো আর ওরা দিয়ে যাবেনা, একবার দেখ চেষ্টা ক'রে, রাত-পোহাইলেই টাকার কত দরকার তা তো জানো।'

'তা আর জানিনে? আছো।'

সন্ধ্যার পর বালিগঞ্জের একটা বাদে ভীড় ঠেলে অতি কটে নিজেকে তার মধ্যে চুকিয়ে দিল দেববত। অত ভীড অত অস্থবিধার মধ্যেও মাঝে মাঝে কল্যাণীর করুণ ক্লান্ত মুখচ্ছবি তার চোথের সামনে ভেসে উঠতে লাগল। তাব স্নিগ্ধ প্রেমের মাধুর্য্যে জীবনের আদি অন্ত দেববতের ছেরে গেছে। শুধু তার জন্মই সমস্ত তুঃখ-দৈত তৃভাবনাকে সে 'টাজেভির' মত উপভোগ করতে পারছে।

'ষ্টপেজ' থেকে ভান হাতি একটা গলি ধরে থানিকটা এগিয়ে গেলে ভবে বিপিনবাব্ব বাভি। ক্ষেকটি স্থানৃত্য মোটর বাভির দোরের সামনে দাঁভিয়ে আছে দেখে দেবত্রত বিশ্বিত হোল। একদল স্ত্রী-পুরুষ বাভিব মণ্যে চুকল, আর একদল বেবিয়ে এল। কি ব্যাপার। কোন উংসব-অন্ত্র্যান আছে নাকি এ-বাড়িতে। নানা হুর্ভাবনা ছিন্দিস্থায় দেবত্রতের যেন শ্বতিভ্রংশ হয়ে গেছে, বৃদ্ধি গুলিয়ে গেছে বেন।

কিন্তু পরমূহতে ভলিকে দেখা গেল। ক্ষেকটি সমবয়সী বন্ধুকে দোর প্যস্ত সে এগিয়ে দিতে এসেছে। এই উৎসব উপলক্ষে চমৎকার ক'বে সেজেছে, উজ্জ্বল উল্লাস তার সর্বাঙ্গ বেয়ে ঝরে পড়ছে যেন। এ যেন অক্সাক্ত দিনের ভলি নয় যাকে সে নোট-মূখস্থ করিয়েছে, যার মৃচ্তায় মনে মনে সে হেসেছে। এ আর একজন, এ অসাধারণ।

মৃহুর্তের জন্ম দেবত্রতেব সঙ্গে চোধাচোধি হয়ে যেতে ভলি চোধ নামিয়ে নিল। তারপর বলল, 'বেশ মাষ্টার মশাই, আমার জনদিন, আর আপনি এই এলেন।'

মীরা ভলির কানে কানে বলল, 'ইনি তোর মাষ্টার মশাই নাকি, ভলি ? তোকে হিংসা করতে ইচ্ছা হয় সতিয়।'

উল্টোরপ

'कि (य विनिन।' छिन नन एक शामान।

দেবব্রতের মনে পডল, কয়েকদিন আগে তার জয়দিনের কথা ডলি বলেছিল বটে। কিন্তু আময়ণের মধ্যে তেমন আগ্রহ ছিল বলে তার মনে হয়নি। অস্থথে ডাক্তারে আর বয়ুদের কাছে ধার ক'রে ক'বে একথা তার একেবারেই মনে ছিলনা, আর মনে থাকলেই বা কি হোত। সে কি আসত নাকি!

বন্ধুদেব বিদায় দিয়ে ডলি দেবএতকে বলল, 'আহ্ন, স্বাই চলে গেল, আর আপনি এলেন। দেরি দেখে আমি তো ভাবলুম, আভ্নও বুঝি এলেন না। তু'দিন ধরে তো আসাই বন্ধ কবেছেন।'

দেববৃত একটু হাসল, 'এ ক' দিন পড়াগুনা তো এমনিতেও হোত না ভোমার।'

'বেশ, শুধু কি পডাশুনোবহ সম্পর্ক নাকি আপনার সঙ্গে ?' বলতে বলতে ডলি নিজেই আরক্ত হয়ে উঠন।

কুমারীর নয়নে এই সলজ্জ আভাস দেবত্রত কি এই প্রথম দেপল জীবনে ? নাহ'লে সে চোধ ফিবাতে পাবছে না কেন ?

একটু পবে বিপিনবাবুকেও দেখা গেল। 'এই যে, এতক্ষণ পবে দেবব্রত এসেছা। যাও ডলি, তোমাব মাষ্টারমশাইকে নিয়ে যাও। দেরি করোনা আর, রাত হচ্ছে।'

ভলি দেবপ্রতকে তার পড়ার ঘরে নিয়ে গেল। একটা নতুন টেবিল-ঢাকনি টেবিলের ওপর। ফুল-দানিতে রজনীগন্ধা। সামাঞ এক-আধটু আসবাব-পত্তের অদল-বদলে ঘর্থানিও যেন নতুন রূপ নিয়েছে।

७ नि वनन, 'আমার জন্মদিন আজ।'

দেবত্রত বলল, 'আমারও তাই মনে হচ্ছে।'

'কি মনে হচ্ছে ?' ডলি জিজ্ঞাদা করল। দেবপ্রত বলল, 'ডোমার জন্মদিন।'

'এথানে এসে আপনার মনে হচ্ছে। কিন্তু আমি ঠিক বলতে পারি, একথা আপনার মোটেই মনে ছিলনা।'

'একথা বিশ্বাস করতে তোমার ইচ্ছা হয় ?'

'ইচ্ছা হয়না, কিন্তু কথাটা তো সত্যি। যদি মিথ্যাই হবে, বলুন তো কি এনেছেন আমার জন্মে?'

মূহতের জন্ম দেবত্রত একটু বিত্রত বোধ করল, তারপর বলল, 'জানোতো, আমি যা দেব, তা আমাকে দদে ক'রে নিয়ে আদতে হয়না।'

াক, কি দেবেন আপনি ?' ভলির স্বর একটু কেঁপে উঠল।

নেবব্রত একট্ হাসল, পেনটা থুলে নিল পকেট থেকে, হাতড়ে হাতড়ে সাদা কাগজ আর বেকলো না, বেকলো একটা হলদে রঙের সিনেমার হাণ্ডবিল, একপিঠে লেখা, কিন্তু আর এক পিঠের রঙ চমংকাব। নিজেরই একটা পুরোণ কবিতা অক্ষরের স্রোতে অনায়াদে নেমে এলো তার ওপর। কিন্তু এ যেন নতুন কবিতা লেখার আনন্দ।

সানা নাক্রাকে চিনেমাটিব প্রেটে প্রেটে এলো ধাবার, এলো চা। সলজ্ঞ বিনয়ে টেবিলের একপাশে দাঁভিয়ে রইল ভলি। তার দিকে না তাকিয়েও তার উপস্থিতি অস্কুত্ব করা যায়।

দোর প্যস্ত এগিয়ে দিয়ে ডলি বলল, 'কাল আদবেন তো ?' দেবপ্রত বলল, 'আদব।'

ভলি বলল, 'কিন্তু আপনি যে-দিনই আসবেন বলেন, দেদিন আব আসেন না। কাল আসবেন কিন্তু।'

দেবত্রত বলল, 'আচ্ছা।'

একটুর জক্ত দেববত শেষ ট্রামটা মিদ কবলনা, ছুটে এদে ধরতে হোল হাত্তেল। শেষ ট্রামের যাত্রীরা যেন শেষেব যাত্রী। প্রান্তিতে শুষ্ক প্রত্যেকটি মুখ। কিন্তু অপূর্ব প্রদন্ধতায় দেবব্রতের অন্তর পূর্ণ হয়ে গেছে। নিজেরই কবিতার লাইন গুণগুণ করছে তাব মনের মধ্যে।

কর্ণপ্রালিস খ্রীটে নিজেদেব ফ্লাটবাডিটার সামনেই ইপেজ। ট্রামটা থামতেই নেমে পড়ল দেবব্রত। অনেক রাত হয়ে গেছে।

কাগজের ঢাকনি দেওয়া মান আলোর নিচে তথনো কল্যাণী মুমস্ত ছেলে-মেয়েদেব শিয়রে বসে রয়েছে। দেবত্রত ঢুকতেই কল্যাণী জিজ্ঞাসা কবিল, এত রাত হোল যে।

'হুঁ, তুমি খেয়ে নাওনি বুঝি ?'

कन्यांभी सान अकरें शामन, जांत्रभत वनन, 'होका जानां इरना ।'

'বাভদিন কেবল টাক। আর টাকা, তুমি কেমন যেন হয়ে গেছ আজিকাল কলাণী।'

কল্যাণী ব্যথিত বিশ্বয়ে স্বামীর দিকে তাকাল, 'আদার হয়নি তাহ'লে? কিন্তু ভোব হ'লেই তো টাকার দরকার। দিলু স্থার মিণ্টুব ওযুধ-পত্র একেবারেই ফুবিয়ে গেছে।'

দেবব্রত বিরক্তি দমন ক'রে কোমলকঠে বলল, 'তৃমি ভেবনা, কালই একটা ব্যবস্থা হবে।'

कनाां विकर्वे निष्पृर्वात्व पृत्र (थरक वनन, 'रहारनरे रहान।'

'হবে হবে, আমার কথা বিশ্বাস কর।'

থেতে বসল ত্জনে পাশাপাশি। রোজ বেমন বসে। কল্যাণী দেবত্রতের থালার দিকে চেয়ে বলল, 'খাচ্ছনা যে? সবই যে পডে রইল।'

'এই তো থাচ্ছি, সবদিন কি সমান খাওয়া যায় ? কুধানেই তেমন।'

'ক্ধা নেই কেন, আব কিছু থেয়েছ নাকি কোথাও।'

এমন খুঁটে খুঁটে প্রশ্ন করার অভাাস কল্যাণীর ! দেববত এক ঝোঁকে বলল, 'হাা, জলটল থেতে হোল কিছু, ডলির জন্মদিন ছিল!'

কল্যাণী একমুহূর্ত চুপ ক'রে রইল, তারপর হেসে বলতে গেল, 'তাই বল, পেটপুবে থেয়ে এদেছ, আর বলছিলে থিলে নেই।'

ধাওয়া-দাওয়ার পর একটা সিগারেট শেষ ক'রে দেবব্রত বলল, 'যাও, তুমি শুয়ে পড়, কদিন ধরেই তোমাব রাত-জাগা পডছে, চেহারা গ্রেছে খাবাপ হয়ে। আমিই আজ জাগি।'

কল্যাণী বলল, 'নানা ভোমার এ সব অভ্যাস নেই, তুমি শোও গিয়ে।

দেবপ্রত বলল, 'কিচ্ছু ভেবনা। আমি আজ থুব জাগতে পাবব।' স্বামীব দিকে একবার তাকিয়ে কল্যাণী চোথ ফিরিয়ে নিল।

দেবব্রত ব্রাতে পারল একটা অহেতুক উল্লাস এই সমস্ত পরিবেশকে ছাপিয়ে উঠছে, যা তাব নিজের কাছেই অত্যন্ত অশোভন লজ্জাকর বলে মনে হোলো। নিজের আচরণের জ্বন্য হেংল দেবব্রতের।

কল্যাণীব দিকে ভাকাল। ভার পাণ্ড্বিশীর্ণ মৃথে ক্লান্তির ছায়া

নেমে এদেছে। কেন যেন চুলে তেল মাধছে না কদিন ধরে। ছোট কপালের ওপর কয়েকগাছ চুল এদে পড়েছে। মুখখানি ভারি মান।

দেবব্রত গাঢ় কোমল স্বরে বলল, 'যাও শোও গিয়ে লক্ষীটি।' কল্যাণী বলল, 'না, আমিই থাকি ওদের কাছে।'

দেবত্রত একটু যেন সোল্লাসে বলল 'আচ্ছা বেশ, ত্ত্বনেই একসকে আজ রাত জাগা যাবে।'

'ওদের টেম্পারেচারটা একবার নিয়ে দেখা যাক। চাট কোথায়? এর আগে কভ ছিল জর?

কল্যাণী থাতাটা নীরবে এগিয়ে দিল। তার ওপর একবার চোথ বুলিয়ে পারা নামাবার জন্ত থার্মোমিটারটা ত্'একবার ঝাড়া দেওয়ার সময় হঠাৎ দেবত্রতের মূথ দিয়ে মৃত্ শুঞ্জনে বেরিয়ে গেল, 'আমার চোধের রঙে, কামনার রঙে আজি মোর।'

চমকে উঠে পরস্পারের চোধের দিকে তাকাল ত্জনে, তারপর জুজনেই চোথ ফিরিয়ে নিল।

মিণ্ট্ পাশ ফিরতে ফিরতে কাতোরোক্তি ক'রে উঠল, 'মাগো।'

তুত্ত শ্ব

কারো কারো শারীরিক গড়নে এমন একেক ধরণের শ্রীহীনতা যাতে অনেক সময় দর্শকের মনে অমুকম্পা এমন কি সহামুভূতি জাগায়; রুগ্ন হীনস্বাস্থ্য লোক দেখলে যেমন হয়, অনেকটা তেমনি। কিন্তু আরেক শ্রেণীর কুশ্রীতা আছে যা শুধু চোধকে পীড়িত করেই ছাড়েনা, অন্তিথকে পর্যন্ত হুলেহ করে তোলে।

সামনের ঘরের সভেব-আঠার বছরের রাণী নামে যে মেয়েটি রোক্ষ দোতলার রেলিঙে ভর করে এসে দাঁড়ায়, পরিতোষ মর্মে মর্মে অফুভব করেছে তার কুশ্রীভাও ঠিক দ্বিতীয় শ্রেণীর। কলেজে এক কবিবকু তাকে মাঝে মাঝে বলত ক্লাসের হু' একটি মেয়ের সৌন্দর্য তাকে নাকি Simply পাগল করে তোলে। ট্রামে, বাসে, জলসায়, মঞ্জলিসে বছরকমের বছমেয়েকে সে এবয়সে দেখেছে, কিন্তু এতকাল উন্মন্ততার হাত থেকে রেহাই পেয়ে এসে শেষ পর্যন্ত এই মেয়েটার হাতে সে ব্ঝি পাগলই হয়ে বসল।

মেয়েটা শুধু যে অস্বাভাবিক প্রীহীন তাই নয় অসম্ভব রক্ষের নিল জ্জিও। তার প্রসাধনের ঘটা দেখলে একেক সময় যে হাসি না পায় তা নয়, কিন্তু সে যখন পরিতোষের সঙ্গে কোনরক্ষে চোখাচোখি হ'লেই মৃচকি হাদে, তখন পরিতোষের পায়ের তলা জলে যেতে থাকে। পরিতোষ যখন কলের কাছে হাতম্থ ধোষ, যতক্ষণ সে চৌকাচা থেকে বালতি ভরে জল ঢালতে থাকে মাথায়, তখনই কোন না কোন ভলে মেয়েট এসে দাঁভায় ওপরের বারাগুায়।

তার অমুরাগের প্রকাশ শুধু এতেই শেষ হয় না। কোন্
মান্ধাতার আমলের এক ভাঙা হারমোনিয়াম যেন কোথেকে জোগাড়
করেছে, তার সহযোগে সকাল সন্ধায় রোজ ভার সকীত সাধনা চলে।
সাম্প্রতিক সিনেমার চলতি গানগুলিকে তারশ্বরে বেতালায় চেঁচিয়ে
টেচিয়ে তবে তার তৃথি। তার স্বকটিই প্রেমসঙ্গীত এবং বোধহয়
পরিতোষের উদ্দেশ্যেই নিবেদিত।

বাড়িটায় চুকে অবধি পরিতোষের মনেব সমস্ত স্বাচ্ছন্দ্য নষ্ট হয়ে

পেছে। দাদার যত কাণ্ড। এমন বাজি কি নিজে দেখে কেউ পছল্প করে। কিন্তু সে কথা বলবার উপায় নেই। বললেই বলে বসবেন আর ছথানা ঘর যদি তৃই সারা কলকাতা সহবে খুঁজে বার করতে পারিস আমি এই মুহুর্তে এ বাসা ছেডে দিতে বাজি আছি। বাজি পাওয়া যায় না তাঠিক। এই বছব খানেকের মধ্যে সমন্ত বাংলা দেশটা যেন এই কলকাতা সহরে এসে জড় হয়েছে আর তার চার আনি লোক অন্তত কাঁটাপুকুব লেনের এই জীর্ণ বাজিটায়। ওপরে নীচে সাত ঘর বাসিন্দা। বায়াঘর বলে আলাদা কোন জিনিষ নেই। শোয়ার ঘবেব মধ্যেই রেঁধে নিতে হয়, কিংবা ঘরের সামনে দেড়হাত প্রস্তের বারাণ্ডার তিন হাত করে একেক সরিকের ভাগে পড়েছে তাতেও কেউ কেউ রায়া কবে। সকাল সদ্ধ্যায় সাতটি চুল্লির যে যজ্ঞধ্ম উধ্বে উথিত হতে থাকে তা কানীমিত্রের ঘাটেব ধোঁয়াকেও হার মানায়। পাকা নর্দমার ব্যবস্থা নেই। উঠানের মাঝখানে দিনরাত এক ডাস্টবিন খাড়া করে বাথতে হয়। ভাতের মাডে, তরকারির খোসায় সমন্ত আকাশ-বাতাস সৌগ্রেজ ভবে ওঠে।

স্থ-স্থবিধার চূডান্ত। তারপর এই রাণীর অন্থবাগ। পরিতোষ বৌদিকে বলে, 'ঘরসংসার তোমরা করেন, লোটাকম্বল নিয়ে আমি এবার প্রব্রজ্ঞা গ্রহণ করব, আর নয়।'

পাফল মুথ টিপে হাসে, 'বৈরাগ্যের কারণ তো জানি। সব্র সইছে না। কিন্তু কি করব ভাই, আমরা হলুম ছেলেপক্ষ, আমাদের কি আগ বাড়িয়ে প্রস্তাব করা সাজে ? ওঘরের চক্রবর্তী মশাই আর মাসীমাই বা কি। ওঁদের কি চোধ বলে কোন জিনিষ নেই। ওঁরা কি দেখতে পাচ্ছেন না দিনের পর দিন ছটি হৃদয় ফেটে চৌচির

হয়ে যাচ্ছে ? দেখি অগত্যা আমাকে গিয়েই বলতে হবে। মানের জ্ঞা শেষে কি প্রাণ খোয়াব ? তাছাড়া পট্ করে শেষে যদি একদিন তুমি সন্ন্যাসী হয়েই পড় আমার বাজার এনে দেবে কে ?'

পরিতোষও হাসে, 'এ আর মৃথ ফুটে বলবে কি? ঠাকুরপোর আদর যে বাজারের জন্মই, এতো প্রতিদিনই টের পাচ্চি।'

স্থল-ছুটিব পর একটা টিউশানি সেরে সরোজ এলো ঘরে। আরেকটা টিউশানি আছে বাসার কাছেই, নিবেদিতা লেনে। ছুই টিউশানির ফাঁকে স্ত্রীর হাতের এক কাপ চা পেয়ে সরোজের মেজাজ্ঞটা এই সময় কিঞ্জিং সবস থাকে। পরিতোষেব শেষের কথাগুলি তার কানে গিয়েছিল, চায়ের কাপে চুমুক দিতে দিতে সরোজ বল্ল, 'ইয়া কি বলছিলি তথন, কি টের পাচ্ছিস ?'

পবিতোষ ঋষাব দিল, 'এ বাভিতে ত্'দিন থাকলে আমি পাগল হয়ে যাব।'

সবোজ স্ত্রীব দিকে তাকায়, 'শাস্ত্রে আছে এ অবস্থায় একটু উন্মাদ-উন্মাদ ভাবই হয়, তাই না ?'

পাকল পরিতোষের দিকে তাকিয়ে মৃচকি হাসে।

স্রোজ আবার বলে, 'কেন বাড়িটা মন্দ কি, ভাছাড়া এ বাড়িতে একমাত্র তুই তো স্বতন্ত্র একটা ঘর পেয়েছিস, বলতে গেলে তুই ভো এ বাড়িব রাজা।' সরোজের ঠোঁটের কোণে চাপা হাসির আভাস দেখা যায়।

পারুল খিল্ খিল্ করে হেসে ওঠে, 'একেবারে অক্ষরে-অক্ষরে। ব্যাকরণে কোন ভুল নেই অস্তত।'

উণ্টোরথ

কেবল এই স্ক হাসিঠাট্টাভেই ব্যাপারটা যে সামাবদ্ধ থাকে তা নয়। সমস্ত বাড়ি ভরে একথা নিয়ে আলোচনার চেউ ওঠে। এ সব বক্ত আলোচনা হাসিঠাট্টা চক্রবর্তীদের যে কানে না যায়, তা ভা নয়। তবু এতে যেন ভাদের কিছুমাত্র ভ্রুক্ষেপ নেই। বরং পরিতোষদের সঙ্গে ঘনিষ্ঠ হবার উৎসাহটা তাদের দিনের পর দিন বেড়েই চলেছে।

সেদিন রাত্রে সরোজ তখনও টিউশানি করে ফেরেনি। পারুলের রান্না সব নামতে না নামতেই পরিতোষ নিজেই পিঁডি পেতে বসে গেল, বছর চারকের ভাইপো নীপুকে ডেকে পাশে বসিষে বলন, 'আমরে আমরা সব আগেই থেমেনি। না হ'লে ভিড়ের মধ্যে পতি-সেবায় আরেকজনের আবার অস্ববিধা হবে।'

পাক্ষল হেসে বলল, 'গরজ যে কার তাতো বোঝা গেছে। এ
অবস্থার নাকি মাহুষের ক্ষাতৃষ্ণা জ্ঞান থাকে না। আর তোমার
দেখি ছ ছ করে তা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। কিন্তু খাবে কি
দিয়ে, কিছুই যে নামেনি এখনও।'

পরিতোষ বলল, 'দাও দাও, আর ভদ্রতা করতে হবে না, এতক্ষণে ভাত যে ফুটোতে পেবেছ এই তো ভাগ্য।'

একটু বাদেই বাটিতে কবে কি একটা মাছের তরকারি নিয়ে রাণী এসে দোরের সামনে দাঁড়াল, 'ধরুন তো দিদি, মা পাঠিয়ে দিলেন।'

পারুল বলল, 'ও আবার কি ? আহা, ও আবার কেন তুমি নিয়ে এনেছ ?'

'আহা ধকনই না। জাত যাবে না, আমরাও তো ত্রাহ্মণ।'

পাক্ষণ মৃচকি হাসল, 'ভাগ্যে ব্রাহ্মণ, না হলে এযাতা জাত না দিয়ে বৃঝি আর পারতুম না আমরা। তা আমাকে ধরতে বলছ কেন? অন্তের হাত দিয়ে দিলে কি আর সাধ মিটবে? নিজেই দিয়ে যাও।'

পরিতোষ কঠিন দৃষ্টিতে পারুলের দিকে একবার ভাকালো।
অর্থাৎ এধরণের অভদ্র বাড়াবাড়ি সে পছন্দ করেনা। তারপর বলল,
'ওসব আমার দরকার নেই, ফিরিয়ে নিডে বল।'

রাণী আহত কর্কশকঠে বলল, 'এসেছি কি ফিরিয়ে নেবার জ্বস্তে নাকি? থেতে হয় খান না হয় ফেলে দিন।'

পারুল গম্ভীরভাবে বলল, 'সত্যিই তো, ফিরিয়ে নিতে বললেই কি আর ফিরিয়ে নেয়া যায়।'

রাণী ফিক্ করে হেসে বাটিটা পরিতোষের পাতের সামনে নামিরে রেখে সরে গেল।

পরিভোষের ষ্তই তু:সহ লাগতে লাগল গাঁছে-পড়া অন্তরন্থতায় রাণীরা ততই নাছোডবান্দা হ'য়ে উঠল। কোনদিন বা মাছের ঝোল, কোনদিন বা একটা তরকারি প্রায়ই ওঘর থেকে আসে। রাণীর মা কাজকর্মের অবসরে এঘরে এসে বসেন, নানা গল্লগুজব করেন, কোনদিন বা বাটিটা টেনে নিয়ে নিজেই কুটনো কুটতে আরম্ভ করে দেন।

পারুল বলে, 'আহা হা, আপনি কেন আবার--?'

রাণীর মা বলেন, 'তাতে কি। এক জারগার থাকতে গেলে আমারটা তুমি দেখবে তোমারটাও আমি দেখব; এ না হ'লে কি চলে? তু'টি ছেলেমেয়ে নিয়ে সেই সাতসকালে উঠে আপিসের রান্না, তাও যদি শরীরটা তোমার শক্ত থাকতো। অত পর-পর ভাব কেন মা, যখন

যা অহবিধা বোঝ আমাকে বলতে পার, রাণীকে বলতে পার—একটুও লজ্জা কোরোনা মা, লজ্জা করলে কি আর সহর-বন্দরে মাহুষ চলতে পারে ?"

পারুল মনে মনে হেসে ঘাড় নাড়ে, 'তা তো ঠিকই।'
হঠাৎ রাণীর মা বলেন, 'এবাড়িতে তোমার দেওরই তো দেখি
সবচেয়ে আগে বের হয় আপিসে, কোন আপিসে কাল করে যেন?'

পারুল বলে, 'ভি. জি. এম. পি.।' রাণীর মা নিঃসঙ্গোচে প্রশ্ন করেন, 'মাইনে পায় কত ?' পারুল গম্ভীরভাবে বলে, 'জানিনে।'

পর মুহুর্তে নিজের রুচ্তা ব্ঝতে পেরে মোলায়েম স্থরে খানিকটা নালিশের ভঙ্গিতে বলে, 'কি করে জানব মাদীমা? আমাকে কেউ কিছু কি বলে? যেমন দাদা তেমনি তার ভাই, আজকালকাব চাকুরেদের ধরণই আলাদা। তাদের মাইনের কথা জিজ্ঞেদ করা যেন মন্ত বড় এক অভদ্রতা।'

ভদ হেসে রাণীর মা ভাড়াতাড়ি কথা ফিরিয়ে নেন, 'তা আর বি করবে মা, যে কালের যা রীতি।'

নানাছলে রাণীও তৃ'তিন বার দিনের মধ্যে এঘরে আসবেই। বিকেলের দিকে এসে বলে, 'আমার চুলটা একটু বেঁধে দিন না দিদি।'

পারুল বলে, 'ভূঁ আমি এখন তোমার চুল বাঁধতে বসি, আর আমার রাজ্যের কাজ পড়ে থাকুক।'

'আপনার কাজ যেন কেবল পড়েই থাকে। আর কেউ কি আর কুটোগাছটাও নেড়ে দেয় আপনার ?'

উল্টোরপ

কথাটা অসন্ত্য নয়। স্বযোগ পেলেই রাণী পাঞ্চলের সাহায্য করতে আসে। ঘর ঝাঁট দেয়, বিছানা পাতে, কটি বেলে দেয়, কোলের ছেলেকে ঝিচুক ভরে ত্থ থাওয়াতে বসে। পাঞ্চল প্রথম প্রথম ভারি অস্বন্তি বোধ করত আক্ষকাল আরামই পায়। সন্ত্যি কাজকর্মে এমন আটপিঠে শক্তমেয়ে আজকালকার দিনে পাওয়া কঠিন। আহা মেয়েটা যদি অমন কুশ্রী আর ই্যাংলা না হ'ত, তাহলে লেখাপড়া না জানার জন্য এসে যেতনা, তা শিখিয়ে নিতে আর কত্জণ লাগত।

সেদিন আপিস থেকে এসে ঘরে চুকে হাতঘড়িটা টেবিলের ওপর রাখতে রাখতে হঠাৎ পরিতোষ তারস্বরে চীৎকার ক'রে ভাকল, 'বউদি, বউদি।'

পাক্ষল আসতে আসতে সাড়া দিল, 'অত জোরে টেচাচ্চ কেন ঠাকুরপো, কানে ধাট তোমার দাদা, আমি তো নয়।'

'ঠাটা রাথ, আমার এই বইগুলির ওপর এমন বিশীভাবে নাম লিখে গেল কে? বিতে ফলাবার আর জায়গা পেলনা?'

লেথার ওপর দিয়ে একবার চোথ ব্লিয়ে নিয়ে পাফল মৃচকি হাসল, 'ঠিক জায়গায় ফলিয়েছে বলেই তো মনে হয়।'

পরিতোষ এবারে কঠিন কঠে ধমক দিয়ে উঠল, 'তামাসা ছেড়ে দাও, দিনরাত তো কেবল ঐ নিয়েই আছে। নিজেও যেমন প্রশ্রম পেয়েছ, অন্তকেও তেমনি প্রশ্রয় দিছে। ফুচি আর সাধারণ সন্মানবোধ বলে তোমার কিছু আছে, এতকাল আমার ধারণা ছিল।'

পারুল মনে মনে ক্ষুত্র হ'লেও আবহাওয়াটাকে হালা করবার চেষ্টায় হেসে বলল, 'বড় বড় বক্তৃতার আড়ালে নিজের মনের কথা

ঢাকতে কেন বুধা চেটা করছ ঠাকুরপো, হাতের লেখা যেমনই হোক লিখেছে তো তোমারই নাম।'

পরিতোষ দে কথায় কান দিলনা, তেমনি রুঢ় কঠেই বলে যেতে লাগল, 'সংসারে এমন কি কাজ যা করতে তোমাকে হাঁপিয়ে উঠতে হয়, যাতে অন্য কারো সাহায্য না নিলে একবারেই চলে না। সন্ধ্যায়-সকালে ঝি তো একটা আসছেই, এর পরেও যদি সাহায্যের দরকার বোধ করো দাদাকে বলো, তাকে সব সময় রাথবার ব্যবহা করে দেবে। ঠাট্টা তামাসার মিষ্টি কথায় ভূলিয়ে একটা অন্য ঘরের বয়ন্থা মেয়েকে দিয়ে নিজের সব কাজ করিয়ে নেয়া আমি অত্যন্ত অপছন্দ করি। তোমার কচিতে সেটা না বাধতে পারে কিন্তু আমার বাধে।'

পারুল তরল পরিহাসের কঠে আরো কি বলতে যাচ্ছিল কিন্তু পরিতোষের মুখের দিকে তাকিয়ে থেমে গেল, একটু চুপ করে থেকে বলল, 'আছো।'

অস্বভিতে সমন্ত মন ভবে উঠল পরিতোষের। এমন গায়ে পড়ে প্রেমে পড়বার চেষ্টা যদি না করত মেয়েটি, ভার কদর্য চেহারা সত্তেও পরিভোষ হয়ত থানিকটা সহাস্তৃতি বোধ করতে পারত। মেয়েটি যদি মনে মনেই তাকে ভালবাসত, ভার প্রতিদান দিতে না পারলেও ভার জন্ম একটু করণা, একটু অন্ত্বন্দান এসেই পারত না। শুধু ভাই নয়, গোপনে গোপনে আত্মপ্রসাদ বোধ করে নিজের মনও পরিভোষের কিছুটা প্রসন্ম ও সরস হ'য়ে উঠত। কিছু শিক্ষাহীন, কৃচিহীন আচার-ব্যবহার, আর শ্রীহীন চেহারা নিয়ে রাণী

যে সরবে বাড়ি ভরে ঘোষণা করে বেড়াচ্ছে যে তাকে সে ভাল-বেদেছে, পরিভোষের পক্ষে এর চেয়ে অপমানকর আর যেন কিছু নেই। বাড়িভরা লোকের ঠাট্টা-পরিহাদের পিছনে এ ধরণের একটা মনোভাবই কি নেই যে আসলে পরিভোষ এই ধরণের একটি মেয়েরই উপযুক্ত? এর চেয়ে ভাল কোন মেয়ে তাকে ভালবাসতে পারে না?

শ্রামবাজারের এক যজ্ঞমানের বাড়িতে শান্তি-স্বস্তায়ন সেরে চক্রবর্তী মশাই এই সময় ফিরে এলেন। পরিতোষের ঘরের সামনে দিয়েই পথ। ঘরের ভিতরে উকি মেরে পরিতোষকে দেখতে পেয়ে বললেন, 'এই যে, ছুটি হ'ল আপিস?'

কণ্ঠস্বরের স্নেহের আতিশ্যে পরিতোষের শরীর রি রি করে উঠন। তবু রক্ষা, ইতিমধ্যে জামাতা বাবাজী বলে সম্বোধন করেনি। রুচ্ শুদ্ধ কণ্ঠে পরিভোষ বলল, 'হ্যা হোল। শুন্ন চক্রবতী মশাই, কথা আছে আপনার সঙ্গে।'

কথার ভঙ্গিতে চক্রবর্তী যেন একটু থতমত থেয়ে গেলেন।
'কী কথা ?'

'ঘরে আহন।'

চক্রবর্তী মশাই ঘরের ভিতরে এসে দাড়ালেন।

পরিতোষ একটু চূপ করে থেকে কথাটাকে সাধু ভাষায় গুছিয়ে নিয়ে বলল, 'আপনাকে যদি কেউ মিথ্যে আশা দিয়ে থাকে তার জন্ত দায়ী আমি নই। কিন্তু ঠাট্টা-তামাসায় না ভূলে নিজের অবস্থা ব্যবার বয়স আপনার হয়েছে।'

চক্রবর্তীমশাই বিব্রক্ত ভঙ্গিতে বললেন, 'এসব কথা কেন উঠল আমি তো কিছুই বুঝতে পারছিনে।'

পরিতোষ সক্ষেষে হাসল, 'কিছুই বুঝতে পারছেন না? না বুঝতে পারায় যেখানে হৃবিধে সেখানে আমরা বুঝতে চাইও না, কিছু এক্ষেত্রে তা মনে করবেন না।'

চক্রবর্তী চুপ করে রইলেন।

পরিতোষ বলল, 'বেশ, আপনি যদি বুঝতে না পেরে থাকেন আমাকে আরো স্পষ্ট ভাষাতেই বুঝিয়ে দিতে হবে।'

'ইাা, তা'হলেই ভালো হয়।' চক্রবর্তীর কণ্ঠেও এবার ধানিকটা ঝাঁঝের মাভাস পাওয়া গেল।

পরিতাষ আরো মরিয়া হয়ে উঠল, 'ভালো হয়? তা হলে শুরুন। আপনার মেয়ে আমার ঘরে এসে আমার বইপত্র ঘাঁটাঘাঁটি করে, যথন তথন এদিকে নির্লজ্ঞের মত অমন হাঁ কবে তাকিয়ে থাকে, এসব আমি মোটেই পছন্দ করিনে। আর এ ধরণের গায়ে পড়ে ঘনিষ্ঠতা করে কিছু যে লাভ হবে তাও আমার মনে হয় না। তার চেয়ে সময় থাকতে আপনাদের অন্তত্র চেয়া করাই বোধ হয় ভালো, কথাটা আপনার স্ত্রী এবং কন্তাকে একটু বিশেষভাবে ব্রিয়ে বলবেন।'

মৃথ কালো করে চক্রবতী তৎক্ষণাৎ বেরিয়ে গেলেন এবং ঘরে গিয়েই স্থক করলেন, 'মান-সম্মান কিছু আর রইলো না, কই সে হারামজাদী গেছে কোথায়? ফের যাদ আবার ওম্থো হতে দেখি ঠেঙিয়ে পা ভেঙে দেব একেবারে। ছি ছি ছি। আর স্পর্ধা দেথ ছোডাটার। কত বড দেমাক। অমন নির্লভ্জ ফুক্রির ছেলের হাতে মেয়ে দেবার জন্ম যেন জিভ দিয়ে জল পড়ছে আমার, তার আগে মেয়েক জলে ফেলে দিতে পারব না?'

পরিতোমের ঘরের সামনে এসে নীপু বলল, 'কাকা, মা ডাকছে তোমাকে, এস শিগ গির চা থেয়ে যাও।'

পরিতোষ জ্ঞামা গায়ে দিয়ে বেরিয়ে যেতে যেতে বলল, 'বল গিয়ে এক্ষুনি বেরিয়ে যাচ্ছি, বাইবে গিয়ে চা খাব।'

নীপু নেচে উঠল, 'কাকু, দাঁড়াও আমিও আসছি, আমিও তোমার সঙ্গে বাইরে চা খাব।'

পরিতোষ প্রচণ্ড ধমক দিয়ে বলন, 'চুপ।'

ক্ষেক্দিন চক্রবতী-গৃহিনীর তারম্বর অবিখ্যান্ত চলল। তারপর শুধু আসা-যাওয়া নয়, তৃই পরিবারেব মধ্যে ক্থাবার্তাও বন্ধ হয়ে গেল। কারো সঙ্গে যে কারো পবিচয় মাত্রও আছে তা এদের হাব-ভাবে কিছতেই আর বোঝবার জো বইল না।

কয়লা একেবারেই তুর্ঘট হয়ে উঠেছে কলকাভায়। অনেক খুঁজে গলদ্ঘর্ম হয়ে এক বন্ধুর সহায়ভায় জোডাবাগান অঞ্চল থেকে ত্মণ কয়লা নিয়ে এলো পরিভোষ। রবিবারের সমস্ত বিকেলটাই মাটি। পারুলকে বলল, 'একটু কম কম কবে খবচ কর দেখি বউদি, এত কয়লা লাগে কিনে?'

গারুল একবার ভার মৃথের দিকে ভাকিয়ে বলল, 'এখন থেকে বোধ হয় কয়লার আর দরকার হবে না।'

'(কন ?'

পারুল একটু মুচকি হাদল, 'মাছ্যের মনের আঁচেই রাল্লা দেরে ফেলতে পারব।'

পরিতোষ চট্ল না, হেদে বলল, 'তা যদি পারতে তো আমার

আপত্তি ছিল না, কয়লা আনায় যা পরিশ্রম। কিন্তু কাজ নেই সে এক্সপেরিমেন্টে।

পারুল বলল, '(কন?'

পরিতোষ জ্বাব দিল, 'রায়া শেষ হয়ে যাওয়াব পরও আঁচি যদি শেষ না হয়, যদি গিয়ে বাঁধুনীর গায়ে লাগে ?'

মূহুর্তের জন্ম পারুলের মূথ আরক্ত হয়ে উঠল, তারপর বলল, 'সেজ্ম ভয় নেই তোমার। রালা করতে করতে হাত এত পেকে গেছে যে আঁচ ওঠাতেও যেমন জানি, নেবাতেও তেমনি।'

তিন চারদিন বাদে সকালে এসে পাফল বলল, 'আর এক মণ কয়লা আনতে হবে ঠাকুরপো।'

পরিতোষ সবিশাষে বলল, 'বলো কি ?'

পারুল শুক্কঠে বলল, ইাা, না হ'লে এবেলার আপিসের রাল্লাই হবে না। আর এরপর থেকে কয়লা বাইরে দিঁ জির নীচে আর রাধা হবে না। তোমার এই ঘরের মধ্যে রাধতে হবে। কয়লা যে চুরি যাচ্ছে এ আমার আগে থেকেই দলেহ হচ্ছিল, কাল স্বচক্ষে দেখলাম। সভ্যি মেয়েটার যে এমন হীন প্রবৃত্তি হবে ভাবতে পারি নি।'

'কি ব্যাপার ? কে আবার চুরি করল তোমার কয়লা ?'

পাঞ্চল সবিন্তারে বলতে আরম্ভ করল, 'তবে শোন, কাল রাত্রে দোর খুলে বাইরে এসে কেবল বাধক্ষটার কাছাকাছি পর্যন্ত গেছি, দোতলার সিঁড়ির নীচ থেকে রাণী অমনি ফস্ করে নিজের ঘরে গিয়ে চুকল। তার কাঁথে ছোট ঝাঁকাটা, যেটায় তারা কয়লার টুক্রো রাথে। আশ্চর্য কোন ভদ্রলোকের মেয়ে যে এমন—'

হঠাৎ পরিভোষের মুখটা অভূত বিবর্ণ হয়ে গেল, যেন দারুণ একটা কঠিন আঘাত লেগেছে তার মনে। কিন্তু পরমূহুর্তে বলল, 'হাতে হাতে ধরে ফেললেনা কেন?'

পরিতোষের ম্থের পরিবর্তনটা পারুলের চোধ এড়ায়নি, বলল, 'আমি ধরলে আর লাভ হত কি, যে ধবলে সত্যি সত্যি ধরা পড়ত—' প্রিতোষ রুক্ষ বিরক্ত কঠে বলল, 'ডোমাব ঐ বন্তাপচা রসিক্তা

এবার থামাও তো দেখি।

ভারি খারাপ লাগতে লাগল পরিতোষের। মনে হতে লাগল রাণীর এই হীন চৌর্যুত্তি পরিতোষের নিজেব পক্ষেও যেন অত্যন্ত লজ্জাকর এবং অপমানের। কিন্তু কিছুক্ষণ পরেই সমন্বরে মা আর মেয়ে তাদেব লক্ষ্য করে যে সব অকথ্য গালিগালাজ আরম্ভ করল, তাতে পরিতোষের বিত্ঞার আব অবধি রইল না। পাফল কি বলতে যাচ্ছিল, পরিতোষ বাধা দিয়ে চেঁচিয়ে বলল, 'চুপ কর, ওদের সঙ্গে আমরাও কি ইতব হব।'

টুক্টাক্ আলাপ আলোচনা কানে আদে, বাণীর নাকি বিয়ের কথাবার্তা ঠিক হয়ে গেছে। ইতিমধ্যে কি ক'রে চক্রবর্তী মশাই সরোজের সঙ্গে আবার আলাপ জমিয়ে নিয়েছেন, কেনাকাটার ব্যাপারে তিনি তাঁর পরামর্শ চাচ্ছেন এবং সরোজও তা দিতে কার্পণ্য করছে না। কিন্তু ঘর নিয়ে মহাসমস্তায় পড়েছেন চক্রবর্তী। তাঁর ঐ একথানা মাত্র ঘর, তাও গৃহস্থানীর আসবাবপত্রে ঠাসা। সে-ঘর ষদি কনে জামাইয়ের জন্ম ছেড়ে দেন অক্সান্ত ছেলেমেয়ে নিয়ে নিজেরা যাবেন কোথায়? ইতিমধ্যে ছ'চারজন স্বজন বকুদের বাসায় ঘরের

থোঁজ নিয়েছেন, কিন্তু কেউ তেমন ভরদা দিতে পারেনি। এ-সব শুনে সরোজ দেদিন নিজেই উপযাচকভাবে বলল, 'সে জন্ম ভাবনা কি, পরিতোষ না হয় এক রাত্ত্রের জন্ম তার বন্ধুর মেশে গিয়ে শোবে। আপনি ওর ঘরেই মেয়ে-জামাইকে তুলতে পারবেন, কোন অন্থবিধা হবেন।'

এই উদারতায় ওপক্ষ থেকেও বেশ সাড়া এল। বিয়ের ছুদিন আগেই রাণীর মা এসে পারুলকে নিমন্ত্রণ কবে গেলেন, 'সব দেখে ভনে করে দিতে হবে মা। এখানে তো আত্মীয়ম্বজন কেউ নেই, তোমরাই ভরসা।'

পাঞ্চলও বলন, 'তা কি আর অত করে আপনাকে বলতে হবে মাসীমা ? আমরা করব না তো করবে কে ?'

কিন্তু সভি । সভি পাকলের পক্ষে কিছু করা সম্ভব হোল না। বিষের দিন ভোরেই ভবানীপুর থেকে খবর এলো পাকলের মা রাজপ্রেসারে অভ্যুম্ভ অফ্সন্থ হয়ে পড়েছেন। অবস্থা ভালো নয়, কথন কি হয় বলা যায় না। খবর পেয়ে সরোজ স্ত্রীকে নিয়ে তৎক্ষণাৎ রওনা হয়ে গেল।

রবিবার, আপিস নেই। ইচ্ছে হ'লে বন্ধুবান্ধবদের সঙ্গে গিয়ে আডা দিয়ে আসা থেত। কিন্তু কেন থেন তেমন উৎসাহ বোধ করল না পরিতোষ। ইজি-চেয়ারটায় হেলান দিয়ে অলস, অক্যমনস্ক-ভাবে একটা বইয়ের পাতা উল্টে ষেতে লাগল।

রাণীকে মেয়ের। স্থান করাবার জন্ম বাইরে নিয়ে এসেছে, একটি বউ তার মাথার ওপরে এক ঘটি হলুদ জল তেলে দিল। লালপেড়ে

খাটো সাড়িখানা স্থানে স্থানে হল্দে রঙে ভরে উঠল, আবার রাণীর সমস্ত চোধম্থ সলজ্জ চাপা আনন্দে। ওদিক থেকে চোধ ফিরিয়ে বইয়ের পাতায় মন দিল পরিতোষ।

যথারীতি বিয়ে হয়ে পেছে। বর-কনেকে নিজের ঘর ছেড়ে দিয়ে দাদার ঘরে এদে আশ্রম নিল পরিতোষ। শীতের রাত, তাই গোটা বারোর মধ্যেই এয়োরা ওদের রেহাই দিয়ে যে যার ঘরে চলে গেল। শুয়ে শুয়ে তাও টের পেল পরিতোষ। তারপর তার কানে আসতে লাগল ওদের অফ্ট মৃত্ব কথাবার্তা। চাপা হাসির শব্দ আর চুড়ির মিষ্টি আওয়াজ। ঘরধানা হঠাং যেন এক অপূর্ব রহত্যে আর ঐশর্মে ভরে উঠেছে।

বিষের আসরে কে যেন তার জামায় থানিকটা আতর ছিটিয়ে দিয়েছিল। আলনায় ঝুলান সেই জামাটা থেকে মৃত্ বাতাসে মাঝে মান্তি গন্ধ ভেসে আসছে। সব কিছু মিলে অভ্ত এক স্বপ্লাচ্ছন্নতা। দেথতে দেখতে এক রহস্তময় অহেতুক বেদনায় পরিতোষের অস্তর পূর্ণ হয়ে উঠল। এর পর স্থা শিক্ষিভা কোন না কোন মেয়ের অতি-ঘনিষ্ঠ সাহচর্যে পরিতোষ নিশ্চয়ই একদিন আসবে। কিছু এই যে মেয়েটি যার প্রী নেই, ক্ষচি নেই, প্রয়োজন হলে চুরি করতে যে দ্বিধা করে না, তার দেহের উত্তাপ আর হদমের স্পর্শ না যেন আরো কত বিচিত্র, আরো কত রহস্তময়। সে রহস্তের দার পরিতোষের কাছে কোনদিনই কি আর খুলবে?

সেভার

খণ্ডব শাশুড়ী উঠে যাওয়ার সঙ্গে সঞ্জে নীলিমা বসবাব টুলটাকে স্বামীর বিছানাব আরো কাছে এগিয়ে নিয়ে এলো। তাব পর তার শীর্ণ হাতথানা নিজের হাডের মধ্যে টেনে নিয়ে বলল, 'একটা কথা বলব শুনবে ?'

স্থবিমল মান একটু হাসল, 'কেন শুনব না, বলো।'

নীলিমা বলল, 'আগে কথা দাও আপত্তি ক'ববে না, রাগ ক'ববে না।'

স্থবিমলের ত্'পাশে সাবে সাবে আরো চোদ্দ-পনেবটি বেড। রোগী আর তাদের দর্শনার্থী আত্মীয়-স্বন্ধনের ভিডে হাসপাতালের এই ঘরটি ভরে উঠেছে। নীলিমার গলাব স্থরে কেউ কেউ কৌতূহলী হয়ে তার দিকে তাকাল। কিন্তু নীলিমার কোন থেয়াল নেই, ভ্রুফেপ নেই কারো দিকে। স্থামী-সম্ভাষণের এমন উপযুক্ত ক্ষেত্র এমন নিবিড় অবকাশ যেন আর কোন দিন সে পায়নি।

স্বিমলের হাতে আর একটু চাপ দিল নীলিমা, বলল, 'রেখা বউদিব কথা মনে আছে তোমার ? আমার মামাত-ভাই নীবদা'র বউ। তিনি কাল এসেছিলেন আমাদের বাড়ি। বললেন, এক দিন হাসপাতালেও আদবেন ভোমাকে দেখতে। রেখা বউদিরই পিদে মশাই হ'ন সম্পর্কে, বায় সাহেব পি, এন, বিখাস। তাঁরই ছোট ছোট ছটি নাতনীকে বিকেলে গিয়ে গান শেখাতে হবে। রেখা বউদি বলছিলেন আমি যা জানি তাতেই চলবে। টাকা পচিশেক ভো ওঁরা দেবেনই, বেশিও দিতে পারেন।'

স্থবিমল আত্তে আতে বলল, 'কুট্ম-স্বন্ধনের বাড়িতে ে গানের মাষ্টারীও গিয়ে ক'রতে হবে তোমাকে ?'

নীলিমা বলল, 'আহা-হা ভারি তো মাষ্টারী, মাষ্টারী করবার মত গান যেন আমি জানি। আর কুটুম্বও তো থুব। মামাতো ভাইয়ের পিনে-শুশুর। তাঁর কাছ থেকে টাকা নিলে মহাভারত অশুদ্ধ হবে না, বরং এক হিসেবে লাভ আছে। প্রথমেই একেবারে অজানা-অচেনার মধ্যে গিয়ে পড়বার ভয় নেই।'

ञ्चियन वनन, 'किन्ह वावा-मा ब्राङ्गी कि श्रवन ?'

নীলিমা জ্বাব দিল, 'সে জ্যা ভেব না। সে ভার আমার ওপর, এক রক্মানমরাজী তাঁরা হয়েছেন।'

হাবমল বিশ্বিত হোল না। যে শ্বর-শাস্ত বিয়ের পর মাত্র কয়েকটি মানের জন্ম পুত্রবধ্কে ম্যাট্রকুলেশন পরীক্ষাটা দিতে দেননি, ছেলের বর্দ্ধান্ধবদের সঙ্গে মেলা-মেশায় আপত্তি করেছেন তাঁরাপ্ত যে আজ নীলিমাকে অর্থ উপার্জনের অলুমতি দিতে পারেন, একথা প্রবিমলের কাছে আজ অবিশাস্ত মনে হোল না। এই বছর ছ'য়েকের মধ্যে তাদের সংসারে অনেক পরিবর্তন হয়েছে। থাইদিসে আক্রাপ্ত হয়ে সে এসেছে যাদবপুরের এই হাসপাতালে। প্রথম বছর ফ্রী-বেড মেলেনি। চিকিৎসার থরচ বাবদ মোটা টাকা লেগেছে মাসে মাসে। বুড়ো বাপ দেশী একটা মাডেন্ট অফিসে হিসেব লেখেন। অহ্থ-বিস্থপ দ্রের কথা, সংসারের দৈনন্দিন অনেক থরচই তাঁর হিসাবের বাইরে গিয়ে পড়ে। ইদানীং স্থবিমলের চাকরিই ছিল ভরসা। তাই অহ্থবের প্রথম ধাকাতেই তাঁকে হাত দিতে হয়েছে ত্বী আর পুত্রবধুর গয়নায়, হাত পাততে হয়েছে স্বজন-বন্ধদের কাছে। কিন্তু

তাঁদের সংখ্যা অগণ্য নয়, ধার দেওয়ার ক্ষমতারও সীমা আছে। বাসন-কোসন গেছে, সামাশ্র আসবাবপত্র অদৃশ্র হয়েছে, তবুরোগ বেহাই দেয়নি।

সংসারের খরচ কম নয়, ভাই-বোনেই স্থ্রিমলেরা ছ'টি। ভাগ্যের ফেরে স্থ্রিমলের ঠিক পরেই তৃটি অন্চা বয়স্থা মেয়ে। ক্সাদায়ের চিন্তা ছাড়া বাপ-মায়েব আর কিছু তারা বাড়াতে পারেনি। ছেলেরা এখনো স্থূলে নীচের ক্লাদে পড়ে।

তবু অনেক চেষ্টা-চরিত্র ধরাধরির ফলে মাস কয়েক হোল হাসপাতালে স্থবিমলের জন্ম ফ্রী-বেডের ব্যবস্থা হয়েছে, বড় রকমের ধরচ
কিছু লাগে না। কিন্তু ত্'একটা ওমুধের দাম আর টুকটাক হাতধরচ
বাবদ ফ্রী-মাসেই প্রিশ-ত্রিশ টাকা দরকার হয়। স্থবিমল জানে,
এই ক'টি টাকা পাঠাতেও বাপের সাধ্য আর এখন নেই। কিছু কাল
ধরে নিজের ব্যবস্থা নিজেই তাই তাকে করতে হছেে। কলকাতাব
বন্ধুদের কারো কাছে হাত পাততে আর বাকি নেই। ইদানীং
ভাদের কাছ থেকে টাকা আর সে চায় না, চায় ঠিকানা। বন্ধুর বন্ধু,
ভাশ্য বন্ধুরা সারা ভারতবর্ষ ভ'রে কে কোধায় আছে, কে কোধায়
ভালো চাকরি করছে জানতে চায় স্থবিমল।

অনেকেই চিনতে পারে না, অনেকের কাছ থেকেই জবাব পাওয়া যায় না। সকলে সমান নয়, কেউ কেউ আবার দেয়ও। ভরসা দেয় খাইসিদ রোগটা আজকাল আর এমন কিছু মারাত্মক নয়, বিশেষত গোড়াতেই যখন ধরা পড়েছে। কেউ কেউ তু'-এক মাদ পাঁচ-দশ টাকা পাঠায়, কিন্তু তার পর হয় আর তাদের সাড়া মেলে না, না হয় অত্যন্ত হাত-টানাটানির খবর আসে।

এমনি ত্'তিনখানা চিঠি স্বামীকে দেখতে এসে গতবার নীলিমার হাতে পড়েছিল।

স্থবিমল কিছুক্ষণ চূপ করে থেকে বলল, 'তাঁরা যদি রাজী থাকেন ভবে আর কি। অন্তের কাছ থেকে ভিক্ষে নেওয়ার চেয়ে ভোমার রোজগার আমি সহজভাবেই নিতে পারব।'

নীলিমার চোথ ছলছল ক'রে উঠল, 'অমন ক'রে ব'লো না।'

স্ত্রীর সেই জলভরা চোখের দিকে তাকিয়ে স্থ্রিমল কি যেন দেখল; তার পর কোমল কঠে বলল, 'মান-অপমানের কথা নয়, আমি ভাবছি তোমার শরীরের কথা, দংসারের অত খাটুনির পরে আবার কি গান শেখানোর পরিশ্রম দেহে সইবে ? ত্'দিনও তো শরীর টিকবে না ভোমাব।'

নীলিমার মনে পড়ল অফিদের কাজের পরে স্থবিমল যথন
টিউশানিতে বেরুত নীলিমা ঠিক এই ধরণের কথাই বলত। স্থামীর
স্বাস্থ্য ভেক্নে যাওয়ার আশকা প্রকাশ কবত নীলিমা। সেই আশকাই
আজ নিষ্ঠুর সত্য হয়ে দেখা দিয়েছে। এখন স্থবিমলের মৃথে সেই
কথা। নীলিমার স্বাস্থ্যের জন্ম ঠিক তেমনি ধরণের উল্বোগ দেখা
দিয়েছে স্থামীর মনে। এমন কি হয় না, নীলিমাব মত স্থবিমলের
এই উল্বোগ আর আশকাও এমনি স্ত্যি স্বত্যি ফলে যায়। আর
স্থবিমল সঙ্গে সঙ্গেলা হয়ে ওঠে। তাহলে বেশ মজা হয়, তাহলে
নীলিমা উপযুক্ত প্রতিশোধ নিতে পারে স্থামীর ওপর।

স্থবিমল বলল, 'হাসছ যে।'

নীলিমা বলল, 'হাসছি তোমার কথা ভনে, আমার আবার শরীর! তার জন্ম তোমার এত ভাবনা!'

স্থবিমল বলল, 'অত বিনয় ভালো নয়। তোমার শরীরের জন্ম ভাবব না, তোমার মনের জন্ম ভাবব না, তবে ভাবব আর পৃথিবীতে কিনের জন্ম ?'

স্ত্রীর চোথেব দিকে তাকিয়ে স্থবিমল একটু হাসল।

নীলিমার মুথে কেমন যেন একটু ছায়া পডল। কিন্তু প্রমূহুর্তে সে-ও হাসিমুথে জবাব দিল, 'কিছু ভেব না, তোমার কথা আমাব মনে থাকবে।'

কালীমোহন তবু আমতা আমতা বালেন, বললেন, 'লোকে কি বলবে!'

মনোবম। বললেন, 'আব সে সব যদি আমাব স্থবুর কানে যায় তাহলে তারই বা কেমন লাগবে।'

অতি তুংখে নীলিমার হাদি পেল। স্বামী, শুন্তর শাশুডী দকলেব মনে সেই একই প্রশ্ন, সেই একই বিপদের আশংকা। অভাব অনটন সমস্ত সংসাবকে গিলে ধ'বেছে কিন্তু স্থির আছে দেই অবিশ্বাস, সেই কুটিল সংশয়-প্রবণতা।

নীলিমা জবাব দিল, 'অত ভাবতেন কেন মা, আজকাল কত মেয়েই এমন তো কবছে। এতে নিন্দার কিছু নেই। আব নিন্দা-বন্দনাব দিকে কান দেওয়াব এই কি আমাদেব সময় ?'

অন্ত কোন সময় হ'লে পুত্রবধ্র মুখে এই সব ছাপার অক্ষরের বড় বড় কথা মনোমরা দহ্ম করতেন না, কিন্তু এখন চুপ ক'রে রইলেন।

রেখাই প্রথম পরিচয় করিয়ে দেওয়ার ভাল নিল। নিদিট দিনে এদে বলল, 'চল ঠাকুঝি।'

পায়ে পুরোন একজোড়া স্থাগুল, পরণে অনেক কাল আগের রঙ ফিকে হয়ে যাওয়া একখানা শাড়ি। রেখা তার দিকে তাকিয়ে কি যেন বলি বলি ক'রে চূপ ক'রে গেল।

मीनिमा श्रष्टरत्रत मामदन शिर्य वनन, 'छाष्ट्रत चामि वावा।'

কালীমোহনের কণ্ঠ আর্দ্র হয়ে এল, বললেন, 'এসে। মা। নিতান্ত হরদৃষ্ট নাহ'লে কুললক্ষী তুমি, তোমাকে আত্ম বেরোতে হয় টাকার চেষ্টায়।'

নীলিমা বলল, 'কিন্তু এ সময় ঝি-গিরিতেও বে আমার অপমান নেই বাবা।'

কালীমোহন বললেন, 'তবু আমি বেঁচে 'থাকতে-'

नी निमा मृद्ध कर्छ वनन, 'आश्रीन विष्ठनिष्ठ इरवन ना वावा।'

কালীমোহন বললেন, 'না, আব বিচলিত হব কেন। আশীর্বাদ করি তোমাব কট যেন সার্থক হয়।' একটু চুপ করে থেকে বললেন, 'থুব দেখে-শুনে সাবধান মত চ'ল মা।'

রেখা হেদে বলল, বউকে বৃঝি খুব দ্র দেশে পাঠাচ্ছেন তাবৈমশাই। ভবানীপুব থেকে কালীঘাট,—ট্রামের মাত্র গোটাক্মেক ষ্টপেজ, তাতেই ভেবে এত সারা হচ্ছেন। ভয় নেই, ঘণ্টাখানেক বাদেই আপনাদেব বউকে ফিরিয়ে দিয়ে যাব।

রায় সাহেবের এ-বাড়িতে কি একটা বিয়ের নিমন্ত্রণে নীলিমা এর আগে আবো একবার এসেছিল। কিন্তু সে আসায় আর এ আসায়

উল্টোব্ৰথ

পার্থক্য অনেক। বাডির ভিতর চুকতে গিয়ে নীলিমার পা যেন হঠাৎ আর এগুতে চাইল না. মন হিধাগ্রন্থ উঠল।

রেখা বলল, 'কি ব্যাপার, এত ভাবছ কি? দিন-রাত অমন ভাবনা কিন্তু ভালো নয়।'

সঙ্গে সংক্ষ হাসপাতালের কথা মনে প্রভল নীলিমার, মনে প্রভল আমীর কল্প শীর্ণ মুখ, নিজেদের নিঃস্থল দীনতার কথা।

নীলিমা একটু হাসতে চেষ্টা করল, বলল, 'সে কথা ঠিক। চল।'

রেখার পিসীমা পিসেমশাই নীলিমাদের সাদরে বাড়িব ভিতরে ডেকে নিয়ে গেলেন।

বায় সাহেব বললেন, 'কোন সংকোচ কোৱা না মা।'

কাত্যায়নী বললেন, 'বা: সংকোচ আবাব কিসের। এ কি পবের বাডিতে এসেছে না কি।'

পরিবারের অন্ত সকলের সঙ্গে আলাপ করিয়ে দিলেন কাত্যায়নী। স্বদর্শন আন্তাবান্ পুত্র, স্থলরী পুত্রবধ্, সাত-আট বছরেব চঞ্ল স্প্রতিভ ছটি মেয়ে, চমংকার দেখতে।

কাত্যায়নী বললেন, 'এরাই তোমাব ছাত্রী নীলিমা— অগ্লু আব মঞ্, ভালো নাম ক্ষণে আর কাবেরী। পরিচয়ের সময় সঙ্গে সঙ্গে ভালো নাম ছটিও আমাকে ব'লে দিতে হয়, না হ'লে ফল ভালো হয় না।' কাত্যায়নী হাদলেন।

দোওলাব দক্ষিণ দিকের একটি ঘরে নীলিমাকে নিয়ে এলেন কান্ত্যায়নী। মেঝের ওপর দামী গালিচা পাতা। এক দিকে বাজনার সরঞ্জাম। বাঁয়া তবলা ছোট-বড গুটি তিনেক সেতার নীল রঙের ঢাকনিতে ঢাকা।

কাত্যায়নী বললেন, 'সপ্তাহে ছু'দিন ওন্তাদ আসেন অঞ্মঞ্কে সেতার শেখাবার জন্ম। সেই সঙ্গে সঙ্গে ওদেব বাবাও শেখে। খুব ভালো সেতাব বাজায় আমাদের খোকা, এক দিন শুনো।'

নীলিমা বলল, 'গান-বাজনার দিকে সকলেরই বেশ ঝোঁক আছে বুঝি এ-বাডিতে।'

রায় সাহেব পিছনে পিছনে এসেছিলেন। হেসে বললেন, 'তা একটু আছে। পেশায় আমরা চামার হ'লে হবে কি মা, নেশাটা সকলেবই একটু মোলায়েম।'

সহবতলীতে রায় সাহেবেব ট্যানাবী খ্যাতিলাভ করেছে। স্থমিতা বলল, 'বাবাও বেশ চমৎকাব তবলা বাজাতে পারেন।'

ভূমিকা হিসাবে হাবমনিয়ম বাজিয়ে খানতুই গান গাইল নীলিমা। খুব ভালো জমল না। তু'-এক জায়গায় ভালও কাটল। রায় সাহেব জুকুঁচকালেন।

বেখা ননদেব দোষ ক্ষালনেব চেষ্টা করে বলল, 'আনেক দিন ধবে চচা নেই কি না।'

কাত্যায়নী বললেন, 'থাকবাব কথাও তো নয়। মনের যে শান্তিতে এখন বয়েছে।' নীলিমাব দিকে চেয়ে বললেন, 'সব আমরা শুনেছি মা, রেখার কাছে। কেমন আছে আজকাল স্থবিমল। স্তিট্ট ভারি কট হয় তোমার শুশুবের কথা ভেবে। এ বাজারে সংসারের খরচ চালিয়ে আবার হাসপাতালেব খরচ জোগানো কি সহজ কথা! আব এ হ'ল একেবারে রাজা-রাজভাদের ব্যাধি। রীতিমত রাজস্য় যক্ত।'

নীলিমাব গুণের চেয়ে, তার প্রয়োজন, স্থামীব অস্তস্থতায় অর্থ সাহায্যের কথাই যে ওঁরা বেশি বিবেচনা ক'বেছেন একথা নীলিমাও ব্যাল, ওঁরাও ব্যায়ে দিলেন। উদ্দেশ্য সিদ্ধ হ'লেও মনের মধ্যে কোথায় যেন একটু বিধতে লাগল নীলিমার।

ফেরার পথে রেখা বলল, 'গান-বাজনাটা তোমাকে আবও একটু ভালো করে চর্চা করতে হবে ভাই।'

नीनिमा शष्टीत ভाবে বनन, 'তা তো হবেই।'

পন্তাদ রেখে গান-বাজনা শেখার হুযোগ নীলিমা কোন দিন
পায়নি। গরীব বাপেব পজে দে ব্যবস্থা করা সম্ভবও ছিল না। বেকর্ড
রেডিয়ো শোনা বিহ্যা। স্থুলে গানের ক্লামও মাঝে মাঝে হু'এক বছর
হ'ত, মাঝে মাঝে বন্ধ হয়ে য়েত। মাইনে উঠত কম। স্থুলেব
তহবিলে কুলোত না। নিজের উত্যম উৎসাহেই যা কিছু শিখেছিল
নীলিমা। শ্রন্থরবাডিতে এসে সব আবার চাপা পডে গিয়েছিল।
শ্রন্থর-শান্ততী জিনিসটা বিশেষ পছন করতেন না, হুবিমলেরও য়েএদিকে
খ্ব স্থ-আগ্রহ ছিল তা নয়। তার পর এই হু'বছর ধরে গানের কথা
ভাববার নীলিমার ইচ্ছাও হয়নি, সময়ও হয়নি। আজ হোল। স্থ
নয়, আনন্দ নয়, প্রয়োজন আব পেশা। একটু অভ্যাস কবে না
গেলে ছাত্রীদেব কাছে মান থাকবে না, এমন কি চাকরি য়েতেই বা
কতক্ষণ। কিন্তু চাকরি গেলে চলবে না নীলিমার। য়েমন ক'রেই
হোক স্থামীর হাসপাতালের থরচ তাকে সংগ্রহ করতেই হবে।
পরিচিত্ত অর্দ্ধ-পরিচিত্তদের কাছে আর তাঁকে সে ভিক্ষা ক'রতে দেবে
না। তার চেয়ে নিজে ভিক্ষা করবে সেও ভালো।

বাড়ির অক্ত কেউ উঠবার আগে ধুব ভোবে উঠে গলা সাধতে

বসে নীলিমা। দিন ভ'রে চলে সংসারের কাছ। তুপুরে কোন কোন দিন অবস্র পেলে গানের সকে হারমনিয়ম বাজিয়ে হাত আর গলাটাকে চোন্ত রাথে, বিভাটাকে একটু ঝালিয়ে নিতে চেষ্টা করে নীলিমা। যেদিন সকাল সকাল খাওয়া দাওয়া শেষ হয়ে যায় সে দিন রাত্রেও আসর বসে নীলিমার ঘরে। তুই ননদ শান্তি আর স্থধা এসে জোটে, বলে, 'বউদি আমরাও শিখব, আমাদেরও শিখিয়ে দাও ভালো ক'রে। তার পর তোমার মত বেরোব টিউশানিতে। তিন গুণ টাকা আসবে ঘরে।'

মনোরমা মাঝে-মাঝে ধনক দেন, 'কি যে তোরা আমোদ-আহলাদ গান-বাজনা করিদ, তোরাই জানিদ। এত ক্তি যে তোদের কি দেখে আদে তাই ভাবি। বাছা আমার হাপাতালে ভূগছে আর বাডিতে তোরা দিবিয় গান-বাজানায় আনন্দ-দোহাগে দিন কাটাচ্ছিদ্। যে শোনে দেইতো অবাকৃ হয়ে যায়।'

বেদনায় নীলিমাও কিছুক্ষণ শুৱ হয়ে থাকে। তার প্র ঘবে এসে তাকায় দেয়ালে টাঙানো স্বামীর ফটোথানার দিকে। মনে অভুত বল পায় নীলিমা, মুখে হাসিব আভাস দেখা দেয়। যে যাই বলুক কিছুতেই কিছু এসে যাবে না তার। সে তো জানে এই আমোদ-আফলাদ কিসের জন্ত। তার বিভা আজ কোন কাজে লাগছে, কি ভাবে সার্থক হ'তে চলেছে সে তো জানে, স্থ্বিমল তো জানে।

'জানো তো? না তুমিও জানো না?'

ফটোথানাকে জিজ্ঞাসা করে নিলিমা। জবাব শোনবার জন্ত দেয়াল থেকে সেথানা পেডে নিয়ে এসে অধীর আবেগে নিজের ঠোঁটের ওপর চেপে ধরে।

রায় সাহেবের ছেলে পুরন্দর একদিন সেতার বাজিয়ে শোনাল স্বাইকে।

অঞ্ বলল, 'আমাদের নীল মাদিও বাজাতে জানেন বাবা। দেদিন তোমার সেতার নিয়ে—

পুরন্দর বলল, 'তাই না কি। আপনার যে এমন চুরি করার অভ্যাস আছে তা তো আগে বলেননি।'

নীলিমা লজ্জিত হয়ে বলল, 'বলবার মত কিছু নয়।'

পুরন্দর বলল, 'সে কথা ঠিক। চুরি কেউ বলে-কয়ে করে না।
কিন্তু ধরাই যথন প'ড়ে গেছেন তথন তো একটু না শুনিয়ে পাববেন
না।'

নীলিমা ভারি বিব্রত হয়ে পড়ল, 'বিশ্বাস করুন, সভ্যি কিছু জানিনে আমি।'

পুরন্দর নীলিমার চোথের দিকে তাকিয়ে হাসল, বলল, 'আপনার অতথানি অনভিজ্ঞতা বিশাস করা সত্যি শক্ত।'

নীলিমা বলল, 'সেটা আপনার বিশ্বাস করার শক্তির ওপব নির্ভব করে। ছেলেবেলায় একবার স্থক করেছিলাম, তারপর আব হয়ে উঠল না।'

পুরন্দব বলল, 'বেশ তো এবার হবে। তথন স্বক্ষ করেছিলেন, এখন শেষ করবেন। আমাদের ওন্তাদজী নারায়ণ ত্রিবেদীর সঙ্গে তো আপনারও পরিচয় হয়েছে, তাঁর কাছেই তো শেখাব ব্যবস্থা ক'রে নিতে পারেন।'

নীলিমা বলল, 'এক একবার অবশ্য এ কথা আমিও ভেবেছি। সেতারের টুট্ইশানে শুনেছি টাকাও বেশি পাওয়া যায়।'

পুরন্দর আহত হয়ে বলল, 'টাকা! ও ভারি হৃঃথিত। ওকথা আমার মনে ছিল না।'

জবাবে নীলিমা মৃত্ একট্ হাসল। তার মনে না থাকলে চলবে কি ক'রে।

বছ অন্থরোধ উপরোধেও নীলিমা সে দিন সেতারে হাত দিল না।
কিন্তু বাড়ি ফেরার পথে ট্রামে পুরন্দরের পরামর্শটা তার কেবলি মনে
পড়তে লাগল। সেতার শিখবার সত্যিই ভারি সাধ ছিল তখন।
কিছু দিনের জন্ত এক জন সৌখীন অল্পর্য়নী স্থামি-ল্রী নীলিমাদের
বাডির একতলায় তুখানা ঘর ভাডা নিয়েছিলেন। তাঁদের ছিল একটি
সেতার। নীলিমা সেই বউটির কাছে সবে শিখতে স্থক ক'রেছিল।
হঠাং এক দিন ওদের সঙ্গে কলের জল নিয়ে দাকণ ঝগডা হয়ে গেল
নীলিমাদের। তাঁরাও রাগ ক'রে বাডি ছেড়ে দিয়ে কোথায় যেন চ'লে
গেলেন। তারপর নীলিমা অনেক চেন্তা ক'রেছে সেতার শেখার জন্ত,
কিন্তু কিছুতেই স্থযোগ হয়ে ওঠেন। মা অস্থ্যে পড়লেন, বাবার
পুরোনো ভালো চাকরিটা গেল, কম মাইনের নতুন এক অফিসে চুকতে
হোল তাঁকে। সেতারের কথা কি ক'রে আর মনে রাখে নীলিমা?

ছাত্রীদের গান শেথাতে এসে আবার চোথে পড়ল সেই সেতার। বাজাতে দেখল অঞ্-মঞ্জে। কয়েক দিন রইল লোভ সম্বরণ ক'রে শেষে এক দিন হাত দিয়ে বসল যদ্ধে। আঙ্লের ছোঁয়ায় ঝকার দিয়ে উঠল তার, তার চেয়েও বেশি ঝকার লাগ্ল নীলিমার হৃদয়ে।

कृष्ण आत कारवत्री উष्ट्रिनिष्ठ इत्य উर्ठन, 'अ मा, तन्थ अत्म। भीन मानी--'

উट्नि: वश्र

সেতার রেথে নীলিমা তাড়াতাড়ি ঠোঁটে আঙ্ল ছোঁয়াল, 'চুপ, চুপ।'

মাঝখানে ছ'তিন দিন গিয়ে স্থামীর সক্ষে দেখা ক'রে এল নীলিমা। তারপর নতুন ইংরেজী মাসের পয়লা তারিখে গিয়ে বলল, 'হাত পাতো।'

স্বিমল অন্ত্ৰমান করল জিনিস্টা, তবু বলল, 'হাত কি আজ এই প্ৰথম পাতৰ ?'

নীলিমা বলল, 'প্রথম ছাডা কি। তোমরা কি কিছু পাততে জানো ? হুদয়ও আমরা পাতি, হাতও আমরা পাতি।'

তিনখান। নতুন দশ টাকার নোট প্লাউজের ভিতব থেকে বের ক'রে স্বামীর হাতে নীলিমা ওঁজে দিল। আঙ্লে আঙুলে মেশামেশি ক'রে রইল খানিকক্ষণ। ঝন্ধাবটা সেতারের চেয়ে কম হোল না।

नौनिमा वनन 'शूत्रकात (परव ना ?'

স্থবিমল বলরা, 'দেব। ডক্টর কর বললেন, আমি সম্পূর্ণ স্থ হরেছি। মাস তিনেকের মধ্যেই হাসপাতাল থেকে ছাড়া পাব।' একটু থেমে স্থবিমল স্ত্রার আনন্দ-উচ্ছল ছটি চোখের দিকে তাকিয়ে বললা, 'অক্তা কোন পুরস্কার তো এখন আর হাতে নেই।'

नी निमा वनन, 'मदन था करनरे रूदा।'

প্রথম প্রথম কিছু দিন বার-তের বছরের দেবর স্থকোমল আসত নীলিমার সঙ্গে। রায় সাহেবের বাড়ির কাছাকাছি এসে ফিরে যেত। ফেরার পথে আবার এসে দাঁডাত ট্রাম-ষ্টপেজটার কাছে। দিন কয়েফ

পরে নীলিমা তাকে রেহাই দিল। বলল, 'থাক, আর তোমাকে পথ দেখাতে হবে না স্বকু। তুমি তোমার পড়া করো গিয়ে!'

স্কু বলল, 'ভয় ক'রবে না তো বউদি ? হারিয়ে যাবে না তো ?'

নীলিমা সম্প্রেহে দেবরের গাল ছটি টিপে জবাব দিয়েছিল, 'না গোনা, হারাই-ই যদি, খুঁজবার লোক তো আমার রইল।'

গান শিথিয়ে ফেরবার সময় নীলিমাকে পুরন্দর আজ বড় রান্তার মোড প্যস্ত এগিয়ে দিল, বলল, 'ত্রিবেদীজীকে আমি বলেছিলাম। তিনি রাজী হয়েছেন।'

নীলিমা একটু হাদল, 'কিন্তু আমি ঘেরাজী হব একথা আপনি কি ক'রে জানলেন ?'

পুরন্দর বলল, 'রাজী হ'লেই তো লাভ। না হয়ে লাভ কি।' নালিমা বলল, 'আপাতত দেখছি তো লোকসান। অত গুরুদ্দিশা কোথায় পাব।'

পুরন্দর বলতে যাচ্ছিল, 'সে জন্ম ভাববেন না'। 'কথাটা ভাড়াভাড়ি বদলে নিয়ে বলল, 'সকলের কাছ থেকে দক্ষিণা তিনি নেন না। ভা ছাড়া আপনার কথা আমি তাঁকে সব বলেওছি।'

নীলিমা বলল, 'কিন্তু যেখানে গুরু হয়ে যাচ্ছি, সেখানে শিশ্ব হয়ে গেল ছাত্রীদের কাছে মান যাবে যে।'

পুরন্দর বলল, 'ছাত্রীদের বাড়িতে কেন। আপনাকে একেবারে খোদ গুরুপাটে নিয়ে উপস্থিত ক'রব। তা'হলে তো আর কোন আপত্তি থাকবে না!'

নীলিমা ট্রামে উঠতে উঠতে বলল, 'আচ্ছা, ভেবে দেখব আপনার কথা।'

পুরন্দর বলল, 'আমার পক্ষে এইটুকু আখাসই যথেষ্ট।'

নীলিমা ভালো ক'রে ভেবে দেখল। এই স্থযোগে সেতারটা শিথে নিতে পারলে সভিটেই মন্দ হয় না। বাজনা জানা থাকলে ট্ইশানিতে আরো বেশি টাকা পাওয়া যায়। আর টাকার তো এখনো কভ দরকার। সংসাবে কিছু দিতে হবে। না হলে খণ্ডর মনে ক'রবেন কি? স্থামী যদি উপার্জনের সমস্ত টাকা ভার জন্ম বায় ক'রতেন তখন খণ্ডর-শাশুড়ী যা ভাবতেন এখনো প্রায় তাই-ই ভাববেন। তা ছাড়া তিন মাস পরে হাসপাতাল থেকে ছাড়া পেলে স্থবিমলকে কি কলকাতার এই বদ্ধ গলির মধ্যে ভ'রে রাখবে না কি নীলিমা। অন্তত ত্'-এক মাসের জন্মও ভালো কোন স্থায়্ম কর জায়গায় পাঠিয়ে দেবে। আর সেই চেজেব টাকা এই ভাবেই সংগ্রহ ক'রতে হবে নীলিমাকে। কেবল গলায় আর হারমনিয়মে সে টাকা উঠবে না, তার জন্ম দেতারও দরকাব।

নারায়ণ তিবেদীর বয়স ষাটের কাছাকাছি, বয়সের অরুপাতে
শরীর বেশ শক্তই আছে। হিন্দুয়ানী ব্রাহ্মণ, ঋজু উয়ত চেহারা।
মুখে শাস্ত প্রসন্ধতা। শোনা যায় অনেক শোক-তাপ পেয়েছেন
জীবনে। পুত্র-কল্পার অকালমুত্যু হয়েছে, নিরুদিটা স্ত্রী সম্বন্ধেও
নানা রকম কিংবদস্তী আছে। কিন্তু সে ইতিহাস লোকের চোণের
সামনে তিনি ধরে রাখেননি। নিজের অস্তরের মধ্যেই তা তিনি প্রচ্ছর

বেবেছেন। মাঝে মাঝে গভীর রাজে সেভারের আলাপে কেবল ভার আভাস পাওয়া যায়। অক্ত কোন আলাপ-আলোচনায় ভাধরা যায়না।

প্রোচা একটি বালবিধবা বোনকে নিম্নে তিনি থাকেন হরীশ চ্যাটার্জি খ্লীটের পুরোনো একতালা একথানা বাড়িতে। পুরন্দর নীলিমাকে এক দিন বিকালে নিম্নে এল সেথানে।

নীলিমা পা ছুঁয়ে প্রণাম ক'রলে ত্রিবেদী মিত মুধে আশীর্বাদ জানালেন, বললেন, কোন ভাবনা নেই। সব তিনি শুনেছেন।

নীলিমা বিভাভাস আরম্ভ করল। টুইশানিতে আসবার আগে আসে এখানে। কিছুক্ষণ বসে বসে বাজায়; ত্রিবেদী চেয়ে চেয়ে দেখেন। মাঝে-মাঝে কেবল হেসে মাথা নাড়েন, হোল না।

অস্তুত ধৈষ্য। কোন বিরক্তি নেই, তিরস্কার ভর্মনার আভাস নেই। এমন সহিষ্ণুতা সাধারণত দেখা যায় না।

কিন্তু ধৈর্য নেই নীলিমার নিজের। প্রায়ই প্রশ্ন করে আর কড ।দন বাকি। কত দিনে অন্তত কাজ চালাবার মত বিভাটা আয়ত্তে আসবে। টাকা রোজগার করতে পারবে ছাত্র-ছাত্রীকে শিধিয়ে।

ত্রীবেদী হাদেন, বলেন, 'যা আনন্দের জিনিষ তাকে তুমি এত তাড়াতাভি প্রয়োজনে লাগাতে চাচ্ছ। আনন্দকে ছাপিয়ে প্রয়োজন তো এক দিন বড হয়ে উঠবেই, কিন্তু তা আজই কেন ?'

নীলিমা চূপ ক'রে থাকে। তিরস্কারের জন্ম তু:থ করে না। ত্রিবেদী কি করে বুঝবেন তার প্রয়োজনের কথা, যার সঙ্গে আনন্দের কোন ভেদ নেই কিংবা যা আনন্দের চেয়েও অনেক বড়।

অনেক ইতন্তত ক'রে নীলিমা কিছু টাকাধার চাইল পুরন্দরের কাছে। একটা সেতার কিনবে বলে। পরে শোধ করবে।

পুরন্দন জবাব দিল, 'ভূল করেছেন, আমি মহাজন নই। নিতাস্তই অভাজন মাত্র। টাকা নেই। তবে একটা জিনিষ আছে সেটা ধার দিলেও দিতে পারি।' বলে পুরন্দব একট হাসল।

নীলিমা শক্ষিত হয়ে উঠল, পাছে পুরন্দর বেফাঁস কিছু বলে ফেলে।
পুবন্দর তার বিবর্ণ মৃথের দিকে চেয়ে বলল, 'ভয় করবেন না,
ফ্রদয় নয়। তেমন বাজে অকেজো জিনিষ রাথবার মত বাডতি জায়গা
আপনার নেই তা জানি। সে সব কিছু নয়। আমার সেতারটাই
নিন, আপনার কাজে লাগবে।'

নীলিমা কিছুক্ষণ মুথ নীচ ক'রে রইল তাবপর বলল, 'আচ্ছা।'

কিন্তু এর পর এ টিউশানি বাথতে আর সাহস ক'রল না নীলিমা। ইতিমধ্যে আরো তৃটি টিউশানির থোঁজ এসেছিল। নিজেই একটু অগ্রসর হয়ে সে তৃটিকে নিয়ে নিল। কিন্তু সেতাবদা পুবন্দবকে ফিরিয়ে দিতে চকুসজ্লায় বাধল। সেটা রয়ে গেল নিজের কাছেই।

নীলিমা স্বিমলকে গিয়ে একদিন বলে আসল তাব চেঞ্জের প্ৰিক্লনার কথা।

স্বিমল হেসে বলল, 'বেশ তো।'

না, বেশ তো নয়। স্থাবিমলকে সত্যি সত্যি নীলিমা দেখিয়ে দেবে তার সাধ্যের সীমা কতথানি। খুঁজে খুঁজে নীলিমা সেতারের টিউশানিও নিল। চেটা ক'বল বেভিয়োতে। প্রোগ্রাম-ভিরেক্টর বললেন, 'কিন্তু আমরা তো নতুন শিক্ষার্থীদের তেমন স্থোগ দিতে পারিনে, টাকা দেওয়াও সন্তব হয়ে ওঠে না।'

নীলিমা অমান মৃথে বলল, 'কিন্তু আমার কথা শুনলে আপনি 'না' করতে পারবেন না।'

প্রোগ্রাম-ডিরেক্টর শুনলেন এবং সত্যিই আর 'না' করলেন না।

অভূত উত্তেজনায় পেয়ে বসল নীলিমাকে। স্বামীর জন্ম শুরু হাসপাতালের খরচই নয় তার চেঞ্জের টাকাও সংগ্রহ ক'রতে হবে। ষত্র তত্র সে গান শেখাতে লাগল। সেতার শেখাতে গিয়ে কোন কোন জায়গায় অপদস্ত হোল, তবু হটল না।

নারায়ণ ত্রিবেদী বললেন, 'অত অধীর হয়ো না মা। অকালে শক্তির অমন অপচয় কোরো না। তাকে সঞ্চয় কোবো নিজের মধ্যে। ভবিষ্যতেও তার প্রয়োজন হবে।'

তিন মাসের পর আবে। মাস তুই গেল। তারপর স্বিমলের সভিচই ছাড়া পাবার দিন এল। তু'টি দিন মাত্র মধ্যে। এদিকে শ'-তিনেক টাকার মত প্রায় জমিয়ে তুলেছে নীলিমা। আর পাঁচিশটা টাকা হ'লে সংখ্যা পূর্ণ হয়। আপাতত এতেই হবে। স্বিমল বাড়ি এলে টাকার তোড়াটা তাকে উপহার দেবে নীলিমা, বলবে, 'দেখ পেয়েছি কি না।'

পচিশটি টাকার কথা ভাবছে নীলিমা এই সময় আমন্ত্রণের চিঠি নিমে এল উত্তর কলকাতার এক দল ছেলে। রঙমহল থিয়েটার হল্ ভাড়া নিয়ে তারা এক জলসার আয়োজন ক'রেছে। টাকাটা ঘাবে বক্যাপীড়িত তুর্গত-সেবার তহবিলে। সহরের বড় বড় সব শিল্পীবা আসবেন। তাঁদের সঙ্গে নীলিমারও ভাক পড়েছে।

নীলিমা বিশ্বিত হয়ে বলল, 'এঁদের মধ্যে আমাকে কেন। আমার কোন যোগত্য আছে।'

দলপতি গোছের কয়েকজন এগিয়ে এল, মধুর হেনে বলল, আছে বই কি। সেবার অধিকার তো সকলেরই। তাছাডা এ ক্ষেত্রে বিশেষ দাবীও আছে নীলিমার। সে নিজেকে যতথানি ছোট বলে মনে করে তা সে নয়।

এদের মধ্যে ত্'-একজন রেডিয়োতে দেওয়া নীলিমার ত্'-একটা গানের কথা উল্লেখ করল। কেউ কেউ বলল কোন কোন জলসায় তাব সেতার না কি অভূত হয়েছিল শুনতে।

অভুত, হাঁ। অভুতই লাগল নীলিমার। প্রথম প্রথম স্থামীব রোগের কথা শুনে লোকে তাকে অত্কম্পা ক'রে টাকা দিয়েছে। মাঝে মাঝে একট্ থোঁচা লাগত মনে, ক্রমে সেইটাই তার অভ্যাস হয়ে এসেছিল। যেখানে এ রকম বিশেষ পক্ষপাতিত্ব তার জুটত না, নৈপুণ্যের অভাব দেখে লোকে তাকে তুচ্ছ কবত, অনাদর কবত, সে সব জায়গায় 'নীলিমাই স্বতঃপ্রত্ত হয়ে এসে তাঁদের অ্বণ করিয়ে দিত, বিভায়ে তার দীনত। থাকলে কি হবে অন্তরে সে সমৃদ্ধ। সেটাকা তুলছে তৃঃস্থ যক্ষা-রোগগ্রস্থ স্থামীর জ্বা, নিঃম্ব অর্জভুক্ত পরিবারের জ্বা। তাতেও টাকাও আসত, নিজের শিল্পকুশলতাব অভাবের জ্বা জোভ এবং মানিও কম হোত। মাঝে মাঝে উপরি পাওনা হিসাবে কোন কোন জায়গা থেকে প্রশংসা অব্রা একটি কলি মনকে আচমকা দোলা দিয়ে গেছে; মনে হয়েছে এর সঙ্গে আর কিছুর তুলনা হয় না, সমন্ত কর্তব্য এর কাছে মিথ্যা, সকল উদ্দেশ্য এর কাছে

উল্টোৱন্থ

অর্থহীন। কিন্তু মনের এই মোহকে নীলিমা বেশিক্ষণ প্রশ্রের দেয়নি।
আদর্শের পথে, কর্তব্যের পথে বাধা বলে বর্জন করেছ। তাছাড়া শুধু
আদর্শ আর কর্তব্যই তো নয় হদয়ের দাবী, প্রেমের দাবী তার মনকে
দ্ব সময় আচ্ছন্ন করে রেখেন্ডে। কিছুতেই অক্সমন্ত হ'তে দেয়নি।

কিন্তু আৰু যথন ছোট ব্ৰদয়ের আর ক্ষমতার মাপে মাপা ক্ষুদ্র চিদ্ধি তার করায়ন্তপ্রায় তথন আহ্বান এল বৃহত্তর জগতের। এল সার্থকতার নতুন অর্থ, মহন্তর সন্তাবনা। নীলিমা শুনল, তার ক্রতিত্ব আছে, নৈপুণা আছে, তার গান আনেকের সত্যি সত্যিই ভাল লেগেছে, তার সেতার অন্থরণন জাগিয়েছে আনেকের মনেই। আর শুধু তাই নয় তার এই দক্ষতা আরও বড় কাজে লাগছে, ব্যাপকতর দেবায় বায়িত হওয়ার জন্ম অপেক্ষাকরছে। সেথানে আসবেন দেশের বড় বড় শিল্পী, বাদের অনেকের দে কেবল নামনাত্র শুনেছে। তাঁদের সে আজ শ্বচক্ষে দেশবে, গান শুনবে,

উত্যোক্তাদের কাছে সবিনয়ে সম্মতি জানাল নীলিমা। বলল, তার যোগ্যতা যদি সত্যিই কিছু থাকে তবে তা দেশের কাজে লেগে ধন্ত হোক।

স্থবিমল আদ্বে কাল বাড়ি। এক হাতে নীলিমা ঘর গুছাল, ঘর সাজালো, কিন্তু আর এক হাত রইল তার সেতারের তারে। ঘর-কয়ার ফাঁকে ফাঁকে সেতারে তুলতে লাগল তার সর্বশ্রেষ্ঠ সংগীত, তার শিল্পকুশলতার চরম নৈপুণা। কাল জগৎ তার যথার্থ পরিচয় পাবে। সে ছোট নয়, দীন নয়, অকুতার্থ নয়।

পরদিন খানিকটা বেলা হ'তে না হতেই স্থ্রিমল এদে পৌছল।
বাড়িতে তার আগে থেকেই উৎসব স্কল্ল হয়েছে। ভাইবোনদের
ছুটোছুটির অস্ত নেই। বাপ এলেন, রুক্ল কঠিন তার মুখ, কিন্তু
ভিতরের আনন্দ তবুষেন চাপা থাকছে না। মা এলেন গৃহদেবতা
নারায়ণের আশীর্বাদ নিয়ে, মনের আনন্দ চোঝের জলে টলটল
করছে। প্রতিবেশীরা এসে থোঁজ নিয়ে গেলেন। কাছের বয়ুরা
থবর পেয়ে এল দেখা করতে।

এক ফাঁকে নীলিমাকে নির্জনে পেল স্থবিমল, বলল, 'স্বচ্চ্যে ভোমার কৃতিত বেশি।'

नीनिमा रनन, 'बारख, तकछ खरन रकनरव।'

স্থবিমল হাসল, 'কারো যেন শোনার বাকি আছে। তার পর তোমার সেই টাকার তোড়া কই। সেই চেঞ্চে পাঠাবার তোড়া।

মন্ত্রগুপ্তি ঠিকমত রাথতে পারেনি নীলিমা। হাসপাতালে এক দিন কথায় কথায় খুসির ঢেউয়ে গোপন কথা ভেসে এসেছে।

নীলিমা মুখ সান ক'রে বলল, 'তোড়া পূর্ণ হয়নি। গোটা-পঁচিশেক টাকা কম আছে।'

স্থবিমল হাদল, 'মাত্র! কিন্তু তোড়া প্রাবার জন্ত পচিশ টাকার চেমেও বেশি দামী জিনিধ এথানে আছে বলে আমার বিশ্বাস।'

কিন্তু দুপুরের পর বিকাল, বিকালের পর সন্ধা যত এগিয়ে আসতে লাগল নীলিমার মন ততই চঞ্চল হয়ে উঠল। মাঝে মাঝে এক একবার সেতারের কাছে গেল, আবার ফিরে এল।

স্থবিমল লক্ষ্য করে বলল, 'ব্যাপার কি।'

নীলিমা কুঠায় সংকোচে অর্ধক্ট কর্চে বলল, 'একটু বাইরে যেতে হবে।'

স্বিমলের মুথখানা যেন কেমন হয়ে গেল, কিন্তু পরক্ষণেই কি মনে
প'ড়ে যাওয়ায় হাসিমুখে বলল, 'ক্ষেপেছ, এত কাল বাদে আমি এলাম
ঘরে আর তুমি যাবে বাইরে; টিউশানি-টানিতে আর কাজ নেই।
তিনশো টাকায় ঘরে ব'দে দিবিয় তিন মাদ খাব আর ঘুমোৰ।'

नौलिया वनन, 'िछे भानि नम्।'

স্বিমল বলল, 'তবে কি জলসা-টলসা গোছের কিছু না কি।
তার আর দরকার নেই। তারা এতক্ষণে নিশ্চয়ই জেনেছে নীলিমা
বাঈজীর ভৃতপূর্ব স্বামী ফিরে এসেচে যমের হ্য়ার থেকে, যমের হাত
থেকে যমদণ্ড কেড়ে নিয়ে। আজ কেবল একটিমাত্র জলসা হবে,
কেবল তোমাতে আমাতে। তুমি গীত-সরস্বতী আর আমি গুণমুগ্ধ
নারায়ণ। 'ধরো, এই নাও।' বলে নিজেই স্বিমল সেতারটা স্ত্রীর
হাতে তুলে দিল। তারপ্র মৃত্ব হেসে দোর দিল ভেজিয়ে।

নীলিমা কাতর স্বরে বলল, 'আজ থাক।'

স্বিমল বলল, 'না নীলিমা, আছই। রোগের বীজ আজ হয়তো চাপা আছে, কালই যে আবার ভেনে উঠবে না তার ঠিক কি? ভাক্তারের কথায় অত সহজে ভূলো না। তুমি বাজাও নীলিমা, আমি আছই একটু গুনব। ভোমার হ্বর বেচে কেবল তুচ্ছ টাকাই এত দিন দিয়েছ, আজ এত অল্পতে ভোলাতে পারবে না। আজ তোমার সেই আসল হ্বর আমাকে শোনাতেই হবে।

কিন্তু স্থবিমলের কথার মাঝধানে হঠাৎ এক সময় চমকে উঠল নীলিমা। কানে গেল সদর দরজার কড়া নড়ছে।

উল্টোরপ

সেইদিকে কিছুক্ষণ কান পেতে রইল নীলিমা। নিজের সেতারের বান্ধনার চেয়েও যেন মধুর আর অপূর্ব ঐ কড়ানাড়ার নিরুণ।

স্থবিমল বলল, 'কি হোল, নাওনা সেতারটা।'

নীলিমা নিম্প্রভ শৃক্ত দৃষ্টিতে একবার স্বামীর দিকে তাকাল, তারপর সেতারথানা টেনে নিল হাত বাড়িয়ে।' তাকে আজ বাজাতেই হবে।

পটক্ষেপ

রাগে আব অপমানে মৃথথানা যেন ফেটে পড়ছে। ও যেন ইডিরোতেই কাল করছে। অস্থিরভাবে তেমনি পায়চারি করতে করতে শ্রীলতা বলল, 'তুমি যদি একটু সাহায্য কবো তাহলে শোধ আমি এর তুলতে পারি।'

বলনুম, 'দাহাষ্য করতে আমি রাজী কিন্তু শোধ সত্যি সত্যি তুমি কভটুকু তুলতে পারবে, সে সম্বন্ধে আমার সন্দেহ আছে।'

জ্রীলতা বলল, 'নিজের সামর্থ্যের ওপর সন্দেহ থাকে তোমার থাক কিন্ত আমার শক্তিকে অবিশ্বাস করোনা।'

মনে মনে হাসলুম, থিয়েটারে সিনেমার আমার চেয়ে শ্রীলভাব নাম ইদানীং একটু বেশিই ছডিয়েছে। তার কারণ জাতে সে স্ত্রী, রূপ আছে চেহারায়, বয়ল বদিও ত্রিশের কাছাকাছি তবু শরীরের বাধুনি ভালো থাকায় উনিশ কুড়িতে সে অনায়ালে নামাতে পারে। তাই নায়িকার ভূমিকা লে এখনো পায়, ষোড়শী কিশোবীর অংশে এখনো ভাকে বেমানান দেখায় না।

আর এই কিঞিদুর্ঘ চলিশেই আমি একটুবেশি বুড়িয়ে গেছি।

ওর বাপের কিংবা আর কোন অভিভাবকের ভূমিকাতেই নামবার সময় চুলে সামান্ত কিছু সাদা রঙ মাধলেই চলে। কিন্তু মনের রঙ তর্
মৃহতে চায় না। অভিনয়ের মধ্যেও এই অকাল বার্ধ কাকে স্থীকার করে নিতে আমার কন্ত হয়। ফলে ফাঁকে ফাঁকে অশোভন অসপত চটুলতা ধরা পড়ে। বিজ্র কি যুধিষ্ঠিরের ভূমিকাতেও এক একদিন কীচকের মন্ততা প্রকাশ পেয়ে যায়। কতু পক্ষকে বলি যে আসলে হয়তো ভালো লোক ব'লেই ভালো লোকের অভিনয় আমার দ্বারা হয় না। কিন্তু দে কথা তারাও বিশাস করেন না দর্শকেরাও না।

অপচ শ্রীনতাকে আবিদ্ধার করেছিলাম আমি। উন্টাডিদির নিতান্ত অ্থ্যাত এক পল্লীতে একটা গ্যাস পোষ্টের আড়ালে শ্রীনতা দেদিন দাঁডিয়েছিল। সেদিন সেই ম্লান আলোম প্রতিভা অবশ্য ওর মথে তথনো দেখিনি, কিন্তু রূপ দেখতে পেয়েছিলাম।

আজ চাকাটা ঘুরেছে। স্বরূপ চিনেছে শ্রীলতা। আমার চেয়ে তাই আগুবিশাস ওর বেশি।

অপমানটা আমাদের ক'রে গেছে হিতাংশু। আমারই আপন মামাত ভাই, কিন্তু পরিচয়টা আজকাল মামাও দেন না, হিতাংশুও সহজে দিতে চায় না। মামা নামজাদা ডাক্তার। হিতাংশু এতদিন খ্যাতনামা ছাত্র ছিল, সম্প্রতি কি একটা সরকারী অফিনে ভাল চাকরী পেয়েছে। ইদানীং কি একটা সজ্যেরও অধিপতি। তাতে ডাক পড়েছে অভিনেতাদের। সেই আমন্ত্রণ নিষ্টেই হিতাংশু এসেছিল।

টুভিয়োতে এই সেদিন বইটা শেষ হয়েছে। মধ্য সাপ্তাহিক প্রোগ্রামে মঞ্চেও আজ আর নামতে হয়নি। দয়া ক'রে বন্ধু বান্ধব অনুপস্তি। প্রমোদটি বহুকাল পরে শ্রীলভার সঙ্গে আজ ভ্রমেছিল।

সেই সময় হিতাংশুর কার্ড নিয়ে এল বেয়ারা, বিশ্মিত হলুম। কেননা হিতাংশুব সঙ্গে যা আমাব সম্পর্ক তাতে কোন কারণেই এখানে আসবার ওর কথা নয়।

বলনুম 'শ্ৰীলতা, তুমি আডালে যাও।'

শ্রীলতাব তথন ঘোর লেগেছে, বলল, 'পর্দার ওপবে থাকাই আমার অভ্যাস, আভালে কেন যাব। আমাকে পর্দানদীন করতে চাও না কি শেষ পর্যন্ত। কবতো পরে কোবো। ভার আগে দেখি তোমাদেব ঝয়শুলকে।'

হিতাংশু ঘবে চুকেই এক পা পিছিয়ে গেল, ঘেন ভ্যানক একটা ধাবাপ জায়গায় চুকতে যাচ্ছিল। আমি উঠে এগিয়ে গেলাম, 'এসো হিতাংশু।' নিতান্ত ভদ্রতার ধাতিরেই হিতাংশু হয়তো নাকে কমাল চাপতে পাবল না, কিন্তু মুখটা ঈষং বাঁকিয়ে নিয়ে ফ্রক্ঞিত ক'য়ে বলল, 'আমি না হয় আবেক দিন আসব সোমনাথ দা।' হেসে বলল্ম, 'আবেকদিন তো-আসবেই। কিন্তু আজকের আসাটাকেই বা এমন বার্থ ক'য়ে দেবে কেন, বছবদশেক পবে দেখাটা যখন আল হয়েই গেল, তথন একটুনা হয় বসেই যাও।'

হাত ধরে টেনে আনলুম শ্রীলতার সামনের সোফায়, পবিচয় কবিয়ে দিয়ে বললুম 'ইনি শ্রীলতা। কমলাক্ষীব নাম ভূমিকায় দেশীয় অভিনেত্রীদের মধ্যে ইতি তৃতীয় স্থান দখল কবেছেন।'

হিতাংশু স্বল্ল একটু হাসল, ছোট্ট একটু নমস্বাব করল, তারপর আমার দিকে মুথ ফিবিয়ে বলল, 'বেশিক্ষণ বসবার আজ সময় নেই। আপুনি শনিবাব সাড়ে চয়টায় আমাদের সজে উপস্থিত থাকলে

উল্টোবথ

খুসি হব। এই নিন কার্ড, আমাদের সভ্যের নাম এবং উদ্দেশ্য নিশ্চয়ই শুনেছেন।' আমি মাধা নেডে বললুম, 'কিছুমাত্র না।'

হিতাংশু মুথ লাল ক'রে বলল 'কেন কাগজ কি আপনারা পড়েন না ?'

'মাঝে মাঝে পড়ি।'

'মাঝে মাঝে! দেশের সঙ্গে জীবনের সঙ্গে আপনাদের যোগ এত কম বলেই আমাদের শিল্প এমন পিছিয়ে পড়েছে। মহং জীবন নাহলে মহংশিল্প সৃষ্টি কি করে সম্ভব হবে।'

হেদে বললুম, 'তাতো বলতে পারি না হিতাংশু, কেবল এইটুকু জানি মদ যেদিন বেশি থেয়ে যাই দেদিনই পিতামহ ভীমেব ভূমিকায় জমাতে পারি বেশি।'

হিতাংশু হাসল, 'আজও আপনি একটু বেশি জমে বয়েছেন ব'লে মনে হচ্ছে, আচ্চা এ সম্বন্ধে আলোচনাটা প্রকাশ অধিবেশনই করা যাবে। দয়া করে যাবেন কিন্তু।'

হিতাংশু চলে গেলে শ্রীলতা বলল, 'তোমার ৠয়শৃঙ্গ নিশ্চয়ই আমার নামও শোনেনি, অভিনয়ও দেখেনি, না হ'লে তোমার চেয়ে নিমন্ত্রণটা আমারই বোধ হয় বেশি প্রাপ্য ছিল।'

বলপুম, 'বাঙলা দেশের কেবল অভিনেতাদেরই ওরা ভেকেছে।
নাটকটা বোধ হয় স্ত্রী ভূমিকা-বিজিত, তা ছাড়া আমার এই সামান্ত সম্মানে তুমি এত ঈর্ধা করছ কেন। তোমার গৌরবভাব বয়ে বয়ে আমি অকালে বৃদ্ধ হয়ে গেলাম আর আমার ফৌণতম গৌরব তোমার এমন অসহনীয় লাগছে ? আমি কি এতই পর ?'

শ্রীলতা মুখ বাঁকিয়ে বলল, 'ঢং কোরো না, তুমি কি সত্যিই যাবে না কি ওখানে ?'

আমি হাই তুলে তুড়ি দিয়ে বললুম 'রাম বলো।'

জ্বতা কেবল শ্রীলতার নিষেধই নয়। না যাওয়ার ব্যক্তিগত জ্বারও একটু কারণ ছিল।

বাপ মা অল্প বয়সেই মারা গিয়ে রক্ষা পেয়েছিলেন। সাত আট বছর বয়স থেকে মামা বাড়িতেই মায়য়। তথন তিনি কেবল প্র্যাকটিস স্থক ক'য়ছেন। বাড়িতে আমি অপ্রতিছন্দী, সন্থ বিবাহিত দম্পত্তির মনে তথনো বাৎসল্যের আবির্ভাব হয়নি। তবু তাঁদের মাঝখানে আমার ভূমিকাও নিতান্ত নগণ্য ছিল না। প্রণয় কলহে পরস্পরের মধ্যে যথন কথা বন্ধ থাকত আমাকে করতেন ট্রানস্মিটার। ওপর থেকে নিচে টুকরো টুকরো চিঠি নিয়ে যেতাম, নিভূল বিনিময় করতাম সাম্বেতিক শব্দগুলির সেই বয়দেই সিঁড়ি দিয়ে নামতে নামতে ভাজ করা রঙীণ কাগজের টুকরোগুলি দেখতাম খুলে। প্রথম ভাগ পড়া বিছেয় জড়ানো লেখার প্রায় কিছুই পড়ে উঠতে পারতাম না, কিন্তু ভার রঙটুকু তথন থেকেই যেন চোথে পড়তে স্থ্য ক'রেছিল।

তারপর হলো হিতাংশু, ও যত বাড়তে লাগল আমার মধ্যবর্তিতার প্রয়োজন কর্প্রের মত ক্ষয় হতে লাগল। তাও সইল কিন্তু একদিন মামী-মা আবিন্ধার করলেন আমি হিতাংশুকে দেখতে পারি না তাকে হিংলা করি, গলাটিপে তাকে মেরে ফেলতে চাই। ফলে সন্দেহ সতর্ক দৃষ্টির বেড়ায় ও রইল ঘেরা নিচের ঘর থেকে ওর দোতলার ঘরে আমার যাওয়ার অধিকার রইল না। কেননা চাকরদের দক্ষে

আমাকে একদিন বিজি থেতে দেখেছেন মামীমা। অতঃপর এক বাণ্ডিল বিজি আর একটি দেশলাই হিতাংগুর বইপত্তের মধ্যে ওঁজে দিয়ে এলাম। সে বিজির বাণ্ডিল মামীমার হাত থেকে মামার হাতে এসে পৌছল। নিঃশবে সহা করলাম তিরস্কার আর কাণ্মলা।

আর একদিন দেখা গেল হিতাশুর টেবিলের ওপর যে রামক্রঞ্থার বিবেকানন্দের ছোট ছোট ছুখানি ফটো রয়েছে বাঁধানো, তার পাশে একটি অনাবৃত ফরাসী অভিনেত্রীর প্রতিকৃতি। মৃত্ কাণমলা চটি জুতায় উত্তীর্ণ হোল, আমিও চললুম পালা দিয়ে।

তামাক থেকে মদে গিয়ে পৌছলাম, মদ থেকে মদীরাফীতে।
মামার কনিষ্ঠ কম্পাউগুাব বিঞ্বাব, প্রথম দীক্ষা দিলেন। আমিও
ছোট বছ অনেককেই দীক্ষিত কবলুম কিন্তু হিতাংশুকে ছুঁতে
পারলাম না, ও আমাকে উপদেশ দিল, অত্কম্পা করল, কিছুতেই
কাছে ঘেঁষল না।

মামীমা তারম্বরে বলতে লাগলেন, 'তাড়াও তাডাও, ও আমার সর্বনাশ করে তবে যাবে, এর পবেও যদি বেশি মায়া থাকে ভাগ্নের ওপর হোষ্টেল বোর্ডিংএ দাও কিন্তু আমার বাড়িতে আর নয়।' হোষ্টেল বোর্ডিংএও টিকতে পারলুম না। সেথানকার স্থপারিটেওেন্ট মামীমার চেয়েও বেশি পিওরিটান, মামাকে দিনের পর দিন রিপোর্ট করতে লাগলেন। মামা রেগে গিয়ে বললেন, 'তোমার ম্থ আর আমি দেখতে চাইনে। এক প্রসাও তোমাকে আর আমি দিতে পারব না।'

মৃথ আর দেখালাম না। বার হৃষেক আই-এ ফেল ক'রে তৃতীয়-বারের জন্ম বিরক্ত এবং নিরাসক্তভাবে বইপত্ত নাড়াচাডা স্থক

ক'রেছিলাম, দিলাম ছেড়ে। এক মার্চেট অফিসে চল্লিশ টাকার চাকরি জোগাড় করা গেল, তারপর চলল অবাধ স্বচ্ছন্দ জীবন্যাত্রা, চল্লিশ লক্ষ টাকাতেও অক্য কারো পক্ষে যা সম্ভব হোত না।

কিন্ত হিতাংশ্বর ওপর লোভ আমার রয়েই গেল। ক্লাদের পর ক্লাস ডিঙিয়ে ডিগ্রীর পর ডিগ্রী নিয়ে চলল। সহব ভরে ছড়িয়ে পড়ল ওর খ্যাতি। বিড়ি আর ফরাসী অভিনেত্রী ওকে ছুঁতেও পারল না।

দ্বীমে বাদে পথে পার্কে মাঝে মাঝে দেখা হোত ওর সঙ্গে। কথা বলতে বলতে চুপ ক'রে যেতাম, ওর চোখে অহ্নকম্পা আর কৌতুক। মুখে মোহমুদ্গারের শ্লোক। আমাকে হাসতে দেখে ও আরো গভীব হোত—কঠিন হয়ে উঠত। আর কিছুই ওকে স্পর্শ করতে পারত না, হিংসা নয়, বিদ্বেষ নয়, স্বেহ পর্যন্ত নয়।

সেই হিতাংশু আজ আমার বাডিতে নির্ভয়ে নি:সংশ্বাচে এসে হাজির হয়েছে। বাড়ি অবশ্য এখন আর আমার নয়, শ্রীলতার। কিন্তু দিয়েছি তো আমিই অবশ্য দেওয়ার ক্রতিথের চেয়ে ক্রতার্যতা বেশি। দিতে চেয়েছিল অনেকেই কিন্তু নিয়েছে শ্রলতা আমার কাছ থেকে।

হিতাংশুর আজ আর ভয় নেই, আমার সংস্পর্শে চরিত্র হারাবার আর আশঙ্কা নেই তার, আমাকে আজ সে উন্নীত করতে এসেছে জনসমাজের সঙ্গে—শিল্পী রসিক গুণীজনের সঙ্গে আমার পরিচয় আব প্রতিষ্ঠা সে আরো ব্যাপকতর ক'রে দেবে। কিন্তু যে আমার স্নেহকে পর্যন্ত ঘুণায় ফিরিয়ে দিল তার দাক্ষিণ্য আর শুভেচ্ছাকে আমি নিতে যাব কোন লক্ষায়।

শ্রীলতাকে বলনুম, 'রাজী আছি তোমাকে সাহায্য করতে'। হিতাংশুদের প্রকাশ্য অধিবেশনে গেলাম না, শ্রীলতার সঙ্গে গোপন অধিবেশনের আয়োজন চলতে লাগল।

দিন ক্ষেক বাদে চিঠি গেল হিতাংশুর নামে। শ্রীলতার প্যাডে শ্রীলতারই লতানো হাতের লেখায়। শারীরিক অস্কৃতার জন্ম হিতাংশুর দাদা যে যেতে পারেননি সেজন্ম শ্রীলতাই লজ্জিত হয়েছে বেশি। হিতাংশু তাতে যেন ক্ষুন না হয়। আমাদের দেশে ওই ধরণের সম্মেলনে শ্রীলতাদের উপস্থিত থাকবার ভাগ্য এখনো হয়নি। তার জন্ম প্রতীক্ষায় থাকতে হবে। কিন্তু তার আগে গভীর কুঠায় পরম সঙ্কোচে শ্রীলতা একটি প্রশ্ন করবার স্পর্ধা জানাচ্চে—তার আগে হিতাংশু কি অন্থাহ ক'রে আর একবার এখানে পদধূলি দিতে পারেন না, নিধারণের চেটা করা যায় না মহং জীবনের সঙ্গে মহং শিল্পের সভিয়কারের সম্পর্কটা কি শ

দিন কয়েক নীরবে কাটল। তারপর এক পোষ্টকার্ড এল হিতাংশুর। সে আসছে। সন্ধ্যায় নয়, সামনের ছুটির দিনে সকালে।

সময় নির্বাচনের মধ্যে সে দিনের কি একটু ইঙ্গিত যেন ছিল, শ্রীলভার মুথ ঈধং আরক্ত হয়ে উঠল দেখতে পেলাম।

সকালেই স্নান সারল শ্রীনতা। আঁচলের ফাঁকে ভেজা চুল ছড়িয়ে রইল পিঠের ওপরে। চাওড়া লাল পেড়ে সাধারণ শাড়ী মাত্র পরনে। সিঁথিতে সিঁত্রের রেখা পড়ল, কপালে ছোট ক'রে ফোঁটা। পায়ে আলতার ফীণ দাগ, যেন সকালের রোদে গলে গেছে, শিশিরে গেছে ধুয়ে।

উল্টোবন্ধ

বললুম, 'বড় বেশী বাডাবাডি হোল। একেবারে উর্কাশী থেকে গৃহলক্ষ্মী। আতিশয্টা অচিরাৎ ধবা পড়বে।'

শ্রীলতা বলল, 'তুমি চুপ করো।'

আমি চুপ করলুম—গ্রীলতাই কথা বলতে লাগল।

নমস্কার বিনিময়ের পর হিতাংশু বলল—সে দিন অমন ক'রে হঠাৎ চ'লে যাওয়ার জন্ম সে লজ্জিত। কিন্তু সত্যিই তার বড় তাড়া ছিল।

জীলতা সেদিনের কথা স্মরণ ক'রে লজ্জায় মূখ নামাল, কুণ্ডিতভাবে বলল—'তাডা না থাকলেও আপনাকে থাকতে বলবারসেদিন জোর ছিল না।'

আরক্ত মুখে হিতাংশ্ত বলন—'দে কথা থাক।'

(म कथा द्रहेल।

শ্রীলতা বলল—'এক কাপ চায়ে আপনি নিশ্চয়ই আপাত কববেন না।'

হিতাংশু ইতন্তত: ক'বে বলল—'থাপত্তির কি আছে। কিছ চা তো এইমাত্র থেয়ে এলাম।'

শ্রীলতা স্নিগ্ধ একটু হাসল—'তাতে কি হয়েছে। কেবল একট্ চা তো, ওটা থেয়ে স্বাই আদেন আবার এসেও স্বাহ খান।'

উংকর্ণ হয়ে উঠলুম। অন্যের বানানে। কথাই এতদিন ইলতাকে মৃধস্থ বলতে শুনেছি। কিন্তু নিজেও যে ও এমন বানিয়ে কথা বলতে পারে তাতো জানা ছিল না।

স্থাবেত টেতে ক'রে ছ্'কাপ চা নিমে এল শ্রীলতা। ফুটন্ত পদের মন্ত বড় নীল রঙের ছটি কাপ, ভেতরে তরল তামাটে রঙের পানীয়।

একটি কাপ আমার চেয়ারের হাতলে নামিয়ে রাখল শ্রীলতা।
বিতীয়টি নিজে তুলে দিল হিতাংগুর হাতে। সামাক্ত একট ছোঁয়াছুঁয়ি
হয়ে গেল। আর তাতেই শ্রীলতার দিঁথির দিঁন্দুর তার সমস্ত মৃধে
যেন ছডিয়ে পডল।

মনে মনে বললুম—'অপূর্ব। লজ্জার এমন অভিব্যক্তি কোন চতুর্দশী কিশোরীর পক্ষেও সম্ভব হোত না।' শিল্পে আতিশ্যাকে ক্ষমা করি, কেননা অপ্রত্যাশিতকে পাই।

আড চোবে তাকিয়ে দেখলুম সিঁন্দুর কেবল নিজের মৃথেই শ্রীলতা ছডায়নি, তার ছাপও ফেলেছে আরেকজনের ওপর।

হিতাংশু বলল—'বা বে, কেবল আমাদেরই দিলেন, আপনি নিলেন না চা।'

শ্ৰীলতা হেদে বলল—'না, আমি চায়েব তত ভক্ত নই।'

হিতাংশু বলল—'কেবল অন্তদের বুঝি ভক্ত বানাতে চান।'

এবাবো চমংক্রত হলুম। সেই জ্যামিতি আর জীবনচরিত পড়া মুখচোবা হিতাংশু কথায় এমন ব্যক্ষনা মাখাতে শিখল কবে। ভূলে গেলাম ব্যঞ্জনাটা চেষ্টা করে লাগাতে হয় না, একটা নিদিষ্ট বয়সে হাসিতে কথায় ওটা আপনিই এসে লাগে।

কথায় কথায় জিজ্ঞানা করলাম—'তারপর তোমাদের সম্মেলনের থবর কি হিতাংশু। সেদিন জমায়েংটা বেশ আশাসূত্রপ হয়েছিল তো ?'

হিতাংশু বলল—'হাা, কেন হবে না। চেষ্টার তো আমরা ক্রটি করিনে।'

উণ্টোরথ

হেসে বললুম—'চেষ্টার ক্রেটি না হলেই কি ফলটা দব সময় আশান্ত্রপ হয় ? তা হ'লে বল আশাটাই তোমাদের ফলের অন্ত্রপ। ফল দেবে দেটা ওঠে আর নামে।'

হিতাংশু বলল—'তা নয়। ফল আশাহুরূপ না হ'লেও আমরা হতাশ হইনে। সময়ের জন্ম আমরা অপেক্ষা ক'রতে পারি।'

হঠাৎ হিতাংশু শ্রীলতাকে জিজ্ঞেদ করল—'আপনি কি বলেন। ভাই কি উচিত নয় ?'

শ্রীলতা যেন একটু ঘাবড়ে গেল, বলল, 'নিশ্চয়ই, অপেক্ষাতো ক'রতেই হবে।'

হিতাংশু বলস—'না, শুধু অপেক্ষা করলেই চলবে না। কাজের মধ্য দিয়ে সময়কে এগিয়েও আনতে হবে। আমি ভেবেছি আমাদের পরের অধিবেশনে আপনাদেরও এরপব আমন্ত্রণের ব্যবস্থা করব।'

শীলতা সম্ভত হয়ে বলল—'না না, অত ব্যস্ত হবেন না। প্রথমেই অত তাডাতাতি করতে গেলে ফল হয়তো ধারাপ হবে।'

দেধলুম বিষয়গুলি শীলতার অভ্যন্ত অংশের বাইবে চলে যাচ্ছে। স্বতরাং আলোচনার মোড়টা ঘুরিয়ে দেওয়া দরকার।

বললুম—'কিন্তু দেখানে গিয়ে এরা করবে কি ?'

হিতাংশু বলল—'যোগ দেবেন আলোচনায়। সকলের কথা শুনবেন, বলবেন নিজেদের কথা।'

হেনে বললুম—'নিজেদের আবার কথা কি আছে। অল্যের কথা মৃথস্থ ক'বে কোন্ভিদতে কোন্কৌশলে শ্রোভাদেব শোনাতে হয় সে বিভা এরা তো যথাস্থানেই দেখিয়ে থাকে।'

এরকম বিশ্বাসঘাতকতার কথা ছিল না।

দেখলুম শ্রীলতার মৃথ লাল হয়ে উঠেছে, বলল—'আমরা কি কেবল অত্যের কথা মৃথস্থই বলি ?'

वनन्म-'यथन वरना ना, ज्यनहे विश्रात (क्न ।'

শ্রীলতা আরো চটে গেল, বলল—'হ্যা, বিপদ এডাবার জন্মই আমাদের দিয়ে কেবল ভোমরা মৃথস্থ কবাও তা জানি। কিন্তু এটা জেনো, মৃথস্থ করা কথা যথন স্বাইকে শোনাই তথন তা একান্ত আমারই কথা, আরু কারো নয়।'

হিতাংশু থানিকক্ষণ মৃগ্ধ হয়ে ওর দিকে তাকিয়ে বইল, তারপর মাধা নেডে বলল— 'ঠিক বলেছেন।'

জীবন আর শিল্পের আলোচনা সেদিন স্থগিত রইল। অত্যাত্য তু'
একটি কথাবার্তার পব হিতাংক উঠে গেলে শ্রীলতাকে বললুম—'শাপে
বর হোল। তোমাকে চটিয়ে দিয়ে ভালোই ক'রেছি। আসরটা প্রায় মিইয়ে এসেছিলে। গ্রম হয়ে ফের গ্রম ক'রে দিতে পেরেছ।
আর একট উফতার আশা রাথি।'

শ্রীলতা গম্ভীর মুখে বলল,—'না, এখন থাক।'

আরো ত্' একটা উপলক্ষে হিতাংশুকে চিঠি লিখতে হোল।
তারপর আর চিঠি লেখার দরকার হোল না। সে নিজেই বলল,
'যোগাযোগটি কেবল অন্থচানিক সভাসমিতিতে হবে না, তার জন্ত
আরও ঘনিষ্ঠভাবে এদের সঙ্গে এসে মিশতে হবে। আমাদের দেশের
এই সব শিল্পীদের চিস্তার জড়তা, অভ্যাসের কুশ্রীতা নইলে দূর হবে
না। আর জীবনকে সহজ হুন্দর নির্মল না করতে পাবলে শিল্পও
সার্থক হবে না, মহৎ হবে না'।

স্তরাং হিতাংশু আসতে লাগল, তার চিন্থাধারার সঙ্গে পরিচয়

করিয়ে দিতে লাগল শ্রীলতার। মনে মনে হাসলুম—এই তো চাই।
স্বীকার করলুম শ্রীলতার কৃতিত্বে। আমি যা পারিনি, তা সে
পেরেছে। কিন্তু এই কৃতিত্বেব ফলটা আমিও ভোগ কবব। মথাসাধ্য
স্থযোগ দিতে লাগলাম, শ্রীলতাকে সাহায্য করতে লাগলাম।
হিতাংশুর যথন আসবার কথা থাকে আমি তথন থাকি না। আশা
করি, না চটেও শ্রীলতা তথন আসর জমিয়ে রাখতে পারে। কোনদিন
এসে শুনি চলছে অভিনয় কলা সম্বন্ধে আলোচনা, কোনদিন বা
সাহিত্যের কোনদিন বা বাজনীতির। নানারক্ষের বইপত্র শ্রীলতার
টেবিলে জমতে থাকে, ভরতে থাকে শেলফের তাকগুলি। ইংরেজী
শিখবার আগ্রহ তার বিগুণ বেডে যায়।

রেডিও থামিয়ে হিতাংশুব অন্নরোধে মাঝে মাঝে গানও গায় প্রীগতা তার যে সব পুরোন গান রেকর্ড থেকে বেভিয়েয়তে, রেডিয়েয় থেকে সহরবাসীদের মুথে মুথে ফিরেছে সে সবেব পুনরার্ত্তির মধ্যে যেন নতুন হার নতুন বাঞ্জনা, নতুন প্রাণ এসে যোজিত হয়।

একেকবার সন্দিশ্ধ হয়ে তাকাই অভিনয়টা সত্তি কার সঙ্গে আরম্ভ করল শ্রীসতা। সহজে ধরা যায় না, সহজে ধবা দেয় না ওরা জাত অভিনেত্রী।

একেকবার ভাবি হিতাংশুকে এবার জিজ্ঞাদা করি আমাদেব সঙ্গে হিতাংশু যে এখন ঘনিষ্ঠ হয়ে উঠেছে তাতে আমার শুচিবায়গ্রন্থ মামা মামী কি ভাবছেন, বলছেনই বা কি। না তাঁরাও রাতারাতি সমাজ সংস্কারক হয়ে উঠলেন। কিন্তু চেপে যাই। আরো কিছুদিন অপেক্ষা করতে হবে। জিজ্ঞাদা করবার সময় তো আদছেই। বহু জিজ্ঞাদা যে ওর মনেও এদে ভিড় ক'রেছে তাও তো লক্ষা করছি।

কিন্ত শ্রীলভার হোল কি। কি পেল, কি এমন দেখল সে হিতাংশুর মধ্যে। অভিনয় নিয়ে এমন ক'রে মেতে উঠতে ওকে কখনো দেখিনি, আগল অভিনয়ে ওর অক্তমনস্কভা ধরা পড়ছে। ইডিয়োতে কাজ করতে করতে ওর চাঞ্চ্য মাঝে মাঝে ম্পুই হয়ে ওঠে।

একদিন জিজ্ঞাসা করলুম— 'সত্যি সত্যিই শেষে প্রেমে প'ড়ে যাবে না কি? ধবরদার, ধবরদার।' শ্রীলতাও হাসে, 'ঘাবড়িয়ো না। তেমন বুঝলে আগেই জানিয়ে রাধব। পড়বার সঙ্গে সঙ্গে ধ'রে তুলতে পারবে।'

বছর সাতেক যাবং শ্রীলভার সঙ্গে আমার পরিচয়। তুজনেই ত্'জনকে চিনি, কারো কাছেই নির্ভেজাল একনিষ্ঠতা আমরা প্রভ্যাশাও করিনে দাবীও করিনে। কিন্তু উন্টো দিক থেকে শ্রীলভা যেন দিনের পর দিন একনিষ্ঠই হয়ে উঠেছে। কি পেয়েছে সে হিভাংশুর মধ্যে? এতদিন শিল্পী-জীবনের সঙ্গে উচ্চুছালভার আর উচ্চুছালভার সঙ্গে জীবন-রহস্তের সম্বন্ধে যে অঙ্গালী তাতে তার কোন সংশ্ব ছিল না। আজ কি তার ধারণা বদলেছে, ক্ষচি বদলেছে? জীবনের সম্প্ত রস, সম্প্ত রহস্ত সে থ জতে চেষ্টা করছে বিশ্বানের মধ্যে চরিত্রবানের মধ্যে স্থ স্থাভাবিক জীবন খাপনের মধ্যে? আমি কি ঠ'কে যাচ্ছি? আমি কি প্রভারিত হচ্চি?

কিন্ত প্রতারণা ওরা করল না। বছর খানেক পরে হিতাংশু পরিষার ভাষায় বলল—শ্রীলভাকে দে বিয়ে করতে চায়। শ্রীলভার দিকে ভাকালুম। সে ভাড়াভাড়ি মুখ নামিয়ে নিল, ভাবলুম হয়ভো হালি গোপন ক'রে নিচ্ছে শ্রীলভা। হিতাংশুর ওপর দ্যা হোল। এবার ওকে রেহাই দেওয়া উচিত।

হেদে বলনুম—'কি বলছ হিতাংভ! চায়ের সঙ্গে তোমাব বউদি বোধহয় পরিহাদ ক'রে কিছু মিশিয়ে টিশিয়ে খাইয়েছেন ?'

শ্রীলতা চমকে উঠল, বলল,—'কক্ষণো নয়।'

এবাব আমার চমকাবার পালা।

তিক্ত হেদে বললুম—'মদেব কথা বলছিনা। তা ছাড়াও তো মেশাবার মত আরো অনেক নেশার জিনিষ তোমাদের আছে। কিন্তু দে নেশাও চিবস্থায়ী নয়, তাও একদিন ভাঙবে। তথন কি উপায় হবে তোমাব ? তথন কি উপায় হবে হিতাংশুর ?'

হিতাংভ বলল—'সে ভাবনা আমরাই ভাবব।'

বলনুম— 'চমংকার। কিন্তু সম্প্রতি বোধ হয় আবো কিছু তোমাকে ভাবতে হবে হিতাংশু। তোমার মা বাবার কথা, সমাজেব কথা, আত্মীয় স্বজনের কথা। গ

চাকা ঘুরেছে। মোহমুদগর আওডাবাব ভার এবার আমার ওপর।

হিতাংশু আন্তে আন্তে বলল—'তার আগেও আপনার কথাই আমার ভাবা উচিত ছিল। ভাবিনি যে তাও নয়।'

হেনে উঠলুম—'সত্যিনা কি ? ভেবে বৃঝি শেষ প্যন্ত এই ঠিক করলে ?

হিতাংশু বলল—'হাা। আপনাব ছেলে মেয়ে আছে, স্ত্রী আছে—'

বলনুম—'হুতবাং আমার এই বাডতি উপস্ত্রীকে নিয়ে যাওয়াব অধিকারও তোমাব আছে। চমৎকার যুক্তি। তোমাদের সঞ্চে

পার্থক্য আমাদের এই—আমরা ষ্থন বদমাস নির্ভেজাল বদমাস তথনো সমাজ সংস্কারের মুখোস আমরা প'রে থাকি না।'

হিতাংশু কিছুক্ষণ চুপ ক'রে থেকে বোধ হয় নিজেকে সংযত করে নিল, তারপর বলল—'আপনি হয়তো প্রকৃতিস্থ নেই।'

বললুম—'হয়তো তোমার চেয়ে অনেক বেশী প্রকৃতিস্থ আছি।'
শীগতা শাস্তভাবে আমার দিকে আন্তে আন্তে বলল 'তর্ক ক'রে
কিলাভ।'

জবাবে অনেক কথা এসেছিল, কিন্তু দে কথা তুলে লাভ নেই, তর্ক ক'রে লাভ নেই সত্যিই। একথা শ্রীলতাকে আজ মনে করিয়ে দিতে যাওয়া তুল যে আমিই তাকে প্রথম রাস্তা থেকে কুড়িয়ে এনেছিলাম, প্রতিষ্ঠিত ক'রে ছিলাম দশজনের মধ্যে। তার আজকের এই সমস্ত খ্যাতি সমস্ত প্রতিপত্তিব মূলে ছিলাম আমিই। একথা শ্রীলতাকে মনে করিয়ে দিয়ে লাভ নেই। সে কথা থাক। সেই উপকারের কথা না হয় না-ই তুললাম, তার চেয়েও কি বড় কিছু করিনি। এই দীর্ঘ সাত আট বছর ধ'রে তাকে কি একটুও ভালো-বাসিনি? সেই ভালোবাসায় সমাজের স্বীকৃতি অবশ্য ছিল না, ভবিশ্যৎকে মজবুত করবার জন্ম আইনের বাঁধন কিছু ছিল না, তা সত্তেও এই দীর্ঘ দিনের ঘনিষ্ঠতার কি কোন মূলাই নেই? এমন শান্ত নির্বিকারভাবে শ্রীলতা আজ বলতে পারল কোন লাভ নেই তর্ক ক'রে?

লাভ নেই তা ঠিকই। শ্রীলতা একাধিক কোম্পানীর দক্ষে আন্ধ চুক্তিবদ্ধ রয়েছে। তাতে বিচ্যাতি ঘটলে আইনগত নানা অম্ববিধা আছে; কিন্তু আমার সঙ্গে তাব এই অলিখিত চুক্তি নি:সংশয়ে সে ভাঙতে পারে। সমাঞ্জ কিংবা আইন তাকে স্পর্শ করবে না।

খবর পেয়ে মামা-মামী এলেন মোটরে। মামা বললেন, 'যদি একদিনের অন্ত আমার কাছে তুমি পেয়ে থাক ওকে ফেরাও।'

মামীমা হাসলেন, 'কাকে কি বলছ। ওই তো এসব ক'রেছে। ও তো এই চায়, এই চেয়েছিল।'

वनन्म, 'এই চেয়েছিলাম।'

'তাছাডা কি। ছেলেবেলা থেকে অফুক্ষণ তোমার তো এই চেষ্টাই ছিল। কিন্দে ওকে নষ্ট করবে। মনে নেই সেকথা? আজ পেরেছ। নিজের নাক কেটে পেরেছ আজ অল্যেব যাত্রা ভদ্ন করতে।'

হিতাংশুকে ফেরান গেল না। শ্রীলতাকেও না। সাধারণ সহজ ভাবে আমি ওদেব ফেবাতে চেষ্টাও করলুম না। শাসন তিবস্বারও নয়, অনুনয় বিনয়ও নয়। আমি ভেবে রেখেছি আমাব পদ্ধতি।
শ্রীলভাকে আমি হয়তো ফিরিয়ে নিতে পারব না, কিন্তু অভীতকে,
কুশ্রী কলকমলিন অভীতকে, প্রণয়-মধুব, বেদনাভারাতুর অভীতকে
বারংবার ওদের মধ্যে বয়ে নিয়ে বয়েতে পারব।

বিদায় দিলাম শ্রীলতাকে। বললুম, 'অভিনয়ের সময় অভিভাবক বা ব্যর্থপ্রেমিকের বেশে বহুবার তোমার নবপ্রণয়কে আশীর্বাদ ক'রেছি, অভিনন্দন জানিয়েছি। আজ আর তা করব না শ্রীলতা। আমি জানি আমার শুভেচ্ছা তোমার না হ'লেও চলবে।'

শ্ৰীলতা কথা বলল না, তুটো চোথ আত্তও ছলছল ক'রে উঠল।

কিন্তু এসৰ ব্যাপারে ওর অভ্যন্তভা ভো দীর্ঘকালের। হেসে বললুম 'যাও, এই মুহুর্তে নাট্যকার আমার মূথে কোন কথা বসিয়ে

দেন নি। আমার কিছু বলবারও নেই, করবারও নেই। অদ্র ভবিষ্যতের দিকে তাকিয়ে তাকিয়ে কেবল হাসতে হবে।

গ্রীলতা যেন একটু শিউরে উঠল। তারপর আত্তে আত্তে বলল, 'তা কেন, তোমার আরো অনেক করবার রইল।'

(इरम वनलूम, 'तरेनरे नाकि ।'

শীলতা আমার দিকে একবার তাকিয়েই চোধ নামাল। বলল, 'হাা, তুমি আমাকে সাহায্য কোবো।'

কি রকম করে উঠল মনের মধ্যে। কিছু বলতে পারলুম না। জানি আজ এই সাহায্যের অর্থটা কি। কিন্তু শ্রীলতার গলার ওই কম্পানটুকুর মধ্যে অর্থাতীও কি আর কিছুই নেই ?